মাওলানা আসেম উমর

সূচী

দাজ্জালের বিবরণ

দাজ্জালের বিষয়টি উম্মতে মুসলিমার মধ্যে কি পরিমাণ গুরুত্ব বহন করে, তা আপনি আন্দাজ করতে পারবেন যে, মুসলিম মায়েরা যখন তাদের সন্তানদেরকে ইসলামী আক্বীদা আর মৌলিক বিষয়গুলো শিখিয়ে থাকে, তখন দাজ্জাল বিষয়েও তারা নিয়মিত সন্তানদেরকে সতর্ক করতে থাকে। আপনি যখন ছোট্ট ছিলেন, তখনই আপনার মনে তারা দাজ্জালের ভয়াবহতাকে বসিয়ে দিয়েছিল। এটি হচ্ছে আসলে উম্মতে মুসলিমার শ্রদ্ধাশীল মায়েদের ঐ শিক্ষাদিক্ষা, যা সন্তানকে ইসলামী আক্বীদা থেকে সরে যেতে দেয়না। কিন্তু এখন হয়ত প্রেক্ষাপট পরিবর্তন হতে চলেছে। এখন "মুর্খসভ্যতা" এসে আজকালের মায়েদেরকে গুরুত্বপূর্ণ ঐ দায়িত্বটি থেকে অনেকাংশেই বিমুখ করে দিয়েছে। এটাও দাজ্জাল আত্মপ্রকাশের নিকটতম নিদর্শনাবলীর অন্যতম যে, তখন লোকেরা দাজ্জালের আলোচনাকে ভুলে যাবে। সুতরাং আপনি যদি নিজেকে এবং প্রিয় পরিবারটিকে দাজ্জালের ভয়ানক ফেতনা থেকে বাঁচানোর ইচ্ছা করে থাকেন, তবে ঘরোয়া পরিবেশে আপনি দাজ্জালের আলোচনা ও তার ফেতনার বর্ণনাকে ব্যাপকভাবে শুরু করুন। যাতে মুসলিম পরিবারে জন্ম নেয়া শিশুটি শৈশব থেকেই দাজ্জাল সম্পর্কে অবহিত হয়ে এসম্পর্কে কার্যকরী ব্যবস্থা গ্রহণ করতে পারে।

দাজ্জালের ব্যাপারে ইহুদীদের মতাদর্শ...

দাজ্জালের ব্যাপারে নবী করীম সা.এর হাদিসগুলো উল্লেখের পূর্বে সমিচীন মনে করছি যে, দাজ্জালের ব্যাপারে ইহুদী সম্প্রদায়ের ধারণা এবং তাদের বিকৃত কিতাবগুলোতে বর্ণিত ভবিষ্যদ্বানীগুলো উল্লেখ করা হোক। যাতে বুঝতে পারেন যে, বর্তমান সময়ে আমেরিকা এবং অন্যান্য কুফুরী শক্তিগুলো ইহুদীদের ইশারায় যা কিছু করছে, এর মূলে কি..!! দাজ্জালের ব্যাপারে ইহুদীদের মতাদর্শ হচ্ছে যে, সে ইহুদী জাতির বাদশা হবে। সে আত্মপ্রকাশ করে সমস্ত ইহুদীকে বাইতুল মাকদিসে (জেরুজালেমে) আবাদ করবে। বিশ্বজোড়ে ইহুদীশাসন প্রতিষ্ঠা করবে। ফলে ইহুদীদের নিরাপত্তার জন্য বিশ্বময় আর কোন শঙ্কা বাকী থাকবেনা। সকল প্রকার সন্ত্রাসবাদ (ইহুদীবিরোধী শক্তি)র সমাপ্তি ঘটবে। সর্বদিকে ন্যায়-নিষ্ঠা ও ইনসাফের জয়জয়কার হবে।

তাদের গ্রন্থে "ইযাখীল" অধ্যায়ে এসেছে :-

"হে ইহুদীদের মেয়ে! খুশিতে আনন্দে চিল্লাতে থাকো..!! হে জেরুজালেমের মেয়ে ! ভালো করে দেখো..!! তোমাদের বাদশা আসছে। সে ন্যায়পরায়ণ। গাধার উপর বা খচ্চর/গাধীর উপর আরোহন করে। "ইউফেরিয়াম" থেকে গাড়ী এবং জেরুজালেম থেকে ঘোড়া পৃথক করো..!! সকল প্রকার যুদ্ধের সমাপ্তি ঘটবে। সমুদ্র থেকে যমিন পর্যন্ত তার শাসন হবে। (যাকারিয়া-৯:৯-১০)

"এমনিভাবে ইসরাইলের সকল জাতিকে আমি সারাবিশ্ব থেকে একত্রিত করব। যেখানেই তারা অবস্থান করুক, আমি তাদেরকে তাদের ভূমিতে একত্রিত করবই। আমি ভূপৃষ্ঠে তাদেরকে ইসরায়েলের পাহাড়ের উপর একটি জাতির আকৃতি দেব, যেখানে কেবল একজন বাদশা-ই তাদেরকে শাসন করবে। (ইযাখীল-৩৭:২১-২২)

সাবেক মার্কিন প্রেসিডেন্ট "রিগান" ১৯৮৩ সালে "আমেরিকান-ইসরায়েল পাবলিক কমিটি (AIPAC)"এর টম ডাইনের সাথে আলাপকালে বলেছিল- "আপনি কি জানেন যে, আমি আপনার পুরাতন নবীদের কথাকে বিশ্বাস করি, যেগুলি প্রাচীন বইপুস্তকসমূহে লিপিবদ্ধ রয়েছে। এছাড়া "আরমিগডান" (তেলআবিব থেকে ৫৫ কিঃ মিঃ ব্যবধানে অবস্থিত একটি এলাকা)র ব্যাপারে বর্ণিত ধারাবাহিক ভবিষ্যদ্বানী এবং নিদর্শনসমূহও ঐ সকল পুস্তকে বিদ্যমান রয়েছে। আমি একটা কথা ভেবে আশ্চর্য হই যে, আমরাই কি তাহলে ঐ জাতি, যারা নিকটভবিষ্যতের ভয়ানক পরিস্থিতি দেখার জন্য জীবিত আছি। অবশ্যই মনে রাখবেন

যে, (ভবিষ্যদ্বানীগুলো) বর্তমান যমানাকেই বর্ণনা করছে, যার মধ্যদিয়ে আমরা অতিক্রম করছি।"

রিগান "মুবাশশির চার্চ" এর "জেম বেকার"এর সাথে ১৯৮১ সালে আলোচনাকালে বলেছিলেন- "আপনি একটু চিন্তা করেন যে, কমছেকম বিশ কোটি সৈনিক প্রাচ্যের দেশগুলো থেকে তৈরী হবে। অপরদিকে কোটি কোটি সৈনিক পাশ্চাত্য থেকেও আসবে। অতপর পশ্চিম ইউরোপে ঈসা মাছীহ (অর্থাৎ দাজ্জাল) তাদের উপর আক্রমণ করে বসবে, যারা জেরুজালেমকে দখল করে নিয়েছিল। অতপর সে ঐ সৈন্যদলের উপর আক্রমণ করবে, যারা আরমিগডানের উপত্যকায় এসে একত্রিত হবে। এতে কোন সন্দেহ নেই- জেরুজালেমে এত রক্ত প্রবাহিত হবে যে, ঘোড়ার বাগ পর্যন্ত রক্তের বন্যা বয়ে যাবে। ঐ সকল এলাকা জঙ্গি সরাঞ্জামাদী, জানোয়ার এবং মানুষের জিন্দা লাশ আর রক্তের মাধ্যমে ভরে যাবে। "

"পল ফিন্ড লে" বলেন- "একটি কথা বুঝে আসেনা যে, একজন মানুষের উপর এমন অমানবিক কাজ কিভাবে কল্পণা করা যেতে পারে। কিন্তু ঐদিন প্রভূ মানুষত্ব চাহিদাকে অনুমতি দিয়ে দেবেন যে, যেভাবে মনচায়- সেভাবেই তুমি তোমার প্রকৃত চেহারাকে প্রকাশ কর। পৃথিবীর বড় বড় শহর- লন্ডন, প্যারিস, টোকিও, নিউইয়র্ক, লস এ্যাঞ্জেলস, শিকাগো- সব মাটির সাথে মিশে যাবে।"

"পৃথিবীর ভাগ্য পরিবর্তনের নাম নিয়ে মাছীহে দাজ্জালের (খোদায়ী) ঘোষনাটি একটি মহা আন্তর্জাতিক কনফারেন্স থেকে প্রকাশ করা হবে, যা স্যাটেলাইট টিভি চ্যানেলের মাধ্যমে সারাবিশ্বে একযুগে সম্প্রচার করা হবে।" (টিভি সাক্ষাতকারের একপর্যায়ে হিল্টন হিস্টন)

"পবিত্র ভূমিতে (জেরুজালেমে) ইহুদীদের প্রত্যাবর্তনের প্রেক্ষিতে আমি মনি করে যে, মাছীহ দাজ্জালের আগমনী সময় ঘনিয়ে এসেছে, যেখানে সম্পূর্ণ মানবতা একটি দৃষ্টান্তমূলক সামাজিক অবস্থানের মাধ্যমে আলোকিত হয়ে উঠবে। (সাবেক সিনেটর "মার্ক হিট ফিল্ড")

Forcing god's hand এর লেখিকা "গ্রিস হল সিল" বলেন- "আমাদের গাইড (ব্যক্তি) সবুজ গম্বুজ(Tomb stone)এবং মসজিদে আকসার দিকে ইশারা করে বলেন যে, আমরা আমাদের তৃতীয় আকৃতিটি সেখানে তৈরী করব। তা নির্মাণের জন্য আমাদের সকল প্রস্তুতি সম্পন্ন রয়েছে। নির্মাণমূলক সরাঞ্জামাদী পর্যন্ত এসে গেছে। এগুলোকে একটি গোপনীয় স্থানে রাখা হয়েছে। ইসরায়েলের অনেক দোকানেও এই আকৃতিকে কেন্দ্র করে অনেক বিরল প্রকৃতির বস্তু তৈরী করা হচ্ছে। একজন ইসরাইলী খাটি রেশমী কাপড় দিয়ে এক ধরনের কাপড় বুনা শুরু করেছে, যা দিয়ে ইহুদী পাদ্রীদের জন্য বিশেষ ধরনের এক পোশাক তৈরী করা হবে (হতে পারে- এটা হচ্ছে ঐ تيجان বা سيجان চাদর, যাকে হাদিসে দাজ্জালের পেছনে থাকা ইহুদীদের পোশাক বলা হয়েছে) অতপর গ্রিস হিলের ভাষ্য- "আমাদের গাইড বলেন- আর এটাও ঠিক যে, আমরা সর্বশেষ সময়ের কাছাকাছি এসে পৌছে গেছি। যেমনটি আমি বলেছিলাম যে, কট্টরপন্থী ইহুদীরা মসজিদে আকসাকে বোমা মেরে উড়িয়ে দেবে, যা দেখে মুসলিম বিশ্ব ভড়কে উঠবে। এখানে ইসরাইলের সাথে একটি পবিত্র যুদ্ধ হবে। ব্যাপারটি মাছীহ দাজ্জালকে বাধ্য করবে তাদের মাঝে এসে হস্তক্ষেপ করতে।"

বর্তমান মসজিদে আকসা তথা বাইতুল মাকদিস

ইহুদীদের পরিকল্পিত সুলেমানী আকৃতি, মসজিদে আকসাকে শহীদ করে সুলেমানী আকিৃতি নির্মাণের সকল প্রস্তুতি সম্পন্ন

১৯৯৮ এর শেষের দিকে একজন ইসরাইলীকে প্রসিদ্ধ একটি খবরের ওয়েবসাইটে দেখানো হয়। যেখানে বলা হয় যে, তাদের উদ্দেশ্য হচ্ছে মুসলমানদের উপাসনালয়গুলোকে মুক্ত করা এবং এরস্থলে বিভিন্ন আকৃতি নির্মাণ করা। খবরে বলা হয়- উক্ত আকৃতি নির্মাণের যথোচিত সময় এসে গেছে। সংবাদে ইসরায়েলী সরকারের কাছে আবেদন করা হয় যে, ইসলামী দখলদারিত্বকে মসজিদের স্থানগুলো থেকে পৃথক করা হোক। কেননা, তৃতীয় আকৃতি নির্মাণের সময় অতি নিকটে এসে গেছে। (Forcing god's hand এর অনুবাদ থেকে সংগৃহীত)

"আমি ইসরায়েলের লেন্ডা ও ব্রাউন (দু'জন ইহুদী)র ঘরে অবস্থান করেছি। একদিন সন্ধায় আলাপকালে আমি বললাম যে, উপাসনাগার নির্মাণ করতে গিয়ে মসজিদে আকসাকে ধ্বংস করার প্রেক্ষিতে এক ভয়ানক মহাযুদ্ধের সূত্রপাত পারে। তখন ঐ ইহুদী তৎক্ষনাৎ বলতে লাগল- "ঠিক সেটাই..!! এমন যুদ্ধের সূত্রপাত হউক, এটাইতো আমরা চাই..!! কেননা, আমরা সে যুদ্ধে বিজয়ী হব। অতপর সমস্ত আরবকে আমরা

ইসরায়েলী ভূখন্ড থেকে বহিস্কার করে দেব। এরপর আমরা পূণরায় আমাদের উপাসনাগারকে নতুনভাবে নির্মাণ করব। (خوفناك جديد صليبي جنگ)

ফুরাত নদী শুকিয়ে যাবে

(book of revelation)এর ষোলতম অধ্যায়ে এসেছে যে, ফুরাত নদী শুকিয়ে যাবে। আর এভাবে প্রাচ্যের বাদশাদের জন্য সেটা পার হয়ে ইসরায়েল পৌঁছার সুযোগ হয়ে যাবে।

প্রসিদ্ধ মার্কিন প্রেসিডেন্ট "নিক্সন" (Victory without war) গ্রন্থে লেখেন যে, ১৯৯৯ সালের মধ্যে আমেরিকা সারাবিশ্বের শাসনকর্তা হবে। আমেরিকার এ মহাবিজয় কোনপ্রকার যুদ্ধ ছাড়াই অর্জিত হবে। অতপর অবশিষ্ট রাষ্ট্রীয় কাজগুলি মাছীহ (দাজ্জাল) এসে সামলে নেবেন। মনে হয়- উপরোক্ত সালটি পর্যন্ত মাছীহ আগমনের সকল প্রস্তুতি সম্পন্ন হয়ে যাবে। মার্কিনীদের দায়িত্ব হচ্ছে শুধু ঐ সকল ব্যবস্থাপনা সম্পন্ন করা। এরপর বাকী রাষ্ট্রীয় ব্যবস্থাপনা মাছীহ নিজে চালাবেন।

"লাখো খৃষ্টান মৌলবাদীদের ধারণা যে, খোদা আর ইবলিসের মধ্যকার সর্বশেষ যুদ্ধটি তাদের জীবদ্দশাতেই শুরু হয়ে যাবে। যদিও তাদের অধিকাংশের দাবী যে, ঐ সকল যুদ্ধ শুরু হওয়ার পূর্বেই তাদেরকে উঠিয়ে বেহেশতে পৌছে দেয়া হবে। তারপরও তারা এ সম্ভাবনার দরুণ সন্তুষ্ট নয় যে, একজন খৃষ্টান হওয়া সত্তেও তাদেরকে এমন এক সরকারের হাতে নিরস্ত্র করে দেয়া হবে, যা শত্রুদের হাতেও চলে যেতে পারে। এই মতাদর্শের প্রেক্ষিতে স্পষ্ট হয়ে উঠে যে, খৃষ্টান মৌলবাদীরা তাদের সেন্যবাহিনী প্রতিরক্ষার বিষয়টি এত গুরুত্বের চোখে কেন দেখে থাকে। তারা স্বীয় মতাদর্শানুযায়ী দু'টি উদ্দেশ্য সফল করতে চায়। এক- আমেরিকাকে স্বীয় ঐতিহাসিক প্রেক্ষাপটের অন্তর্ভূক্ত করে দেয়া। দুই- নিজেদেরকে আগত ভয়ানক যুদ্ধের জন্য প্রস্তুত করে তুলা, যার ভবিষ্যদ্বানী বিভিন্ন কিতাবে বর্ণিত হয়েছে। এর মাধ্যমে আন্দাজ করা যায় যে, বাইবেলে বিশ্বাসী লাখো খৃষ্টান নিজেকে এত কঠোরভাবে দাউদী (Davidians)তথা টেকসাসের প্রাচীন বাসিন্দাদের সাথে কেন জড়িয়ে থাকে।

"ডেমন থমাস"এর লেখা The end of time: Faith and Fear with shadows of millennium এ লেখেন- "আরববিশ্ব হচ্ছে যিশুখৃষ্টের সাথে শত্রুতাপোষনকারী একটি বিশ্ব। তাহলে কি এটাই সর্বশেষ শতাব্দী ?? - is this the Last century ??

কোন একজন মুক্তিদাতার অপেক্ষায় খৃষ্টানরা প্রহর গুণছে। ইহুদীরা ব্যাপারটি নিয়ে শঙ্কিত রয়েছে। ইসরায়েল প্রতিষ্ঠা (১৯৪৮) এবং বাইতুল মাকদিস দখলের (১৯৬৭) পূর্বে তারা প্রার্থণা করত- হে খোদা! এই বৎসর জেরুজালেমে...!! আর এখন তারা প্রার্থণা করে- হে খোদা! আমাদের মাছীহ দ্রুত এসে পড়ুক...!!

মোটকথা, যেসকল ভবিষ্যদ্বানী ঈসা বিন মারয়াম আ.এর ব্যাপারে এসেছে, ইহুদীরা এগুলোকে দাজ্জালের জন্য সাব্যস্ত করার চেষ্টা করে। এক্ষেত্রে তারা খৃষ্টানদেরকেও একথা বলে ধোকায় ফেলে রেখেছে যে, আমরা প্রতিশ্রুত মাছীহের অপেক্ষা করছি। আর মুসলমান হচ্ছে Anti Christ তথা মাছীহ বিরোধী। অথচ বাস্তবতা এর বিপরীত। মুসলমান আর খৃষ্টানরা হযরত ঈসা বিন মারয়াম আ.এর আগমনের অপেক্ষা করছে। আর ইহুদীরা যার অপেক্ষা করছে, সে হচ্ছে মাছীহ দাজ্জাল, যাকে ঈসা বিন মারয়াম আ. এসে হত্যা করবেন। সুতরাং খৃষ্টধর্মাবলম্বীদের উচিত; প্রকৃত বাস্তবতা উপলব্ধি করে এই মুহূর্তে মুসলমানদেরকে সহযোগীতা করা। কারণ, ইহুদীরা হচ্ছে তাদের পুরাতন শত্রু।

নবী দাবীকারী মিথ্যুক জর্জ বুশ...

এখানে ঈমানদারদের খেদমতে আমি আল্লাহর শত্রুদের পরিকল্পনাগুলো উল্লেখ করছি। যাতে করে বুঝে আসে যে, যে যুদ্ধকে আমরা কোন পাত্তাই দিচ্ছিনা। যাকে রাজনৈতিক হাঙ্গামা বলে নিজেদের আঁচলকে

চার দেয়ালের ভেতরে গুম করে রেখেছি, সেটিকে বিশ্ব কুফুরীশক্তি কোন দৃষ্টিতে দেখছে। সাবেক মার্কিন প্রেসিডেন্ট ইরাক হামলার পূর্বে বলেছিল- "এ যুদ্ধের পর তাদের অপেক্ষমাণ মাছীহ (দাজ্জাল) এর আগমণ ঘটবে।" এ ঘোষনার পর বুশ ইসরায়েল সফরে এসেছিলেন। "মস্কো টাইমস" এর রিপোর্ট অনুযায়ী সফরকালীন এক বৈঠকে (যেখানে সাবেক ফিলিস্তিনী প্রেসিডেন্ট মাহমুদ আব্বাস ও হামাসের লিডার পর্যন্ত বিদ্যমান ছিলেন) মাহমূদ আব্বাসের ভাষ্য অনুযায়ী বুশ দাবী করেন :-

(১) আমার বর্তমান আগ্রাসনের জন্য আমি প্রভূর কাছ থেকে শক্তি অর্জন করেছি।

(২) প্রভূ আমাকে আদেশ করেছেন যে, "আলকায়েদা"র উপর আঘাত কর। তাই আমি আলকায়েদার উপর আগ্রাসন চালাচ্ছি। প্রভূ এ-ও আদেশ করেছেন যে, সাদ্দাম হুসেনের উপর আঘাত কর। তার বিরুদ্ধেও আগ্রাসন চালিয়েছি। এখন আমার মনযোগ হচ্ছে- মধ্যপ্রাচ্য ইস্যুটির স্থায়ী সমাধান করে দেয়া। যদি তোমরা (ইহুদীরা) আমাকে সাহায্য কর, তবে আমি আগ্রাসন চালাব। অন্যথায় সামনের নির্বাচনের দিকে মনযোগী হব।

বুশের এ বিবৃতি প্রতিটি ঈমানদারের চোখ খুলে দেয়ার জন্য যথেষ্ট। বুশ তার অধিকাংশ বক্তব্যের সময় নবী হওয়ার বিষয়টিকে তুলে ধরে। সে প্রায়ই বলে- I am messenger of god অর্থাৎ আমি প্রভূর প্রেরিত নবী। বুশের প্রভূ হয়ত ইবলিস, না হয় দাজ্জাল, যে নিয়মিতভাবে তাকে হেদায়েত দিয়ে থাকে। কোরআনে কারীমে বলা আছে- وإن الشياطين ليوحون إلى أولياءهم "নিশ্চয় ইবলিস-শয়তানেরা তাদের মানুষ বন্ধুদেরকে আদেশ করে থাকে।" সুতরাং বুশ হচ্ছে বর্তমান দুনিয়ার সবচে' বড় মিথ্যুক।

"ফ্রিথড টুড" এর ম্যানেজারের দাবী- প্রেসিডেন্ট বুশের মত ধর্মীয় প্রেসিডেন্ট ইতিপূর্বে আমি লক্ষ করেনি। সে রীতিমতো একটি ধর্মীয় দৃষ্টিভঙ্গিতে কাজ করে যাচ্ছে। সুতরাং আপনি ধর্মকে সামরিক বিষয় থেকে পৃথক করতে পারবেননা।

সমালোচকগণ যখন বুশের উপর একথা বলে তীর নিক্ষেপ করতে লাগল যে, আপনি এ যুদ্ধে প্রভূকে কেন মাঝখানে দাড় করাচ্ছেন ..?? তখন বুশ বলেছিল- God is not neutral in this war on terrorism "সন্ত্রাসবাদের এ যুদ্ধে প্রভূ নিরপেক্ষ নয়"

"ডিয়োট ফার্ম" স্বীয় গ্রন্থ (The Right Man)এ লেখেন- "জর্জ বুশ সাম্প্রতিক যুদ্ধটিকে ক্রোসেড যুদ্ধে রূপান্তরিত করেছেন।"

বুশের এ মানসিকতা নাইন-ইলেভেনের পর থেকে নয়; বরং প্রথম থেকেই বুশ একজন ধর্মীয় পাগল। যখন সে টেকসাসের গভর্ণর ছিল, তখন সে বলেছিল- "যদি আমি তকদীরে বিশ্বাস না করতাম, যা প্রতিটি মানুষের পিছু লেগে রয়েছে, তবে আমি কখনো গভর্ণর হতে পারতাম না।"

বুশের ব্যাপারে গবেষনাকারী ব্যক্তিবর্গের দাবী- তার প্রতিটি বর্ণনা এবং প্রতিটি ইন্টারভিউ থেকে পরিস্কার বুঝা যায় যে, সে নিজেকে ম্যাসেন্টিক মিশনের উপর (দাজ্জালী মিশন) আছে বলে মনে করে। উল্লেখ্য যে- খৃষ্টানরা ঈসা আ.এর অপেক্ষায় রয়েছে। আর ইহুদীরা "মাছীহা" (Messiah)তথা দাজ্জালের অপেক্ষায় রয়েছে। সুতরাং বুশ-ও ইহুদীদের গোলামী করতে যেয়ে বক্তব্যের মাঝে "খৃষ্ট মিশন" (Jesus/Christ Mission)শব্দ ব্যবহারের পরিবর্তে "মাছীহী মিশন" (Messianic Mission) শব্দ ব্যবহার করে থাকে। শব্দের সাত-পাঁচ পরিবর্তন করে সমস্ত খৃষ্টানদেরকে সে ধোকায় ফেলে রেখেছে।

হাদিসে নববীর আলোকে দাজ্জালের ফেতনা...

দাজ্জালের ফেতনার ভয়াবহতাকে আপনি একথার মাধ্যমে আন্দাজ করতে পারবেন যে, স্বয়ং নবীজী

সা. পর্যন্ত তার ফেতনা থেকে আল্লাহর কাছে আশ্রয় প্রার্থণা করতেন। নবী করীম সা. যখন সাহাবায়ে কেরামের সামনে দাজ্জালের ফেতনার ভয়াবহতার বিবরণ পেশ করতেন, তখন তাদের চেহারায় আতঙ্কের নিদর্শন ফুটে উঠত। দিগ্বীজয়ী বীরত্বের শ্রেষ্ঠ উপমা সাহাবায়ে কেরামকে কোন বিষয়টি সবচে বেশি ভয়ে ফেলে দিয়েছিল..?? ভয়াবহ যুদ্ধ নাকি ভয়ানক মৃত্যু..?? না...!! এসকল বিষয়কে তো সাহাবায়ে কেরাম কখনো ভয় পাওয়ার কথা নয়। বরং সাহাবায়ে কেরাম যে বিষয়টিকে ভয় পাচ্ছিলেন, সেটি হচ্ছে দাজ্জালের ধোকা ও প্রতারণা। সে এতই ভয়ানক হবে- তখনকার পরিস্থিতি মানুষের বুঝে আসবেনা। কেননা, তখন নেতৃত্ব থাকবে পথভ্রষ্ট লোকদের হাতে। ফাসেক ও পাপিষ্ঠ নেতৃবর্গই জনগণকে দাজ্জালের অনুসরণ করতে বাধ্য করবে। পাশাপাশি সবচে' বড় অপপ্রচার তখন এই হবে যে, মুহুর্তের মধ্যে সত্যকে মিথ্যা আর মিথ্যাকে সত্য বানিয়ে পৃথিবীর প্রতিটি কোণায় কোণায় পৌছে দেয়া হবে। মানবতার মুক্তির দূতকে হিংস্র ও সন্ত্রাসী আর সন্ত্রাসীকে মানবতার মুক্তির দূত হিসেবে তুলে ধরা হবে।

এ কারণেই নবী করীম সা. দাজ্জালের ফেতনাটিকে খুলে খুলে বর্ণনা করেছেন। তার আকার-আকৃতি, প্রকাশস্থল, পৃথিবীতে তার অবস্থান, তার মৃত্যু ও হত্যাকারী এমনকি নিহতের স্থানটি পর্যন্ত বলে গেছেন। কিন্তু ..!! উম্মতে মুসলিমা আজ অলসতার গভীর সমুদ্রে নিমজ্জিত- জনগণ তো জনগণই- আজকাল শিক্ষিত ব্যক্তিবর্গ পর্যন্ত তার আলোচনাটি সম্পূর্ণরূপে ছেড়ে দিয়েছে। অথচ নবী করীম সা. বারবার সাহাবাদের কাছে বর্ণনা করতেন আর বলতেন- আমি তোমাদেরকে বারবার এজন্য বলছি, যাতে তোমরা বিষয়টিকে ভুলে না যাও। কথাগুলো ভাল করে বুঝ..! চিন্তা-গবেষনা কর..! এবং অন্যদেরকে এসম্পর্কে অবহিত কর..!!

দাজ্জালের পূর্বে বিশ্বপরিস্থিতি...

عن أنس بن مالك رضي الله عنه قال: قال رسول الله صلى الله عليه وسلم: إن أمام الدجال سنين خداعة ، يكذب فيها الصادق ويصدق فيها الكاذب ويؤتمن فيها الخائن ويخون فيها الأمين ، ويتكلم الرويبضة من الناس ، قيل: وما الرويبضة ؟؟ قال: الفويسق يتكلم في أمر العامة.(مسند أحمد:1332 ، مسند أبي يعلى:3715 ، السنن الواردة في الفتن)

অনুবাদ- আনাছ বিন মালেক রা. হতে বর্ণিত, নবী করীম সা. বলেন- নিশ্চয় দাজ্জাল প্রকাশের পূর্বে কয়েকটি ধোকার বৎসর হবে। সত্যকে মিথ্যা আর মিথ্যাকে সত্য বানানো হবে। বিশ্বাসঘতককে বিশ্বস্ত আর বিশ্বস্তকে বিশ্বাসঘাতক মনে করা হবে। তখন رويبضة মানুষের মধ্যে কথা বলবে। সাহাবায়ে কেরাম জিজ্ঞাস করলেন- رويبضة কে ? উত্তরে বললেন- পাপিষ্ঠরা জনগণের (কল্যাণের) ব্যাপারে কথা বলবে।

ফায়দা- হাদিসটি বর্তমান যুগের দিকে কতইনা পরিস্কারভাবে ইঙ্গিত করে চলেছে। যেখানে সুপ্রসিদ্ধ "সুশীল সমাজ" থেকে আসা একটি মিথ্যা বিবৃতিকে আজকের শিক্ষিত ব্যক্তিবর্গ বিনাদ্বিধায় সত্য বলে মেনে নিচ্ছে। যদি এই মিথ্যাগুলো নিয়ে কোন বইপুস্তক লেখা হয়, তবে মনে হয় লেখক সেটির ব্যাখ্যা আমরণ লিখতে থাকবে, কিন্তু তাদের মিথ্যার তালিকাটি হয়ত শেষ হবেনা। পক্ষান্তরে কত বাস্তব ও সত্য বিষয়, যার উপর পশ্চিমা "স্বাধীনচেতা মিডিয়া" স্বীয় ধোকা ও প্রতারণার আশ্রয় নিয়ে এমন বাঁধন এটে দিয়েছে যে, সারাজীবনভর-ও যদি কেউ সে বাঁধন খুলার চেষ্টা করে, খুলতে সক্ষম হবেনা।

((আজকাল তো টেলিভিশনের সামনে বসলে কত হাজারো চ্যানেলের দেখা পাওয়া যায়, প্রত্যেক ধনাঢ্য ব্যক্তিই নিজের নামে চ্যানেল খুলে বসে আছে। তার নিজস্ব চিন্তাধারানুযায়ী ভাল খারাপ সব তাতে প্রচার করে চলেছে। রাতে টিভির সামনে বসলে আপনি দেখবেন যে, বিভিন্ন সংবাদের পর অনেক চিন্তাবীদ, গবেষক, রাজনীতিবীদ, প্রকৌশলী, প্রসিদ্ধ সাংবাদিক, সিনেমার তারকা, বড় ব্যবসায়ী ও জনপ্রিয় ব্যক্তিদের দাওয়াত করে তাদের মতামতগুলো পেশ করা হয়। তাদের মতামতগুলো শুনলে আপনার মনে হবে যে, সেই মনে হয় বিশ্বের প্রধান শাসক। সর্ববিষয়ে কথা বলতে শুরু করেছে। দেশের পরিস্থিতি কি রকম এবং

কোনদিকে যাওয়া উচিত, সরকারের অমুক কাজটি ঠিক আর অমুক কাজটি ভুল, বিরোধীদলকে এথেকে শিক্ষাগ্রহণ করতে হবে, বাজারে দ্রব্যমূল্যের উর্ধ্বগতি এভাবে নিয়ন্ত্রণ করতে হবে ইত্যাদি। এমনকি সে বিশ্বপরিস্থিতি নিয়েও কথা বলতে শুরু করে- আমেরিকা এখন ঐ পলিসি গ্রহণ করছে, মধ্যপ্রাচ্য সমস্যার সমাধার সম্ভব কি না, মিসর-তিউনিশিয়া-ইয়েমেনের রাজনৈতিক পরিস্থিতি অবনতি, এহেন পরিস্থিতিতে কি কি করণীয় ইত্যাদি সর্বপ্রকার বিষয়ে আপনি তাদেরকে মত প্রকাশ করতে দেখবেন। অথচ তারা যদি সিনেমার তারকা হয়ে থাকে, তবে কত কোটি টাকা তারা পাপকাজে লিপ্ত করেছে। অশ্লীলতা আর বেহায়াপনাকে সমাজে ছড়িয়ে দিয়ে কত যুবক-যুবতীর জীবনকে তারা নষ্ট করেছে। তারা যদি ব্যবসায়ী হয়ে থাকে, তবে সুদী কারবারে লিপ্ত হয়ে কত দরিদ্রের পেটে লাথি মেরে আল্লাহর বিরুদ্ধে নিয়মিত যুদ্ধের ঘোষনা করে চলেছে। তারা যদি প্রকৌশলী, জজ বা উকিল হয়ে থাকে, তবে পয়সা উপার্জনের আশায় কত সত্যকে মিথ্যা আর মিথ্যাকে সত্য বানিয়েছে, কত বিশ্বস্তকে বিশ্বাসঘাতক আর বিশ্বাসঘাতককে বিশ্বস্ত বলে জনগণের সামনে পেশ করেছে। এভাবে বলতে থাকুন.....!!!!

সুতরাং এখন থেকেই সতর্ক হয়ে যান- এগুলো কিসের নিদর্শন ??!! এ সকল বিষয় কার আগমনকে ঘনিয়ে তুলছে ??!! এখনই চিন্তা করুন.. নাহয় পরবর্তীতে আর চিন্তা করার সময়ও পাবেননা। (আল্লাহ আমাদের সঠিক বুঝ দান করুন)- মুতারজিম))

عن عمير بن هانئ قال: قال رسول الله صلى الله عليه وسلم: إذا صار الناس إلى فسطاطين ، فسطاط إيمان لا نفاق فيه ، وفسطاط نفاق لا إيمان فيه ، فإذا كان ذاكم فانتظروا الدجال من يومه أو من غده.(أبو داود،ج:4ص:94 ، المستدرك،ج:4ص:513، الفتن نعيم بن حماد) صححه الألباني في رواية أبي داود، وصححه الإمام الذهبي في رواية المستدرك

অনুবাদ- উমাইর বিন হানি রা হতে বর্ণিত, নবী করীম সা. এরশাদ করেন- যখন সমস্ত মানুষ দু'টি দলে বিভক্ত হয়ে যাবে। এক- ঈমানের দল, যেখানে কোন কপটতা নেই। দুই- মুনাফেকীর দল, যেখানে কোন ঈমান নেই। সুতরাং যখন তোমরা এমনটি লক্ষ করবে, তখন দাজ্জালের অপেক্ষা কর। ঐ দিন এসে পড়বে বা পরের দিন আসবে।

ফায়দা- আল্লাহ রাব্বুল আলামীনের হেকমত খুবই সূক্ষ্ম হয়ে থাকে। তিনি যাকে পছন্দ করেন, তার মাধ্যমেই খেদমত নিয়ে থাকেন। মুসলমান নিজেরা তো ইচ্ছা করলেই দু'টি দলে বিভক্ত হতে পারবেনা; বরং আল্লাহ তা'লা কাফের সরদারদের মাধ্যমে এ কাজটি সম্পন্ন করাবেন। ইহুদীদের হিতাকাঙ্খী প্রেসিডেন্ট বুশ স্বয়ং ঘোষনা করেছে যে, কে আমাদের সাথে থাকবে, আর কে ঈমানদারদের সাথে শামিল থাকবে। ইতিমধ্যেই বড় দু'টি সংখ্যা এতদ্দলদ্বয়ে শামিল হয়ে গেছে। অল্পকিছু এখনও বাকী আছে। কিন্তু আল্লাহ পাক এটিকেও সম্পন্ন করে ছাড়বেন, অবশ্যই সম্পন্ন করে ছাড়বেন। এখন সম্পূর্ণ স্পষ্ট হয়ে উঠবে যে, কে ঈমানদার, আর কার অন্তরে ঈমানদারদের চেয়ে আল্লাহর শত্রুদের প্রতি বেশি ভালবাসা লুকায়িত। সুতরাং প্রতিটি মুসলমানের এখনই চিন্তা করা উচিত- সে কোন দলে অবস্থান করছে। কোন দলের দিকে তার ভ্রমণ জারী রয়েছে। স্বীয় কথাবার্তা আর কার্যকলাপের মাধ্যম কোন দল শক্তি যুগাচ্ছে। এখানে নিরব নিস্তব্ধ দাড়িয়ে থাকার কোন সুযোগ নেই। নিশ্চুপ ব্যক্তিদের দিয়ে না ইবলিস ও তার জোটবদ্ধ সেনাদের কোন কাজ রয়েছে। আর না আল্লাহ তা'লা তাদের সমর্থনের প্রতি কোণরূপ মুকাপেক্ষী রয়েছেন। এটি হচ্ছে কুফুর-ইসলামের মধ্যকার সর্বশেষ যুদ্ধ। সুতরাং কোন একটি সাইড আপনাকে বেছে নিতেই হবে- ঈমানের দল, যেখানে কোন কুফুরী নেই। কুফুরী দল, যেখানে কোন ঈমান নেই। হয়ত সম্পূর্ণ আল্লাহকে সন্তুষ্ট করতে হবে, অন্যথায় কুফুরী শক্তির পা চেটে দিনাতিপাত করতে হবে।

এটা হচ্ছে ঐ মুহুর্ত, যেখানে প্রতিটি সদস্য, প্রতিটি সংগঠন এবং প্রতিটি দল ঠিক সেদিকেই ঝুকে পড়বে, যার সাথে তার ধ্যানধারণার মিল ও ভালবাসা হবে। কোরআনে কারীমে আল্লাহ তা'লা বলেন- أم حسب الذين في قلوبهم أن لن يخرج الله أضغانهم "যাদের অন্তরে হিংসা রয়েছে, তারা কি মনে করে বসেছে

যে, আল্লাহ তা'লা (তাদের অন্তরে লুকিয়ে থাকা) হিংসাটি প্রকাশ করে দেবেননা..??!! (বরং অবশ্যই আল্লাহ তা'লা তাদের হিংসা-বিদ্বেষকে ফাঁস করে ছাড়বেন)

প্রতিটি দেশে বিদ্যমান ইহুদীদের সহযোগীতায় চালিত সংগঠনগুলো এখন ইহুদীদের সাথে একাত্মতা ঘোষনা করে দেবে। যারফলে অনেক মানুষ এরসাথে সংশ্লিষ্ট হয়ে পড়বে। যে সকল দলের মূলকড়ি "ফ্রীমেসেন"এর হাতে, এখন তাদেরকে স্বীয় অভিযানে এক ও অভিন্ন দেখা যাবে। আর তাই যে আওয়াজটি ইহুদী ধর্মীয় পাদ্রীদের মুখ থেকে বের হবে, সেটাই ঐ সংগঠন, দল, সংস্থা এবং এতদসংশ্লিষ্ট ব্যক্তির মুখের বাণী হয়ে যাবে।

عن ابن عمر رضي الله عنه قال: كنت في الحطيم مع حذيفة رضي الله عنه ، فذكر حديثا ثم قال: لتنقضن عرى الإسلام عروة عروة ، وليكونن أئمة مضلون ، وليخرجن على إثر ذلك الدجالون الثلاثة ، قلت: يا أبا عبد الله ! قد سمعت هذا الذي تقول من رسول الله صلى الله عليه وسلم ؟؟ قال: نعم... سمعته وسمعته ، يقول: يخرج الدجال من يهودية أصبهان.(مستدرك،ج:4ص:573) هذا حديث صحيح الإسناد ، ولم يخرجاه.

অনুবাদ- হযরত আব্দুল্লাহ বিন উমর রা. হতে বর্ণিত, তিনি বলেন- একদা আমি হাতীমে হযরত হুযায়ফা রা.এর সাথে ছিলাম। তিনি একটি হাদিস বর্ণনা করলেন। অতপর বললেন- ইসলামের কড়িগুলো এক এক করে ভেঙ্গে ফেলা হবে এবং পথভ্রষ্টকারী নেতৃবর্গ (শাসক) হবে। এর পরপরই তিনজন দাজ্জাল বের হবে। আমি জিজ্ঞাস করলাম- হে আবূ আব্দিল্লাহ! (হুযায়ফা রা.) আপনি যা বলছেন, তা কি নবী করীম সা. এর মুখ থেকে শুনেছেন। বললেন- জ্বী হ্যাঁ...! আমি তা নবী করীম সা.কে বলতে শুনেছি। নবী করীম সা. কে এও বলতে শুনেছি যে, (প্রকৃত) দাজ্জাল আসফাহানের "ইহুদিয়া" বস্তি থেকে আত্মপ্রকাশ করবে।

হাদিসটি অনেক লম্বা। যার কিছু অংশ এরকম :- "তিনটি চিৎকারের আওয়াজ ভেসে আসবে। প্রাচ্য ও পাশ্চাত্যের লোকজন তা শুনতে পাবে। (হে আব্দুল্লাহ!) যখন তুমি দাজ্জালের খবর শুনতে পাবে, তখন ভেগে যেও..!! আব্দুল্লাহ বিন উমর রা. বলেন- আমি হুযায়ফা রা.কে জিজ্ঞাস করলাম- তাহলে পেছনে থাকা পরিবার পরিজনের দেখাশুনা কিভাবে করব ?? বললেন- তাদেরকে আদেশ করবে যে, তারা যেন দূরের কোন পাহাড়ের চূড়ায় গিয়ে আশ্রয় নেয়। হযরত আব্দুল্লাহ রা. বলেন- আমি জিজ্ঞাসা করলাম- যদি পরিবার-পরিজন বাড়ীঘর ছেড়ে যেতে না চায়..!! বললেন- তাহলে তাদেরকে আদেশ করবে- তারা যেন ঘরের বাইরে বের না হয়, সর্বদা ঘরে অবস্থান করে। হযরত হুযায়ফা রা. বলেন- হে ইবনে উমর! ভয়ানক ফেতনা-ফাসাদ আর লুটপাটের যুগ হবে সেটি। ইবনে উমর বলেন- আমি জিজ্ঞাসা করলাম- তাহলে এ ভয়ানক ফেতনা থেকে কি কেউ বাঁচতে সক্ষম হবে ?? বললেন- কেন নয় !! এমন কোন ফেতনা নেই, যার থেকে বাঁচার কোন উপায় না থাকে।

ফায়দা- উপরোক্ত হাদিসে দাজ্জাল প্রকাশকালে তিনটি চিৎকারের কথা বলা হয়েছে, যা পূর্ব-পশ্চিমের সকল মানুষ শুনতে পাবে। আপনি পূর্বে পড়ে এসেছেন যে, দাজ্জালের খোদায়ী ঘোষণাটি আন্তর্জাতিক কনফারেন্সের মাধ্যমে করা হবে। এভাবে মিডিয়াকে ব্যবহার করে দাজ্জাল তিনটি ঘোষণা দেবে, যা পূর্ব পশ্চিমের সকল মানুষ স্যাটেলাইট টেলিভিশনের মাধ্যমে সরাসরি দেখতে পাবে।

নবী করীম সা. স্বীয় উম্মতের উপর দাজ্জাল ছাড়া অন্য যে ফেতনাটির ব্যাপারে আশঙ্কা প্রকাশ করেছেন, তা হচ্ছে পথভ্রষ্টকারী নেতৃবর্গের ফেতনা।

হযরত আবূ দারদা রা. থেকে বর্ণিত, নবী করীম সা. বলেন- আমার উম্মতের উপর সবচে' বেশি যে বিষয়টি নিয়ে আমি শঙ্কিত, তা হচ্ছে পথভ্রষ্টকারী নেতৃবর্গের ফেতনা। (رواه أبو داود الطيالسي)

দাজ্জাল আগমনের মুহূর্তে বিশ্বজোড়ে এসকল পথভ্রষ্টকারী শাসকের আধিক্য হবে। দাজ্জালী শক্তিসমূহের লোভ-লালসায় পড়ে তারা নিজেকে তো পথভ্রষ্ট করবেই, উপরন্তু জনসাধারণ বা

অনুসারীদেরকেও সত্য থেকে অনেক দূরে সরিয়ে দেবে।

হযরত আসমা বিনতে ইয়াযিদ আনসারীয়া রা. থেকে বর্ণিত, তিনি বলেন যে, নবী করীম সা. প্রায়ই আমার ঘরে তাশরীফ আনতেন। একদা দাজ্জালের আলোচনা করতে গিয়ে তিনি বলেন- তার (দাজ্জালের) পূর্বে তিনটি বৎসর এমন হবে যে, প্রথম বৎসর আসমান তার একতৃতীয়াংশ বৃষ্টি উঠিয়ে নেবে (অর্থাৎ বর্ষন করবেনা) এবং যমিনও তার একতৃতীয়াংশ ফসল বন্ধ করে দেবে। দ্বিতীয় বৎসর আসমান দুইতৃতীয়াংশ বৃষ্টি উঠিয়ে নেবে এবং যমিনও দুইতৃতীয়াংশ ফসল বন্ধ করে দেবে এবং তৃতীয় বৎসরে আসমান পরিপূর্ণ বৃষ্টি বন্ধ করে দেবে, পাশাপাশি যমিনও পরিপূর্ণ ফসল বন্ধ করে দেবে। ফলে (ঐ বৎসর) সুঃস্থ অসুঃস্থ সকল গরু-ছাগল ও প্রাণী মরে যাবে (অর্থাৎ দুর্ভিক্ষের কবলে পড়ে সকল প্রকার প্রাণী ধ্বংসের সম্মুখীন হবে)।(المعجم الكبير:406 ، مسند أحمد)

ফায়দা- উপরোক্ত হাদিসে বলা হয়েছে যে, আসমান বৃষ্টি উঠিয়ে নেবে আর যমিন তার ফসলকে বন্ধ করে দেবে। مسند إسحاق بن راهويه এর বর্ণনায় এসেছে- ترى السماء تمطر وهي لا تمطر ، وترى الأرض تنبت وهي لا تنبت. (4-5 ، ج:1ص:169) অর্থাৎ আকাশকে দেখতে পাবে যে, বৃষ্টি বর্ষন করছে, অথচ তা বৃষ্টি বর্ষন করছেনা। যমিনকে দেখতে পাবে যে, ফসল ফলাচ্ছে, কিন্তু আসলে ফসল ফলাচ্ছেনা।" এর মাধ্যমে এটাও উদ্দেশ্য হতে পারে- বৃষ্টিও পরিপূর্ণ হবে এবং যমিনও পূর্ণ ফসল ফলাবে। কিন্তু তা লোকদের কোন উপকারে আসবেনা। যারফলে লোকেরা দুর্ভিক্ষের কবলে পড়ে যাবে। সাম্প্রতিক সময়ে এর অসংখ্য রূপ হতে পারে- বিশ্ব ফসলী বিষয়গুলোকে আয়ত্বে আনার জন্য যে সকল পলিসি ইহুদীরা তৈরী করেছে, এর নিদর্শনসমূহ এখন থেকেই আমাদের দেশে প্রকাশ হতে শুরু করেছে। এনিয়ে আমরা সামনে আলোচনা করব ইনশাআল্লাহ।

দাজ্জালের আকৃতি...

عن أنس بن مالك رضي الله عنه قال: قال رسول الله صلى الله عليه وسلم: ما بعث نبي إلا أنذر أمته الأعور الكذاب ، ألا إنه أعور ، وإن ربكم ليس بأعور ، وإن بين يديه مكتوب كافر. (صحيح البخاري:6598)

অনুবাদ- হযরত আনাছ বিন মালেক রা. হতে বর্ণিত, নবী করীম সা. বলেন- পৃথিবীতে এমন কোন নবী অতিবাহিত হননি, যিনি স্বীয় উম্মতকে দাজ্জালের ব্যাপারে সতর্ক করে যাননি। মনে রেখো!! নিশ্চয় সে কানা হবে। পক্ষান্তরে নিশ্চয় তোমাদের প্রভূ কানা নন। তার দুই চোখের মাঝখানে "কাফের" (كافر) লেখা থাকবে।

عن بن عمر رضي الله عنهما عن النبي صلى الله عليه وسلم قال: أعور العين اليمنى ، كأنها عنبة طافية. (صحيح البخاري:6590)

অনুবাদ- হযরত আব্দুল্লাহ বিন উমর রা. হতে বর্ণিত, নবী করীম সা. বলেন- সে (দাজ্জাল) ডানচোখে কানা হবে। তার চোখটি ফুলে যাওয়া আঙ্গুরের মত দেখাবে।

عن حذيفة رضي الله عنه قال: قال رسول الله صلى الله عليه وسلم: الدجال أعور العين اليسرى جفال الشعر ، معه جنة ونار ، فناره جنة وجنته نار. (صحيح المسلم،ج:4ص:2248)

অনুবাদ- হযরত হুযায়ফা রা. হতে বর্ণিত, নবী করীম সা. বলেন- দাজ্জালের বামচোখ কানা হবে। সে এলোমেলো চুলবিশিষ্ট হবে। তার সাথে (কৃত্রিম) জান্নাত এবং আগুন থাকবে। সুতরাং তার আগুনটি প্রকৃত জান্নাত হবে আর তার জান্নাতটি প্রকৃত আগুন তথা জাহান্নাম হবে।

ফায়দা- দাজ্জালের চুলের ব্যাপারে فتح الباري তে এসেছে- كأن رأسه أغصان شجرة "তার মাথাটি দেখতে বৃক্ষের এলোমেলো ডালের মত দেখাবে (অত্যাধিক ঘন চুল ও এলোমেলো হওয়ার কারণে)"

মুসলিম শরীফের অপর বর্ণনায় এসেছে- দাজ্জালের একচোখ সম্পূর্ণ অকেজো ও ভেতরে থাকবে (অর্থাৎ দেখে মনে হবে- কেউ যেন তার চোখটিকে আঙ্গুল মেরে ভেতরে বসিয়ে দিয়েছে)। আর অপর চোখটি মোটা দানার মত দেখাবে (স্ফীত হয়ে বাহিরের দিকে বের হয়ে আসার কারণে)। তার দু'চোখের মাঝখানে "কাফের" (كافر) লেখা থাকবে, শিক্ষিত অশিক্ষত সকল ঈমানদার ব্যক্তি তা পড়তে সক্ষম হবে। (مشكاة،المجلد الثالث:5237)

مسند أحمد এর বর্ণনায় এসেছে যে, তার সাথে দু'জন ফেরেশতা থাকবে, যারা দু'জন নবীর আকৃতিতে তার সাথে সদা বিদ্যমান থাকবে। নবী করীম সা. বলেন- আমি ইচ্ছা করলে ঐ দু'জন নবীর নাম এবং তাদের পিতার নামও বলতে পারব। তাদের একজন দাজ্জালের ডানদিকে থাকবে আর অপরজন বামদিকে থাকবে। এটা হবে পরীক্ষাস্বরূপ। দাজ্জাল তাদের উদ্দেশ্যে বলবে যে, আমি কি তোমাদের প্রভূ নই..??!! আমি কি মানুষকে জীবিত করতে পারিনা..??!! আমি মৃত্যু দান করতে পারিনা..??!! তখন একজন ফেরেশতা বলবে- তুই মিথ্যা বলছিস..!! ফেরেশতার এই কথাটি অপর ফেরেশতা ছাড়া আর কেউ শুনতে পাবেনা। তখন অপর ফেরেশতা ঐ ফেরেশতার জবাবে বলবে যে, তুমি সত্য বলেছ..!! দ্বিতীয় ফেরেশতার কথাটি সকলেই শুনতে পাবে। ফলে মানুষেরা মনে করবে যে, দ্বিতীয় ফেরেশতা দাজ্জালকে সত্যবাদী বলছে (অথচ সে প্রথম ফেরশতার কথাটিকে সত্য বলেছে, যা কেউ শুনতে পায়নি) এটিও পরীক্ষাস্বরূপ হবে। (مسند أحمد،ج:5ص:221)

ফায়দা-

(১) দাজ্জাল একজন ব্যক্তি হবে (অর্থাৎ মানুষ)। কেননা, সহীহ হাদিসে এ ব্যাপারে স্পষ্টভাবে বলা আছে। সুতরাং নির্ধারিত কোন রাষ্ট্রকে দাজ্জাল মনে করা সঠিক নয়; যেমনটি "খাওয়ারেজ" এবং "জাহমিয়া" সম্প্রদায় মনে করে থাকে।

কাযী ইয়ায রহ. বলেন-

هذه الأحاديث التي ذكرها مسلم وغيره في قصة الدجال حجة لأهل السنة في صحة وجود الدجال وأنه شخص بعينه.(صحيح مسلم بشرح النووي)

অর্থাৎ দাজ্জালের ব্যাপারে ইমাম মুসলিম রহ. যে সকল হাদিস উল্লেখ করেছেন, তা দাজ্জালের বিদ্যমানের ব্যাপারে অকাট্য দলীল। আর একথারও দলীল যে, দাজ্জাল হচ্ছে একজন নির্দিষ্ট ব্যক্তি।

(২) তার উভয় চক্ষুই ত্রুটিযুক্ত হবে।

দাজ্জালের চোখের ব্যাপারে কয়েক ধরনের হাদিস বর্ণিত হয়েছে। কোন হাদিসে তার ডানচোখ কানা বলা হয়েছে। আবার কোন হাদিসে তার বামচোখটি কানা বলা হয়েছে। এ ব্যাপারে মুফতী রফী উসমানী দা. علامات قیامت اور نزول مسیح গ্রন্থে বলেন :- "মোটকথা, তার দুটি চক্ষুই ত্রুটিযুক্ত হবে। বামচোখটি সম্পূর্ণ অকেজো হয়ে ভেতরে থাকবে (আলোহীন থাকবে) আর তার ডানচোখ আঙ্গুরের দানার মত বাহিরের দিকে বের হয়ে থাকবে।

হাফেজ ইবনে হাজার আসকালানী রহ. طافية শব্দের ব্যাখ্যায় بارزة এনেছেন। অর্থাৎ দাজ্জালের ডানোচোখ বাহিরের দিকে প্রকাশিত হয়ে থাকবে। (فتح الباري،ج:13ص:325)

বর্তমান সময়ে বিভিন্ন প্রসিদ্ধ কোম্পানীর নিদর্শন বা "লোগো"তে আপনি এক চোখের দৃশ্য প্রত্যক্ষ করে থাকবেন। কোথাও চোখটি সম্পূর্ণ সাদা দেখা যাচ্ছে, দেখে মনে হয় আলোকোজ্জ্বল তারকা। আবার

কোথাও চোখের রং সবুজ দেখানো হচ্ছে, দেখে মনে হয় সবুজ কাঁচ।

হযরত উবাই বিন কা'ব রা. নবী করীম সা.থেকে বর্ণনা করতে গিয়ে বলেন যে, তিনি নবী করীম সা.কে বলতে শুনেছেন- الدجال عينه خضراء كالزجاجة "দাজ্জালের চোখটি কাচেঁর ন্যায় সবুজ থাকে।(مسند أحمد:21184 ، صحيح ابن حبان:6795)

এগুলো কি শুধুই ঘটনাক্রমে ঘটে চলেছে.. যে, কোম্পানীগুলো একটি ত্রুটিযুক্ত চোখকে তাদের লোগোতে স্থাপন করে দিয়েছে..?? নাকি এখন থেকেই বিশ্ববাসীকে এ অশুভ চোখের প্রতি আকৃষ্ট করে তুলা হচ্ছে..!!

(৩) হাদিসে উল্লেখ রয়েছে যে, তার কপালে كافر (কাফের) লেখা থাকবে। এখানে তার প্রকৃত অর্থ উদ্দেশ্য। সুতরাং এর মাধ্যমে নির্দিষ্ট কোন কোম্পানী বা দেশকে উদ্দেশ্য করা সঠিক নয়। ইমাম নববী রহ. বলেন-

الصحيح الذي عليه المحققون أن الكتابة المذكورة حقيقة جعلها الله تعالى علامة قاطعة بكذب الدجال. (شرح المسلم للنووي)

"মুহাক্কীকীন যে কথাটির উপর একমত পোষন করেছেন, সেটি হচ্ছে দাজ্জালের কপালের উক্ত কাফের লেখাটি বাস্তবিক হবে। আল্লাহ তা'লা তার মিথ্যুক হওয়ার বিষয়টি নিশ্চিত করার জন্য কপালে এটি লিখে দেবেন।

(৪) লেখাটি প্রতিটি মুমিন পড়তে পারবে। এখন প্রশ্ন উদয় হতে পারে যে, সকলেই যদি তা পড়ে ফেলে, তবে এত মানুষ তার ফেতনায় পতিত হওয়ার কারণ কি..??!! এর একটি জবাব তো হাদিসে উল্লেখ করা হয়েছে যে, অনেক মানুষ তাকে দাজ্জাল হিসেবে চেনার পরেও নিজের ঘরবাড়ী এবং মালসম্পদ বাঁচানোর আশায় তার পিছু পিছু চলে যাবে বা তাকে অনুসরণ করে বসবে। দ্বিতীয় জবাব হচ্ছে- পাঠ করা এবং তা কাজে রূপান্তরিত করার মধ্যে অনেক তফাত থাকে। আজকাল কত মুসলমান এমন রয়েছে যে, কোরআনে কারীমের বিধানসমূহ তো নিয়মিতই পড়ে থাকে, কিন্তু আমল করার নামে কোন খবর নাই। সে জানে যে, সূদী কারবারী হচ্ছে আল্লাহ তা'লার বিরুদ্ধে প্রকাশ্য যুদ্ধ ঘোষনার শামিল, তারপরও সে এরসাথে উতপুতভাবে জড়িত রয়েছে।

দাজ্জালের সময়ও অনেক মানুষ নিজের ঈমানকে ডলার আর দুনিয়ার লোভ-লালসার পরিবর্তে বিক্রি করে দেবে, তারা ঈমানকে বিক্রি করে দুনিয়াকে বেছে নেবে। যারা আল্লাহ তা'লার জন্য জান কুরবান করার পরিবর্তে দাজ্জালের শক্তির সামনে মাথানত করে দেবে, তারা উক্ত কুফুরী লেখাটিকে পড়তে সক্ষম হবেনা; বরং দাজ্জালকে তারা যুগের মাছীহ এবং মানবতার মুক্তির দূত সাব্যস্ত করতে থাকবে। তা করার জন্য বিভিন্ন যুক্তি-প্রমাণ সাব্যস্ত করতে চাইবে। অপরদিকে দাজ্জালের বিরুদ্ধে লড়াইকারীদেরকে পথভ্রষ্ট আখ্যা দেয়া হবে। অথচ নিজেরাই দাবী করবে যে, আমরা মুসলমান। প্রকৃতপক্ষে ইসলামের সাথে তাদের কোন সম্পর্ক

থাকবেনা। এটা এজন্য হবে যে, স্বীয় খারাপ আমল এবং দুর্ভাগ্যতার কারণে তার ঈমানের দূরদর্শিতা নিঃশেষ হয়ে যাবে।

কথাটি আমি নিজের পক্ষ থেকে বলছিনা; বরং বুখারী শরীফের প্রখ্যাত ব্যাখ্যাকার ইবনে হাজার আসকালানী রহ. এবং মুসলিম শরীফের প্রসিদ্ধ ব্যাখ্যাকারী ইমাম নববী রহ.এর মতামত বর্ণনা করছি। ফাতহুল বারীতে এসেছে-فيخلق الله للمؤمن الإدراك دون تعلم. "সুতরাং আল্লাহ তা'লা (শিক্ষিত অশিক্ষিত সকল) মুমিনকে তা বুঝার মত ক্ষমত দিয়ে দেবেন। ইমাম নববী রহ. বলেন- فيظهر الله المؤمن عليه ويخفيها على من أراد شقاوته "আল্লাহ তা'লা মুমিনদেরকে বিষয়টি অবহিত করিয়ে দেবেন আর দুর্ভাগাদের কাছে সেটি অস্পষ্ট রাখবেন।

দাজ্জালের ফেতনাটি অনেক সম্প্রসারণশীল হবে...

রাসূলে কারীম সা. যখনই কোন বৈঠকে সাহাবায়ে কেরামের সামনে দাজ্জালের বিবরণ পেশ করতেন, তখনই সাহাবাদের মাঝে ভীতিকর পরিস্থিতির সৃষ্টি হয়ে যেত, ফলে সাহাবায়ে কেরাম কাঁদতে শুরু করতেন। কিন্তু বর্তমান সময়ে মুসলমানদের কি হল যে, এ ব্যাপারে তাদের কোনই মাথাব্যাথা নেই...??!!

এর কারণ এই হতে পারে যে, আজকাল লোকেরা তার ফেতনাটি ঐ অর্থে বুঝতে চেষ্টা করেনা, যে অর্থে নবী করীম সা. সাহাবাদেরকে বুঝিয়ে থাকতেন। বর্তমান সময়ে যদি কোন মুসলমান হাদিসের বাণীটি শুনে যে, দাজ্জালের কাছে খাদ্যের পাহাড় এবং পানির জন্য বড় বড় নদী থাকবে। তবে হাদিসটিকে সে ঐ অবস্থায় শুনে থাকে যে, তার পেট তো এখন ভরা, আর পানির তো কোন দরকারই নেই। যারফলে সে পরিস্থিতিকে ভরা পেটকালীন সময় হিসেবে মনে করে থাকে। আর হাদিসটি শুনার সময় তার চোখের সামনে এ দৃশ্য ফুটে উঠেনা যে, তখনকার পরিস্থিতি এই হবে- একদিন দুদিন নয়; বরং এক সপ্তাহের মধ্যেও রুটির কোন সন্ধান পাওয়া যাবেনা। ক্ষুধার জ্বালায় সকল প্রাণী ও বহু মানুষ মৃত্যুর মুখে ঢলে পড়বে। পানি না পাওয়ার কারণে গলায় কাঁটা লেগে আছে বলে মনে হবে।

ঘরের ভেতর যখন আপনি পা রাখবেন, তখন আপনার সামনে আপনার ঐ কলিজার টুকরা সন্তানটি ক্ষুধার জ্বালায় তড়পাতে থাকবে, যার একটি ইশারায় আপনি তার সকল চাহিদাকে পূরণ করে দিয়ে থাকেন। ক্ষুধার জঠর জ্বালা আর প্রচন্ড পিপাসার কারণে তার জিহবা বাইরের দিকে বেরিয়ে আসবে। কয়েকদিন যাবত পেটে কিছু না পড়ার কারণে গোলাপের মত ফুটে থাকা ঐ চেহারাগুলো থেকে সৌন্দর্যের নিদর্শন হারিয়ে যাবে। এ দৃশ্য দেখে আপনার অন্তর শিহরিয়ে উঠবে আর আপনি অপারগতার বশবর্তী হয়ে আপনার প্রিয় সন্তানটি থেকে বিমুখ হয়ে যাবেন। হ্যাঁ... বিমুখ হয়ে যাবেন। অনেক আশা নিয়ে কয়েক দিনের ক্ষুধা নিয়ে বসে থাকা আপনার বৃদ্ধ মা... জ্বি হ্যাঁ.. আপনার মা, যিনি আপনাকে লালন পালন করতে গিয়ে নিজের সকল আরাম আয়েশকে মাটিচাপা দিয়েছেন, আজ সেই মা চোখে হাজারো প্রশ্ন নিয়ে আপনার দিকে তাকিয়ে আছে যে, আমার ছেলে হয়ত আজ যে কোন উপায়ে রুটির একটি টুকরা যোগাড় করতে সক্ষম হয়েছে। আদরের সন্তানটি হয়ত মায়ের মমতাকে পূজি করে এক ফোটা পানি অবশ্যই সংগ্রহ করে নিয়ে এসেছে। আপনার চেহারা দেখে সেই মা অবশ্যই হয়ত পরিস্থিতি বুঝে উঠবেন। কলিজার টুকরা সন্তান, আদরের স্ত্রী আর শ্রদ্ধারশীল মা। মা যখন দেখবে যে, কুলেপিঠে করে মানুষ করা সেই সন্তানটি আজ স্বীয় মা'কে ভুলে গিয়েছে, তখন দুঃখিনী মায়ের চোখ বেয়ে অশ্রু বের হতে থাকবে। এহেন পরিস্থিতি দেখে আপনার কেমন লাগবে..!! অবশ্যই ছাতক পাখির ন্যায় ছটফট করতে থাকবেন। এ দৃশ্য দেখে হয়ত আপনি ঘরের কোণায় গিয়ে আশ্রয় নেবেন, কিন্তু একি.. সেখানে বেচারী জীবনসঙ্গিনী, যে জীবনের প্রতিটি মুহূর্তে আপনার সাথে থেকে আপনার সুখ-দুঃখকে গলায় মেখে নিয়েছে। কিন্তু.. আজ তার ঠোটদু'টি শুকিয়ে সংকীর্ণ হয়ে গেছে। বিরহের সমুদ্র অন্তরের ভেতর ঢেউ উতলিয়ে দিচ্ছে। দুঃখিনীর চেহারা দেখে চোখের কিণারায় লুকিয়ে থাকা অশ্রুর নদীতে তুফান সৃষ্টি হয়েছে। দেখতে দেখতে আপনার আঁখি বেয়ে অশ্রু প্রবাহিত হতে শুরু করেছে।

আপনিও তো একজন মানুষ...!! আপনার বক্ষে তো মাংসপিন্ডই ধকধক করছে। আর কতক্ষণ আপনি এই পরিস্থিতিকে মুখবুজে সহ্য করতে পারবেন..!! অপরদিকে সকল প্রকার মাল-সম্পদ ধ্বংস হয়ে গেছে। আশার শেষ ভরসাটুকু-ও হাত ফস্কে বের হয়ে গেছে। একদিকে আপনার নিরীহ ছোট্ট সন্তান, মায়ের মমতা, স্ত্রীর ভালবাসার টেনশানে আপনার অন্তর ভেঙ্গে চৌচির হওয়ার উপক্রম হয়েছে। প্রতিবেশীর ঘর থেকে সামান্য খাদ্য ধার করে আনার-ও কোন সুযোগ নেই, কারণ- সবার ঘরবাড়ীতে একই দৃশ্য। হঠাৎ এমনসময় বাহির থেকে সুস্বাদু খাদ্যের সুঘ্রাণ আর সুপেয় পানির আওয়াজ শুনা যাচ্ছে। আপনি এবং আপনার প্রিয় সবাই ওদিকে দৌড়ে গিয়ে দেখেন যে, বাস্তবেই খাদ্যদ্রব্য আর পানীয় বস্তুর ঢের লেগে রয়েছে। মনে মনে ভাবলেন যে, অভাবের দিনগুলো হয়ত শেষ হয়েগেছে, নিরাশার কালো ছায়ায় আলোর সন্ধান মিলেছে। মানবতার এ দুর্দিনে একজন মানবতার মুক্তির দূত এসে উপস্থিত হয়েছে। আগমণকারী "মাছীহ" ঘোষনা করছে যে, "ওহে ক্ষুধা আর পিপসার জ্বালায় অস্থির লোকসকল! এ সকল সুস্বাদু আর টাটকা খাদ্যদ্রব্য শুধুমাত্র তোমাদের জন্যই..!! তা শুনামাত্রই আপনার পরিবার এবং সমগ্র এলাকায় অর্ধজীবন ফিরে এসে গেছে। এরপর "মাছীহ" ঘোষনা করছে- এ সবকিছুই তোমাদের জন্য... কিন্তু... তোমাদের একটি কথা বিশ্বাস করতে হবে যে, এ খাদ্যদ্রব্য আর পানীয় বস্তুর মালিক হলাম আমি..!! এ সবকিছু আমার হাতে...!!

একথা শুনামাত্রই খাদ্যদ্রব্য সংগ্রহের জন্য বাড়তে থাকা আপনার পা দু'টি কিছুসময়ের জন্য স্লো হয়ে গেল। আপনার চিন্তায় ভেসে উঠতে লাগল- "কথাগুলো কেমন যেন চেনা চেনা মনে হচ্ছে।" হঠাৎ আপনার স্মরণ হয়ে গেল- এই "মাছীহ" কে ?? কিন্তু ততক্ষণে আপনার পেছনে থাকা পরিবারটির দুঃখের আওয়াজ আরো তীব্র হয়ে উঠেছে। মা কেন যেন চিৎকার করছে। আপনি দৌড়ে গিয়ে দেখেন যে, আপনার কলিজার টুকরা সন্তানটি জীবন-মৃত্যুর সন্ধিক্ষণে ছটফট করছে। এহেন মুহূর্তে এক ফোটা পানি যদি সংগ্রহ করা যায়, তবে তাকে বাঁচানো সম্ভব হবে। একদিকে স্ত্রী-সন্তান আর মায়ের ভালবাসা, অপরদিকে একটি প্রশ্নের উত্তর। একদিকে আশপাশের সকলের ঘরে খাদ্যদ্রব্য পৌছে গেছে এবং মাছীহকে খোদা মেনে সবাই উদরপূর্তি করে আনন্দ উল্লাসে মেতে উঠছে। অপরদিকে আপনার ঘরে এখনও সেই দুর্দশার মাতম, সন্তানটি মৃত্যুশয্যায় শজ্জিত। মনে হচ্ছে ঘরের এক কোণায় আগুন আর অপর কোণায় সুন্দর বাগিচা। এখন আপনিই চিন্তা করুন... পরিস্থিতিটি কি এতই সহজ হবে.. যেমনটি আপনি মনে করছেন..??!! অবশ্যই নয়; বরং এ ফেতনাটি ইতিহাসের সবচে' ভয়ানক ফেতনা হিসেবে দেখা দেবে।

عن عمران بن حصين رضي الله عنه قال: سمعت رسول الله صلى الله عليه وسلم يقول: ما بين خلق آدم إلى قيام الساعة فتنة أكبر عند الله عز وجل من الدجال.(مستدرك،ج:4ص:573)

অনুবাদ- হযরত ইমরান বিন হুসাইন রা. বলেন- আমি নবী করীম সা.কে বলতে শুনেছি যে, আদম আ.এর সৃষ্টি থেকে নিয়ে কেয়ামত পর্যন্ত সংঘটিত ফেতনাসমূহের মধ্যে আল্লাহ তা'লার কাছে সবচে' বড় ফেতনাটি হচ্ছে দাজ্জালের ফেতনা।

عن أبي هريرة رضي الله عنه قال: قال رسول الله صلى الله عليه وسلم: إذا تشهد أحدكم فليستعذ بالله من أربع ، يقول: اللهم إني أعوذ بک من عذاب جهنم ومن عذاب القبر ومن فتنة المحيا والممات ومن شر فتنة المسيح الدجال.(صحيح المسلم،ج:1ص:412)

অনুবাদ- হযরত আবূ হুরায়রা রা. হতে বর্ণিত, নবী করীম সা. এরশাদ করেন- তোমাদের মধ্যে যখন কেহ (নামাযের মধ্যে) তাশাহুদ পড়বে, তখন সে যেন চারটি বস্তু থেকে আল্লাহর কাছে আশ্রয় প্রার্থণা করে। (দোয়ার অর্থ হচ্ছে-) হে আল্লাহ! আমি তোমার কাছে জাহান্নামের শাস্তি থেকে আশ্রয় চাই, কবরের শাস্তি থেকে আশ্রয় চাই, জীবন-মরণের ফেতনা থেকে আশ্রয় চাই এবং দাজ্জালের ফেতনার অনিষ্টতা থেকে আশ্রয় চাই।

ফায়দা- নবী করীম সা. স্বীয় সঙ্গীসাথী ও উম্মতকে দাজ্জাল থেকে বাঁচানোর জন্য কিরূপ চিন্তায় লিপ্ত থাকতেন। এমনকি নামাযের মধ্যে পর্যন্ত শেষ বৈঠকে দুরুদ শরীফের পর দাজ্জাল থেকে বাঁচার জন্য দোয়া শিক্ষা দিয়ে গেছেন।

عن حذيفة رضي الله عنه ، قال: إني سمعته صلى الله عليه وسلم يقول: إن مع الـدجال -إذا خـرج- ماء ونارا ، فأما الذي يرى الناس أنها النار فماء بارد ، وأما الذي يرى الناس أنه مـاء بـارد فنـار تحـرق ، فمن أدرك منكم فليقع في الذي يرى أنها نار ، فإنه عذب بارد.(صحيح البخاري،ج:3ص:1272)

অনুবাদ- হযরত হুযায়ফা রা. হতে বর্ণিত, তিনি বলেন- আমি নবী করীম সা.কে বলতে শুনেছি যে, দাজ্জাল আগুন আর পানি নিয়ে আত্মপ্রকাশ করবে। সুতরাং মানুষ যাকে পানি মনে করবে, প্রকৃতপক্ষে সেটি হচ্ছে ঝলসানো আগুন। আর যাকে মানুষেরা আগুন মনে করবে, প্রকৃতপক্ষে সেটি হচ্ছে ঠান্ডা পানি। সুতরাং তোমাদের কেউ যদি দাজ্জালকে পেয়ে যাও! তাহলে তার আগুনে পড়ে যেও..! তাহলে আগুনকে ঠান্ডা ও সুমিষ্ট পানি হিসেবে পাবে।

ফায়দা- অপর হাদিসে এসেছে যে, দাজ্জালের সাথে রুটি এবং গোশ্তের পাহাড় থাকবে। এর মাধ্যমে উদ্দেশ্য হচ্ছে- যে ব্যক্তি তার সামনে মাথা নত করবে, তার জন্য ধন-দৌলত আর খাদ্যদ্রব্যের ঢের লাগা থাকবে। পক্ষান্তরে যে তার নিয়মকে মেনে নিতে অস্বীকার করবে, তার উপর চতুর্দিক থেকে নিষেধাজ্ঞা আরোপ করা হবে। যেমনটি পূর্বেই উল্লেখ করা হয়েছে যে, দাজ্জালের আগমণের পূর্বেই তার ফেতনা শুরু হয়ে যাবে। আফগানিস্তান এবং ইরাকের উপর আগুনের বৃষ্টি আর যারা ইবলিসী শক্তির কথাগুলো মেনে নিয়েছে তাদের উপর ডলারের বর্ষন করা হচ্ছে।

পানি নিয়ে যুদ্ধ এবং দাজ্জাল...

যে সকল স্থানে পানির কথা উল্লেখ করা হয়েছে। হতে পারে- এখন পর্যন্ত লোকদের বুঝে আসছেনা যে, পানিকে কেন্দ্র করে দাজ্জাল কিভাবে যুদ্ধ করবে..!! অথচ পানি তো এখন সর্বস্থানেই পাওয়া যায়। সুতরাং এটিকে বুঝার জন্য বর্তমান বিশ্বের পানি পরিস্থিতির দিকে নজর দিতে হবে। পৃথিবীতে পান করার মত পানি (Potable Water)র দুটি বিশাল ভান্ডার (Reservoir) রয়েছে :- এক- বরফের পাহাড়। যা ২৮ মিলিয়ন কিউবেক কিলোমটার নিয়ে অবস্থিত। দুই- ভূমির তলদেশের পানি, যার পরিমাণ হচ্ছে ৮ মিলিয়ন কিউবেক কিলোমিটার।

এভাবে বিশ্বজোড়ে পানীয় বস্তুগুলোর বিরাট অংশ বরফ থেকে আসে, যা আস্তে আস্তে বিগলিত হয়ে বিভিন্ন নদী-ঝর্ণা দিয়ে মানুষের কাছে পৌছে থাকে। অপরদিকে ভূমির তলদেশ থেকে আসা পানির অংশ এ তুলনায় কম। বরফের এ অঞ্চলটি এন্টারটিকা আর গ্রীণল্যান্ডে পড়েছে। এ দু'টি অঞ্চলে কোন মুসলিম রাষ্ট্রের দখল বা অধিকার প্রতিষ্ঠা নেই। ভূমির তলদেশ থেকে আসা পানির-ও দুটি স্থান হয়ে থাকে। এক- সমতল এলাকা। দুই- পাহাড়ী এলাকা। সমতল এলাকাগুলোর শহরগুলোতে পানির উপর কর্তৃত্ব প্রতিষ্ঠা করা বেশি কঠিন কাজ নয়। কেননা, শহরের ভেতর আসা পানির অধিকাংশ লাইন কোন ঝিল বা সরকারী কোন পাইপলাইনের উপর নির্ভরশীল হয়ে থাকে। ফলে শহরের অধিকাংশ লোক পানিবিষয়ে ওখানকার ব্যবস্থাপনা কমিটির দয়ামায়ার মুকাপেক্ষী থাকে। এখানে একটি কথা ভাল করে স্মরণ রাখা দরকার যে, দাজ্জালের ফেতনা শহরের মধ্যে বেশি মারাত্মক হবে। ফলে শহরের অধিকাংশ জনগোষ্ঠী ঐ ফেতনায় নিমজ্জিত হয়ে যাবে। আর গ্রামাঞ্চলের পানির উপর আয়ত্ব প্রতিষ্ঠার জন্য দাজ্জালী শক্তিসমূহ সদা তৎপর থাকবে।

ভবিষ্যতে পানির উপর যুদ্ধ নিয়ে আপনি কথাবার্তা শুনতে পাবেন। ইসরায়েলের পক্ষ থেকে জর্ডান, ফিলিস্তীন, লেবানন আর সিরিয়ার সাথে, তুরস্কের পক্ষ থেকে ইরাকের সাথে, ভারতের পক্ষ থেকে পাকিস্তান ও বাংলাদেশের সাথে পানির ব্যাপারে মতানৈক্যের বিষয়টি জীবন-মরণ যুদ্ধের শামিল। হিন্দু আর ইহুদী সম্প্রদায়ের চিরাচরিত অভ্যাস হচ্ছে যে, তারা শুধু নিজেদের নিয়েই ক্ষান্ত হয়না, বরং প্রতিবেশীকে নিঃশেষ করে দিয়ে জীবনধারনে বিশ্বাসী তারা। এ কারণেই ভারতের মত ইসরায়েলও "বুহাইরা তাবারীয়া"র রুখ বহু পূর্বেই নিজেদের দিকে সরিয়ে নিয়েছে। অত্রাঞ্চলের মুসলমানদেরকে বঞ্চিত করে সমস্ত পানি তারা মরুভূমিতে ফেলে অপচয় করে থাকে। এ ব্যাপারে সামনে বিস্তারিত আলোচনা হবে ইনশাআল্লাহ..!!

ইসলামী দেশগুলোতে প্রবাহিত নদীগুলোর উপর যদি দাজ্জালী শক্তি "বাঁধ" স্থাপন করে দেয় আর ঐ বাঁধগুলোর উপর তারা পূর্ণ নিয়ন্ত্রণ প্রতিষ্ঠা করে ফেলে, তবে সমুদ্রের পানি বন্ধ করে দিয়ে পুরো ইসলামী বিশ্বকে নিমিষেই মরুভূমিতে রূপান্তরিত করা যেতে পারে। সুতরাং নদী-নালা যখন বন্ধ হয়ে যাবে, তখন ভূমির তলদেশের পানিও আরো নিচে চলে যাবে। এভাবে এমন এক সময় আসবে যে, মানুষের কাছে পান করার মত কোন পানি বাকী থাকবেনা। প্রতিটি ফোটা পানির জন্য তারা দাজ্জালী শক্তির মুকাপেক্ষী হয়ে যাবে। সিরিয়া, জর্ডান এবং ফিলিস্তীনের পানিপরিস্থিতি আমরা সামনে আলোচনা করব। এখানে ইরাক, মিসর এবং পাকিস্তানের ব্যাপারে আলোচনা করছি :-

ইরাক- ইরাকের বুকে দু'টি ঐতিহাসিক নদী বিদ্যমান। এক- দাজলা (Tigris)। দুই- ফুরাত (Euphrates)। দুটি নদীই তুরস্ক থেকে প্রবাহিত হয়ে আসে। ফুরাত নদীর উপর তুরস্ক "আতাতুর্ক বাঁধ" স্থাপন করেছে, যা বিশ্বের বৃহত্তম বাঁধগুলোর অন্যতম। এর পানি রিজার্ভ করার এলাকাটি হচ্ছে প্রায় ৮১৬ (আটশত ষোল) বর্গকিলোমিটার। তা ভরাট করার জন্য ফুরাত নদী থেকে বর্ষাকালে পূর্ণ একমাস পর্যন্ত পানি ঢালতে হবে। অর্থাৎ তুরস্ক স্বীয় উদ্দেশ্য অর্জনের জন্য একমাস পর্যন্ত ইরাকে পানি যেতে দেবেনা। ইসলামের দৃষ্টিতে তাকালে তুরস্কের বর্তমান পরিস্থিতি সকলের সামনে আয়নার মত পরিস্কার। পরিস্থিতি বলছে- ভবিষ্যতে তাদের অধিকাংশ পদক্ষেপ দাজ্জালী শক্তিসমূহকেই সমর্থন করবে।

ইরাকের বুক দিয়ে প্রবাহিত দাজলা ও ফুরাত। নীলরেখা...

ইরাকের মানুষকে পানিবঞ্চিত করার জন্য তুরস্কের বানানো সেই আতাতুর্ক বাঁধ

ফলে এভাবেই দিনদিন শুকিয়ে যাচ্ছে ইরাকের ঐতিহাসিক নদীদ্বয়...

মিসর- মিসরের সবচে' বড় নদীটি হচ্ছে "নীলনদ"। কিন্তু এটিও মূলত "ভিক্টোরিয়া ঝিল" তথা উগান্ডার সেন্ট্রাল আফ্রিকা থেকে প্রবাহিত হয়ে আসে। রুয়ান্ডা নদী হচ্ছে নীলনদের থেকে পানি সংগ্রহের প্রধান মাধ্যম।

পাকিস্তান- পাকিস্তানের অধিকাংশ বড় নদীগুলো ভারত থেকে প্রবাহিত হয়ে থাকে। বর্তমানে ভারত এগুলোর উপর বাঁধ স্থাপন করে চলেছে। "চুনাব নদী"তে "বাগলীহার বাঁধ" স্থাপনের কাজটি তারা ইতিমধ্যেই সম্পন্ন করেছে। এভাবে "নীলাম নদী"র উপরও "কৃষ্ণগঙ্গা বাঁধ" স্থাপন করা হচ্ছে। এদিকে বাংলাদেশে কাপতাই বাঁধ নির্মাণ করা হয়েছে। এভাবে ভারত সরকার সকল পানি বন্ধ করে দিয়ে পাকিস্তান ও বাংলাদেশের যমিনকে মরুভূমিতে রূপান্তরিত করতে চায়, মুসলমানদেরকে পিপাসায় ফেলে মারতে চায়, যার নমুনা ইতিমধ্যেই এ দুটি রাষ্ট্রে পরিলক্ষিত হচ্ছে।

ঝর্ণার মিঠা পানি... ন্যাসলে মিনারেল ওয়াটার...

এখন প্রশ্ন হচ্ছে যে, এতসব পাহাড়ী এলাকা আর অসংখ্য ঝর্ণাসমূহকে দাজ্জাল কি করে কন্ট্রোল করতে সক্ষম হবে..??

এখানে একটি কথা ভাল করে স্মরণ রাখা চাই যে, দাজ্জালের ফেতনাটি পাহাড়ী এলাকায় কম হবে। যে পাহাড় অত্যাধুনিক মডার্ন মুর্খ সভ্যতা থেকে যতটুকু মুক্ত থাকবে, সেখানে দাজ্জালের ফেতনা ততই কম প্রবেশ করবে। এ কারণেই পাহাড়ী এলাকার লোকজন পানিবিষয়ে বেশি টেনশানের সম্মুখীন হবেনা। এটা মনে করবেন না যে, দাজ্জালী শক্তিসমূহের পক্ষ থেকে পাহাড়ী এলাকাগুলোতে কোণরূপ তৎপরতা চালানো হবেনা; বরং বর্তমান সময়ে তাদের অধিকাংশ জোর হচ্ছে পাহাড়ী এলাকার পানিতে নিয়ন্ত্রণ প্রতিষ্ঠার ক্ষেত্রে। ইতিহাসে আপনি পড়ে থাকবেন এবং পাহাড়ী অঞ্চলসমূহে আপনি দেখে থাকবেন যে, ঐ সকল স্থানেই জনবসতী পরিলক্ষিত হয়, যেখানে প্রাকৃতিক পানির সুব্যবস্থা যেমন- নদী নালা, ঝর্ণা বা পরনালা প্রবাহিত হয়ে থাকে। আদিকালের লোকেরা সড়ক এবং বাজার দেখে কোন স্থানে বসতি স্থাপন করতনা; বরং যেখানে পানির ব্যবস্থা থাকত, সেখানেই তারা বাড়ীঘর নির্মাণ করে বসবাস করত, চায় এর জন্য তাদেরকে দূরের কোন পাহাড়ের চূড়ায় বসবাস করা পড়ুক। কিন্তু বর্তমান সময়ে পাহাড়ী এলাকাগুলোতেও দেখা যায় যে, মানুষেরা ঐ সকল স্থানকে বসবাসের জন্য বেছে নেয়, যেখানে শুরগুল বেশি শুনা যায়। ঘর নির্মাণের জন্য এখন আর তারা প্রাকৃতিক পানির ব্যবস্থাপনার মুকাপেক্ষী নয়; বরং পানির জন্য শুধুমাত্র ঘরের এক কোণায় একটি ট্যাংকি বসিয়ে দেয়াই যথেষ্ট, যা বিভিন্ন কুফুরী রাষ্ট্রের সহযোগীতায় ঐ সকল এলাকায় নির্মাণ করা হচ্ছে।

এটিই হচ্ছে সেই দৃষ্টিভঙ্গির পরিবর্তন, যা বিশ্ব ইহুদীশক্তি পাহাড়ী অঞ্চলের মানুষের বিশ্বাসে গেড়ে দিতে চায়। যাতে করে তারা ঐ সকল প্রাকৃতিক পানিয় ব্যবস্থাপনার কর্তৃত্ব ছেড়ে দেয়, যা আয়ত্ব করা ইতিপূর্বে বহু কঠিন ব্যাপার ছিল। চিন্তাচেতনা আর দৃষ্টিভঙ্গির এ পরিবর্তন সাধনের জন্য এনজিওদের পক্ষ

থেকে পশ্চিমা ফান্ডের সহযোগীতায় যে তৎপরতা চালানো হচ্ছে, তা আপনি কোন পাহাড়ী অঞ্চলে গেলেই স্বচক্ষে প্রত্যক্ষ করতে পারবেন।

এই সকল তৎপরতার মূলে একটিই টার্গেট। তা হচ্ছে দূরদূরান্তের পাহাড়ী অঞ্চলসমূহে মুর্খসভ্যতার নিদর্শনগুলো পৌছে দেয়া। এজন্য বিশ্ব ইহুদী সংস্থাসমূহের পক্ষ থেকে এক ধরনের বিশেষ ফান্ড রয়েছে, যা পর্যটন, কৃষিকাজ, শিক্ষাদীক্ষা এবং সামাজিক সাহিত্য-সংস্কৃতির নামে দেয়া হয়ে থাকে। দূরদূরান্তের পাহাড়ী এলাকায় যাওয়ার জন্য অত্যাধুনিক সড়ক নির্মাণ এবং বৈদ্যুতিক ব্যবস্থা পৌছে দেয়ার ব্যাপারটি আইএমএফ তথা বিশ্বব্যাংকের পক্ষ থেকে এক বিশেষ দিকনির্দেশনা। পাহাড়ী এলাকায় বিদ্যমান বিভিন্ন নালা আর ঝর্ণাগুলোর ব্যাপারে বর্তমান সময়ে একটি অপপ্রচার ছড়ানো হয়েছে যে, এখান থেকে পানি পান করলে বিভিন্ন রোগব্যাধির সৃষ্টি হয়। এভাবে বিভিন্ন প্রোপাগান্ডা চালিয়ে তারা পাহাড়ী অঞ্চলের মানুষদেরকে প্রাকৃতিক পানি থেকে বিমুখ করে ন্যাসলে (Nestle) বোতলের ভেতরে জমে থাকা পুরাতন পানির অভ্যাসী বানাতে চায়, যা সম্পূর্ণই ইহুদীদের কুপরিকল্পণা।

২০০৩ সালটিকে আন্তর্জাতিক তরতাজা পানির সাল হিসেবে ধার্য করা হয়েছিল। (তাদের কাছে তরতাজা পানির সংজ্ঞা হল- যে পানি মাল্টিন্যাশনাল কোম্পানীর মাধ্যমে তৈরী করা হয়েছে) তার অধীনে অত্যন্ত জোরেশোরে একটি প্রোপাগান্ডা চালানো হয় যে, দুনিয়া থেকে পান করার পানি নিঃশেষ হতে চলেছে। ন্যাসলের বোতলভর্তি পানির ব্যবহার দিনদিন বেড়ে যাওয়াই এই প্রোপাগান্ডা বাস্তবায়নের নিদর্শন। আশ্চর্য লাগে ঐ সকল লোকদের জ্ঞান দেখে, যারা বিবেকবান হওয়া সত্তেও পাহাড়ের স্বচ্ছ-পরিস্কার পানি ছেড়ে দিয়ে ইহুদীদের বন্ধ বোতলে জমে থাকা পুরাতন পানি ব্যবহার করে থাকে। অথচ ঝর্ণার পানি শুধু সাধারণ পানিই নয়; বরং তা পেটের যাবতীয় রোগের প্রতিসেধক-ও। এর প্রতিউত্তরে বলা হয়- ডাক্তারগণ বলেছেন যে, ঝর্ণার পানি দেহের জন্য ক্ষতিকর। অতপর যখন জিজ্ঞাসা করা হয়- কোন ডাক্তার একথা বলেছেন..?? তখন বলে যে, বিশ্ব স্বাস্থ্য সংস্থার (W.H.O) ডাক্তারগণ। এখন আমার মত অল্পবুদ্ধিসম্পন্ন ব্যক্তিদের তো আর একথা জানা নেই যে, W.H.O শব্দটি কিসের সংক্ষিপ্ত রূপ (Abbreviation)?? World Hebrew

Organization(বিশ্ব ইহুদী সংগঠন) নাকি World Health Organization(বিশ্ব স্বাস্থ্য সংস্থা)..??!! হায়..! সাধারণ জনগণ যদি এসকল ব্যাপারে কিছু চিন্তাভাবনা করত যে, এই W.H.O এর ডাক্তারগণ প্রতিটি স্বাস্থ্যগত বিষয়কে ওভাবেই ঘোষনা করে থাকে, যেভাবে তাদের ইহুদী মনিবগণ আদেশ করে থাকে।

উপরোক্ত আলোচনার সারসংক্ষেপ হচ্ছে- বিশ্বের প্রাকৃতিক মিঠা পানির উপর পূর্ণ কন্ট্রোল প্রতিষ্ঠার জন্য বর্তমান সময়ে বিভিন্ন আন্তর্জাতিক সংস্থা আর এনজিও সংগঠনগুলো তৎপর রয়েছে। তারা ছলে বলে কৌশলে এগুলো দখলের জন্য সচেষ্ট রয়েছে।

দাজ্জাল কোন এলাকা থেকে আত্মপ্রকাশ করবে...

عن إسحاق بن عبد الله رضي الله عنه قال: سمعت أنس بن مالك رضي الله عنه يقول: يتبع الدجال سبعون ألفا من يهودية أصبهان ، عليهم الطيالسة.(صحيح المسلم،ج:4ص:2266)

অনুবাদ- হযরত ইসহাক বিন আব্দুল্লাহ থেকে বর্ণিত, তিনি বলেন- আমি আনাছ বিন মালেক (নবী করীম সা.এর প্রখ্যাত সাহাবী) রা. কে বলতে শুনেছি যে, "আসবাহান"এর সত্তর হাজার ইহুদী দাজ্জালকে অনুসরণ করবে। তাদের শরীরে চাদর (জুব্বা) থাকবে।

ইহুদীরা বিশেষ এক ধরনের চাদর পরে থাকে, যা মাথার উপর থেকে নিয়ে মাটি পর্যন্ত বিস্তৃত থাকে। ছবিতে লক্ষ করুন.....

ফায়দা- আপনারা পেছনে পড়ে এসেছেন যে, ইসরায়েলে রেশমী কাপড় দিয়ে বিশেষ এক ধরনের পোষাক তৈরী করা হচ্ছে, দাজ্জালের আগমণের পর তাদের ধর্মীয় পথপ্রদর্শকগণ সেটি গায়ে দিয়ে জনসমক্ষে প্রকাশ করবেন।

হযরত আয়েশা সিদ্দীকা রা. থেকে বর্ণিত, তিনি বলেন- একদা রাসূলে কারীম সা. আমার ঘরে তাশরীফ আনলেন। তখন আমি ঘরে বসে ক্রন্দন করছিলাম। রাসূলে কারীম সা. ক্রন্দনের কারণ জিজ্ঞেস করলে আমি বললাম- হে আল্লাহর রাসূল! দাজ্জালের কথা স্মরণ হয়ে গেছে। তখন রাসূলে কারীম সা. বলতে লাগলেন- সে যদি আমার জীবদ্দশায় বের হয়, তবে আমিই তোমাদের পক্ষ থেকে তাকে প্রতিহত করব। আর যদি সে আমার (মৃত্যুর) পর বের হয়, তবে-ও তোমাদের ভীত হওয়ার কোন দরকার নেই। কারণ, দাজ্জালের মিথ্যুক প্রমাণ হওয়ার জন্য এটুকুই যথেষ্ট যে, সে একচোখ কানা হবে। পক্ষান্তরে তোমাদের প্রকৃত প্রভু কানা নন। সে "আসফাহান"এর "ইহুদিয়া" বস্তি থেকে আত্মপ্রকাশ করবে।(مسند أحمد،ج:6ص:175) حسن

হযরত আমর বিন হুরাইস রা.- আবূ বকর রা. থেকে বর্ণনা করেন যে, তিনি বলেন- রাসূলে কারীম সা. এরশাদ করেছেন- দাজ্জাল ভূপৃষ্ঠের পূর্বদিকের খোরাসান নামক এলাকা থেকে আত্মপ্রকাশ করবে। তার সাথে প্রচুর অনুসারী থাকবে। তন্মধ্যে একদল অনুসারীদের চেহারা স্ফীত ঢালের মত দেখাবে (প্রশস্ত

চেহারার অধিকারী হবে)।(ترمذي وصححه الألباني ، مسند أحمد،ج:1ص:7 ، ابن ماجة،ج:2ص:1353 ، مسند أبي يعلى،ج:1ص:38)

ফায়দা- দাজ্জালের অনুসারীদের মধ্যে একদলের চেহারা স্ফীত ঢালের মত দেখাবে। বাস্তবেই তাদের চেহারা এমন হবে ?? নাকি তারা চেহারার উপর এমন কোন আধুনিক বস্তু পরিধান করবে, যার ফলে তাদেরকে এমন ভয়ানক দেখা যাবে। (আল্লাহই ভাল জানেন)

খোরাসান- উপরোক্ত হাদিসে খোরাসানকে দাজ্জালের প্রকাশস্থল বলা হয়েছে। পূর্বোক্ত বর্ণনায় "আসফাহান" বলা হয়েছিল। হাদিসদ্বয়ে বৈপরিত্বের কোন অবকাশ নেই। কারণ, আসফাহান হচ্ছে ইরানের একটি প্রদেশ। আর ইরান-ও পূর্বে খোরাসানের অন্তর্ভূক্ত ছিল।

খোরাসানের ব্যাপারে একটি সেনাদলের কথা পূর্বে আলোচনা করা হয়েছে, যারা ইমাম মাহদীর দলকে শক্তিশালী করার জন্য আসবে। সুতরাং ইমাম মাহদীর সেনাদলের নিদর্শনগুলো যদি আমরা খোরাসান অঞ্চলে তালাশ করি, তবে সেটি আফগানিস্তানের ভূমিতেই ভেসে উঠে, যারা বর্তমান সময়েও কুফুরী শক্তির বিরুদ্ধে কঠোর অবস্থানে থেকে যুদ্ধ করে যাচ্ছে। সুতরাং এসকল নিদর্শন আর ভৌগোলিক অবস্থান দেখে পরিস্কারভাবেই এটা বলা যায় যে, ইমাম মাহদীর দলকে শক্তিশালী করার জন্য খোরাসানের ঐ অঞ্চল থেকেই বাহিনী যাবে, যেখানে বর্তমান সময়ে তালেবানদের জোর রয়েছে। তবে অপর বর্ণনায় দাজ্জালের প্রকাশস্থল ইরাক ও শামের মধ্যবর্তী স্থান নির্ধারন করা হয়েছে, যা উপরোক্ত হাদিসদ্বয়ের সাথে বৈপরিত্বের সৃষ্টি করে। সামঞ্জস্য বিধানটি এভাবে করা যেতে পারে যে, তার প্রাথমিক আত্মপ্রকাশ তো আসফাহান থেকেই হবে, তবে প্রসিদ্ধি এবং খোদায়ী দাবীটি ইরাকের মধ্যে হবে। এজন্য হাদিসের ভাষায় এটাকেও প্রকাশস্থল বলা হয়েছে।

হাদিসে আসফাহানের "ইহুদীয়া" বস্তিকে তার আত্মপ্রকাশস্থল নির্দিষ্টি করা হয়েছে। "বুখতেনসর" যখন বাইতুল মাকদিসে আগ্রাসণ চালিয়েছিল, তখন ইহুদীদের একটি বড় দল জেরুজালেম ছেড়ে এখানে এসে আশ্রয় গ্রহণ করেছিল। ফলে ঐ এলাকাটির নাম পড়ে যায় "ইহুদীয়া"। ইহুদী সম্প্রদায়ের মধ্যে আসফাহানী ইহুদীদের জন্য বিশেষ এক মর্যাদার আসন রয়েছে। "প্রিন্স করীম আগাখান" ফ্যামিলির সম্পর্কও আসফাহানের সাথে। এই পরিবারটি উপমহাদেশের মধ্যে ইহুদীদের জন্য যে খেদমত পেশ করে যাচ্ছে, বর্তমান সময়ে যদি দাজ্জাল বের হয়ে যায়, তবে উক্ত পরিবারটি দাজ্জালের নিকটস্থ ব্যক্তিদের মধ্যে শামিল হবে। এছাড়াও আরো অনেক ইহুদী প্রসিদ্ধ ব্যক্তিত্ব রয়েছে, যারা মূলত আসফাহানী ইহুদী। তারাই বর্তমান ইসলামী বিশ্বের পরিস্থিতি বিনষ্ট করার জন্য সদা তৎপর রয়েছে।

ইরাকের ব্যাপারে একটি বিস্ময়কর বর্ণনা...

عن هيثم بن مالك الطائي رفع الحديث قال: يلي الدجال بالعراق سنتين ، يحمد فيها عدله ، وتشرأب الناس إليه ، فيصعد يوما المنبر ، فيخطب بها ثم يقبل عليهم ، فيقول لهم: ما آن لكم أن تعرفوا ربكم ؟؟ فيقول له قائل: ومن ربنا ؟؟ فيقول: أنا! فينكر منكر من الناس من عباد الله قوله ، فيأخذه فيقتله. (الفتن نعيم بن حماد،ج:2ص:539) فيه أبو بكر بن أبي مريم ضعيف.

অনুবাদ- হাইছাম বিন মালে তাঈ সরাসরি (রাসূলে কারীম সা. পর্যন্ত) সনদ সাব্যস্ত করে বলেন যে, দাজ্জাল (খোদায়ী দাবীর পূর্বে) দুই বৎসর ইরাকে শাসনকার্য পরিচালনা করবে। মানুষ তার ন্যায়পরায়ণতার প্রশংসা করবে। মানুষেরা মুগ্ধ হয়ে তার দিকে চলে আসবে। অতপর সে একদিন মিম্বরে দাড়িয়ে ইরাকের ব্যাপারে বলতে থাকবে (যে, আমি এখানে ইনসাফ ও ন্যায়ের শাসন প্রতিষ্ঠা করেছি)। অতপর সে লোকদের সামনে এসে বলবে- এখনো কি তোমাদের প্রভূকে চিনে নেয়ার সময় আসেনি ?? এক ব্যক্তি দাড়িয়ে বলবে- আমাদের প্রভূ কে ?? উত্তরে দাজ্জাল বলবে- আমি..! এটা শুনে আল্লাহর একজন খাঁটি বান্দা তাকে মিথ্যুক

সাব্যস্ত করবে। দাজ্জাল তাকে গ্রেফতার করে হত্যা করে দেবে।

عن عمران بن حصين رضي الله عنه قال: قال رسول الله صلى الله عليه وسلم: من سمع بالدجال فلينأ عنه ، فوالله! إن الرجل ليأتيه وهو يحسب أنه مؤمن فيتبعه مما يبعث به من الشبهات.(أبو داود: 3762) صححه الألباني.

অনুবাদ- ইমরান বিন হুছাইন রা. থেকে বর্ণিত, নবী করীম সা. বলেন- যে ব্যক্তি দাজ্জাল প্রকাশের খবর শুনে, সে যেন দাজ্জাল থেকে দূরে সরে যায়। আল্লাহর শপথ! নিজেকে মুমিন ধারণাকারী একজন ব্যক্তি (চ্যালেঞ্জ করার জন্য) তার কাছে আসবে। অতপর সে দাজ্জালের সৃষ্ট অলৌকিক বিষয়গুলো দেখে নিজেই দাজ্জালের অনুসরণ করে বসবে।

ফায়দা- দাজ্জালের ফেতনাটি ধনসম্পদ, সৌন্দর্যতা, ক্ষমতা ইত্যাদি সকল বিষয়ের মধ্যে ব্যাপক হয়ে যাবে। পৃথিবীর সকল সৌন্দর্যই শহরের এলাকাগুলোতে দেখা যায়। সুতরাং শহর থেকে যে যতই দূরে অবস্থান করবে, দাজ্জালের ফেতনা সেখানে ততই কম হবে। উম্মে হারাম রা.এর হাদিসটি-ও সেদিকে ইঙ্গিত বহন করে- "লোকেরা দাজ্জালের খবর শুনে এত দূরে ভেগে যাবে যে, কেউ কেউ পাহাড়ের গহীন গর্তে গিয়ে আশ্রয় নেবে।"

দাজ্জালের সাথে "তামীমে দারী রা." এর সাক্ষাত ও কথোপকথন...

হযরত ফাতেমা বিনতে কাইস রা. বলেন যে, একদা আমি রাসূলে কারীম সা.এর আহবানকারীকে ঘোষনা করতে শুনলাম- "নামাযের সময় হয়ে গেছে!" সুতরাং আমি মসজিদে গিয়ে হুযুর সা.এর সাথে জামাতে নামায আদায় করলাম। আমি পুরুষদের পেছনে মহিলাদের একটি কাতারের মধ্যে অবস্থান করছিলাম। নামায শেষে রাসূলে কারীম সা. মুচকি হাসি দিয়ে মিম্বরে তাশরীফ আনলেন। বলতে লাগলেন- প্রত্যেকেই নিজ নিজ স্থানে বসে থাক..! অতপর তিনি বললেন- তোমরা কি জান কি জন্য আমি তোমাদেরকে বসতে বলেছি..?? সাহাবায়ে কেরাম আরয করলেন- আল্লাহ এবং তার রাসূলই বেশি জানেন! রাসূল বলতে লাগলেন- আল্লাহর শপথ! আমি তোমাদেরকে কোন উৎসাহ বা ভয় দেখানোর জন্য বসতে বলিনি। বরং এজন্য বসতে বলেছি যে, "তামীমে দারী" একজন খৃষ্টান ব্যক্তি ছিল। সে আমার কাছে এসে ইসলামের উপর বায়আত গ্রহণ করেছে। সে আমার কাছে একটি ঘটনা বর্ণনা করেছে, যা তোমাদের কাছে বর্ণিত দাজ্জালের ঘটনার সাথে সম্পূর্ণ মিল রয়েছে। সে (তামীম) বলেছে যে, "বনূ লাখম" এবং "বনূ জুযাম" গোত্রদ্বয়ের কিছু লোককে সাথে নিয়ে সে একদা সমুদ্রভ্রমণে বের হয়। ঝড়ের কবলে পড়ে দিকভ্রান্ত হয়ে গেলে একমাস পর্যন্ত সমুদ্রের ঢেউ তাদের নিয়ে খেলা করতে থাকে। পরিশেষে ঢেউ পশ্চিম দিকের (সূর্যাস্তের স্থান) একটি দ্বীপে তাদেরকে নিয়ে পৌছায়। অতপর তারা ছোট ছোট নৌকায় চড়ে দ্বীপের অভ্যন্তরে প্রবেশ করলে সেখানে এক আশ্চর্যধরনের প্রাণীর সন্ধান মিলে। প্রাণীটি মোটা এবং ঘনচুল বিশিষ্ট ছিল। দেহের চুল অধিক হওয়ায় তার সামন-পেছন বুঝা যাচ্ছিলনা। তারা তা দেখে বলতে লাগল- ধ্বংস তোর..! তুই কে..?? সে বলল- আমি হলাম جساسة (শাব্দিক অর্থ হচ্ছে- গোয়েন্দা বা সংবাদ যোগাড়কারী)! তারা বলল- সেটা আবার কি..?? বলল- (সে কথা পরে হবে) তোমরা গির্জার ভেতরে থাকা ঐ লোকটির কাছে যাও! কেননা, সে তোমাদের সংবাদের ব্যাপারে গভীরভাবে অপেক্ষা করছে। যখন সে আমাদের কথা বলতে লাগল- তখন আমরা ঘাবড়ে গেলাম যে, শয়তান হয় কিনা..!! ফলে দ্রুত তার কাছ থেকে কেটে পড়ে গির্জায় ঢুকে পড়লাম। সেখানে আমরা একজন দীর্ঘকায় মহামানবকে শিকলে বাধা অবস্থায় দেখতে পেলাম। এমন ভয়ানক মানুষ আমরা ইতিপূর্বে প্রত্যক্ষ করিনি। তার দুই হাত কাঁধ পর্যন্ত এবং দুই পা টাখনা পর্যন্ত মজবুত জিঞ্জির দিয়ে বাধা ছিল। জিজ্ঞেস করলাম- ধ্বংস হোক তোর! কে তুই..?? বলল- তোমরা তো আমাকে পেয়েই গেছ এবং আমার অবস্থাও দেখে ফেলেছ..!! সুতরাং তোমরা বল- তোমরা কারা..?? উত্তরে বললাম- আমরা আরবী সম্প্রদায়! (অতপর তামীম দারী ঝড়ের কবলে পড়া এবং তুফানের সম্মুখীন হয়ে একমাস পর্যন্ত দিকভ্রান্ত অবস্থায় থাকার

পর দ্বীপের সন্ধান পাওয়ার সমস্ত কাহিনী খুলে বললেন)। অতপর সে (শিকলে বাধা মহামানব) জিজ্ঞেস করল- "বাইছান"এর খেজুরবৃক্ষগুলিতে কি এখনো ফল আসে ?? আমরা বললাম- হ্যাঁ..! সে বলল- অচিরেই এমন সময় আসবে, যখন ঐ বৃক্ষগুলোতে কোন ফল আসবেনা। অতপর জিজ্ঞেস করল- بحيرة طبرية তে কি পানি অবশিষ্ট আছে ?? আমরা বললাম- হ্যাঁ..! সেখানে প্রচুর পানি রয়েছে! সে বলল- অচিরেই তার পানি শুকিয়ে যাবে। অতপর সে জিজ্ঞেস করল- زغر এর ঝর্ণার কি অবস্থা..?? ঝর্ণা থেকে কি পানি প্রবাহিত হয় ?? স্থানীয় লোকেরা কি সেখান থেকে পানি সংগ্রহ করে খেতিকারবারী করে থাকে ?? আমরা বললাম- হ্যাঁ..! অতপর সে জিজ্ঞেস করল- উম্মী সম্প্রদায়ের নবীর ব্যাপারে আমাকে সংবাদ দাও- সে কি কি করেছে..!! আমরা বললাম- উনি মক্কা থেকে হিজরত করে মদীনায় চলে গেছেন। জিজ্ঞেস করল- আরব সম্প্রদায় কি তার সাথে যুদ্ধ করেনি ?? বললাম- হ্যাঁ..! যুদ্ধ করেছে! জিজ্ঞেস করল- উনি আরবদের সাথে কি আচরণ করেছেন ?? আমরা তাকে সমস্ত ঘটনা খুলে বললাম যে, আরবের সম্ভ্রান্ত ব্যক্তিদের উপর তিনি বিজয়ী হয়েছেন। অধিকাংশ আরব তাকে মেনে নিয়েছে! সে বলল- আরবদের জন্য তাকেঁ অনুসরণ করাই শ্রেয় হবে। এখন আমি তোমাদের কাছে স্বীয় পরিচয় বর্ণনা করছি! শোন..!! আমি হলাম "মাছীহ" (দাজ্জাল)! অচিরেই আমাকে ভূপৃষ্ঠে বের হওয়ার অনুমতি দেয়া হবে। আমি বের হব! বিশ্বজোড়ে ভ্রমণ করব! পৃথিবীর এমন কোন শহর থাকবেনা, যেখানে আমি প্রবেশ করবনা! চল্লিশটি রাত আমি এভাবে বিশ্বময় ঘুরে বেড়াব! কিন্তু আরবের মক্কা এবং তাইবা শহরে আমি ঢুকতে পারবনা! যখনই শহরদ্বয়ের কোনএকটিতে প্রবেশ করতে চাইব, তখনই নাঙ্গা তরবারী হাতে নিয়ে একজন ফেরেশতা আমার গতিরোধ করবে। কেননা, শহরদ্বয়ের প্রতিটি রাস্তায় তখন ফেরেশতা নিয়োজিত থাকবে।

ঘটনাটি শুনানোর পর রাসূলে কারীম সা. স্বীয় লাঠি দিয়ে মিম্বরে আঘাত করে বললেন যে, এটিই হচ্ছে তাইবা শহর! এটিই হচ্ছে তাইবা শহর! এটিই হচ্ছে তাইবা শহর! (অর্থাৎ মদীনা)। আমি কি তোমাদের কাছে পরিপূর্ণরূপে বর্ণনা করতে পেরেছি?! সবাই বলল- হ্যাঁ..!! বললেন- সতর্ক থেকো! দাজ্জাল বর্তমানে শামের সমুদ্রে অথবা ইয়েমেনের সমুদ্রে অবস্থান করছে! না!! বরং সে পূর্বদিকে অবস্থান করছে! পূর্বদিকে অবস্থান করছে! পূর্বদিকে অবস্থান করছে!! (মুসলিম শরীফ-৫২৩৫)

ফায়দা- ঘটনা বর্ণনার সময় রাসূলে কারীম সা. প্রথমে বললেন যে, দাজ্জাল শামের সমুদ্রে আছে অথবা ইয়েমেনের সমুদ্রে আছে। অতপর সেটি প্রত্যাহার করে তিনবার বললেন- না! বরং সে পূর্বদিকে অবস্থান করছে। এ ব্যাপারে উলামায়ে কেরাম বলেন- প্রথমবার যখন উনি বলছিলেন, তখন ওহীর মাধ্যমে উনাকে জানানো হয়েছিল যে, সে পূর্বদিকে অবস্থান করছে। একারণেই নবী করীম সা. তিনবার কথাটি বলেছিলেন।

যেহেতু নবী করীম সা. এথেকে আগে বাড়িয়ে কোন কিছু বলে যাননি। এজন্য আলোচনাটি এখানেই শেষ করা হল।

দাজ্জালের উপরোক্ত প্রশ্নাবলী এবং সেখানকার বর্তমান পরিস্থিতি...

দাজ্জাল তখন "বাইছান" এর খেজুরের বাগান, زغر (যুগার) ঝর্ণা, بحيرة طبرية (টাইবেরিয়াস লেক) এবং নবী করীম সা.এর ব্যাপারে প্রশ্ন করেছিল। উক্ত প্রশ্নগুলোতে যদি আপনি চিন্তা করেন, তবে চারটির মধ্যে তিনটিই পানিবিষয়ক। এই চারটি বিষয়ের সাথে অবশ্যই দাজ্জালের কোন না কোন সম্পর্ক রয়েছে।

"বাইছান" (Baysan) এর খেজুর বাগিচা...

"বাইছান" প্রথমে ফিলিস্তীনের সীমানায় ছিল। হযরত উমর রা.এর শাসনকালে শুরাহবীল বিন হাসানাহ এবং আমর বিন আস রা. এর নেতৃত্বে এলাকাটি বিজয় হয়েছিল। অতপর ১৯৪৮ এর পূর্বে এটি জর্ডানের অন্তর্ভূক্ত ছিল। ১৯৪৮ সালের মে মাসে ইসরায়েল "বাইছান"সহ এতদাঞ্চলের উনিশটি ছোটবড় শহরকে দখল করে নেয়। এখন সেটি ইসরায়েলের দখলে।

সাম্প্রতিক বাইছান এলাকার চিত্র।

"বাইছান"এর খেজুর বাগিচার ব্যাপারে প্রসিদ্ধ ঐতিহাসিক আবূ আব্দিল্লাহ ইয়াকূত হামভী রহ. (মৃত্যু-৬২৬ হিঃ) معجم البلدان গ্রন্থে লেখেন- "বাইছান" এলাকাটি খেজুর বাগিচার জন্য প্রসিদ্ধ ছিল। ওখানে আমি কয়েকবার গিয়েছি। (৬২৬ হিজরীর পূর্বে) আমি ওখানে শুধুমাত্র দু'টি পুরাতন খেজুরবাগান লক্ষ করতে পেরেছি।"

বর্তমান সময়েও বাইছান এলাকায় কোন খেজুরবাগান অবশিষ্ট নেই; বরং বর্তমানে এর পশ্চিমপ্রান্তে অবিস্থত "আরীহা" (Jericho)শহরটি খেজুরের জন্য প্রসিদ্ধ রয়েছে। বাইছানের কতিপয় এলাকা এখনো জর্ডানের সীমান্তবর্তী "গুর"(Ghor)এলাকার অধীনে রয়েছে। সাম্প্রতিক সময়ে "গুর" এলাকাটি গম এবং শাকসব্জি উৎপাদনের জন্য প্রসিদ্ধ। পাশাপাশি জর্ডানের ভবিষ্যৎ কৃষিফলন-ও আশাব্যঞ্জক নয়।

জর্ডান ইয়ারমূক নদীর পানির মাধ্যমে বেষ্টিত রয়েছে। জর্ডান সরকার ইয়ারমূক নদীর পানিকে "পূর্ব গুর কিনাল এরিগেশান প্রজেক্ট" এর জন্য গুর শহরের নিকটে নিয়ে এসেছে। গুরের উক্ত প্রজেক্টের মাধ্যমেই জর্ডানের ভূমিতে পানি সরবরাহ করা হয়ে থাকে। আর ইয়ারমূক নদীর পানি আসে গুলান পর্বতমালার উপর দিয়ে প্রবাহিত হয়ে।

বর্তমান বাইছান এলাকা

بحيرة طبرية (Lake of Tiberius)এর ঐতিহাসিক ও ভৌগোলিক অবস্থান...

দাজ্জালের দ্বিতীয় প্রশ্নটি ছিল بحيرة طبرية কে কেন্দ্র করে। বর্তমান সময়ে এটিও ইসরায়েলের দখলে রয়েছে। ইংরেজীতে এটাকে Lake of Tiberius বা Sea of Galilee এবং হিব্রু ভাষায় Yam Kinneret বলা হয়ে থাকে। (ইনসাইক্লোপেডিয়া অফ ব্রিটানিকা)

"বুহাইরা তাবারিয়া" (Lake of Tiberius) এর আশপাশে নয়টি শহর আবাদ রয়েছে। তন্মধ্যে একটি হচ্ছে তাবারিয়া, যা ইহুদীদের চারটি পবিত্রস্থানসমূহের একটি। ঐতিহাসিক দৃষ্টিকোণ থেকে এটি অনেক গুরুত্ব বহন করে থাকে। খৃষ্টাব্দ ৭০ এ রুমী বাদশা "টাইটাস" (Titus) যখন বাইতুল মাকদিস ধ্বংস করেছিল, তখন ইহুদীদের ধর্মীয় গুরুজন (যাদেরকে "রাব্বী" (Rabbi) বলা হয়ে থাকে) "তাবারিয়া"তে এসে আশ্রয় নিয়েছিল। এখানে ইহুদী ধর্মীয় গুরুজনদের দিয়ে একটি উচ্চ আদালত গঠন করা হয়েছিল। পরবর্তীতে খৃষ্টাব্দ তৃতীয় এবং পঞ্চম শতাব্দীতে ইহুদীদের ধর্মীয় ও আইনের কিতাব "তালমূদ" (Talmud) বিন্যস্ত করা হয়েছিল। ১২০০ খৃষ্টাব্দে কুকর্মের কারণে ইহুদীদেরকে "তাবারিয়া" থেকে পলায়ন করতে হয়। অতপর ১৮০০ খৃষ্টাব্দে পূণরায় তারা সেখানে গিয়ে আবাদ হয়। শহরটি বর্তমানে মনমোগ্ধকর পর্যটনস্থান হিসেবে প্রসিদ্ধ। (ইনসাইক্লোপেডিয়া অফ ব্রিটানিকা-২০০৫)

মুসলমানদের মধ্যে শুরাহবীল বিন হাসানা রা. এলাকাটি বিজয় করেছিলেন। অতপর শহরবাসী টেক্স আদায়ের চুক্তি ভঙ্গ করলে উমর রা. এর শাসনকালে আমর বিন আস রা. পূণরায় তা বিজয় করেন।

معجم البلدان গ্রন্থে এসেছে যে, "ওখানে একটি পুরাতন প্রাসাদ রয়েছে, যাকে "হাইকালে সূলেমানী" (সূলেমানী আকৃতি) বলা হয়ে থাকে। এর ভেতর দিয়ে পানি প্রবাহিত হয়ে থাকে। ওখানে গরম পানির ঝর্ণা রয়েছে। "বাইছান" এবং "গুর"এর মাঝামাঝিতে গরম পানির একটি ঝর্না রয়েছে, যা সূলাইমান আ.এর নামে

প্রসিদ্ধ। ঝর্ণাটির ব্যাপারে স্থানীয় লোকদের ধারণা- এই ঝর্ণার পানিতে সকল রোগের প্রতিসেধক রয়েছে। বুহাইরা তাবারিয়া"র মাঝে বড় একটি কাঁটাযুক্ত উচুঁ স্থান রয়েছে, দর্শনার্থীদের চোখে এটি দূর থেকে ভেসে উঠে। এলাকাবাসীর ধারণা- এখানেই হযরত সূলাইমান আ.এর কবর অবস্থিত।"

বুহাইরা তাবারিয়া এবং বর্তমান পরিস্থিতি...

এভাবেই দিনদিন বুহাইরা তাবারিয়ার পানি শুকিয়ে যাচ্ছে.

"বুহাইরা তাবারিয়া" হচ্ছে একটি ছোট বিল বা ঝিল, যা উত্তর-পূর্ব ইসরায়েলের জর্ডান সীমান্তের নিকটে অবস্থিত। বর্তমান সময়ে তাতে মিঠাপানি বিদ্যমান রয়েছে। বর্তমানে এর দৈর্ঘ্য উত্তর থেকে দক্ষিণে ২৩ কিলোমিটার। সর্বোচ্চ দৈর্ঘ্য উত্তরের দিকে ১৩ কিলোমিটার। সর্বোচ্চ গভীরতা হচ্ছে ১৫৭ ফিট। সম্পূর্ণ আয়তন হচ্ছে ১৬৬ বর্গকিলোমিটার। বর্তমানে এতে বিভিন্ন ধরনের মৎস্য পাওয়া যায়।

বর্তমান সময়ে "বুহাইরা তাবারিয়া" হচ্ছে ইসরায়েলের জন্য মিঠাপানির সবচে' বড় উপকরণ। আর বুহাইরা তাবারিয়া"র পানির বড় মাধ্যম হচ্ছে জর্ডান সাগর, যা গুলান পর্বতমালা হয়ে جبل الشيخ থেকে এসে থাকে। বর্তমানে ইসরায়েল বুহাইরা তাবারিয়াতে পানি আসার পূর্বেই জর্ডান সাগরের মুখকে ইসরায়েলের অভ্যন্তরের নিয়ে গেছে। এর মাধ্যমে তারা নিজেদের প্রয়োজন পূরণ করে থাকে আর অবশিষ্ট পানিকে তারা মরুভূমিতে ঢেলে অপচয় করে। যাতে মুসলমানদেরকে পানি থেকে বঞ্চিত রাখা যায়। এর ফলে জর্ডানের উর্বর ভূমিগুলো বাঞ্জার হয়ে যাওয়া এবং বুহাইরা তাবারিয়া" দ্রুত শুকিয়ে যাওয়ার আশংকা রয়েছে।

زغر (যুগার) ঝর্ণা...

দাজ্জালের তৃতীয় প্রশ্নটি ছিল "যুগার" ঝর্ণাকে কেন্দ্র করে। হযরত আব্দুল্লাহ বিন আব্বাস রা. বলেন যে, আল্লাহ তা'লা যখন লূত জাতিকে ধ্বংস করার ইচ্ছা করেছিলেন, তখন হযরত লূত আ.কে "সাদূম"এর বস্তি থেকে বের হয়ে যাওয়ার আদেশ দিয়েছিলেন। ফলে হযরত লূত আ. নিজের দুই কন্যা "রাব্বা" এবং "যুগার"কে সাথে নিয়ে বের হয়ে গিয়েছিলেন। বড় কন্যা যখন ইন্তেকাল করে, তখন তাকে একটি ঝর্ণার পাশে দাফন করেন। ফলে ঐ ঝর্ণাটির নাম হয়ে যায় عين ربه তথা "রাব্বা ঝর্ণা"। অতপর ছোটকন্যা "যুগার"এর ইন্তেকাল হলে তাকেও অপর এক ঝর্ণার পাশে দাফন করেন। ফলে ঐ ঝর্ণাটির-ও নাম পড়ে যায় عين زغر তথা "যুগার ঝর্ণা"। (معجم البلدان)

معجم البلدان প্রণেতা আবূ আব্দিল্লাহ হিমাভী রহ. "যুগার ঝর্ণা"কে মৃত সাগরের (Dead Sea)পূর্বদিকে বলেছেন।

বাইবেলের কথা অনুযায়ী লূত জাতির উপর শাস্তি আসার পর হযরত লূত আ. যে বস্তির দিকে

গিয়েছিলেন, সেটিকে "যূর" (Zoar) বলা হত। এলাকাটি বর্তমান সময়ে মৃত সাগরের পূর্বেদিকে জর্ডানে الصافي নামে প্রসিদ্ধ। (দি হারপার কলিন্স আটলাস)

গুলান পর্বতমালার ভৌগোলিক অবস্থান...

১৯৬৭ সালের যুদ্ধে ইসরায়েল গুলান পর্বতমালাকে শাম থেকে ছিনিয়ে নিয়েছিল। جبل الشـــيخ (Mount Herman)হচ্ছে গুলান পর্বতমালার ধারাবাহিকতার সর্বোচ্চ চূড়া, যার একদিকে বাইতুল মাকদিস অপরদিকে দামেস্ক শহর সম্পূর্ণ নিচে দেখা যায়। তার উচ্চতা ৯২৩২ ফিট। جبل الشيخ বর্তমানে লেবানন, শাম আর ইসরায়েলের দখল রয়েছে। অবশিষ্ট কিছু এলাকা জাতিসংঘের বেসামরিক স্থান হিসেবে নির্ধারিত রয়েছে। পানির কথা চিন্তা করলে جبل الشيخ হচ্ছে উন্মুক্ত এলাকা। এভাবে ভৌগোলিক আর পানিয় সুবিধার দিকে লক্ষ করলে এ পর্বতমালা স্থানীয় অঞ্চলের জন্য অত্যন্ত গুরুত্ব বহন করে।

এখন আপনি দাজ্জালের পক্ষ থেকে করা "বাইছান", বুহাইরা তাবারিয়া আর "যুগার ঝর্ণা" সম্পর্কে প্রশ্নগুলি গভীরভাবে চিন্তা করুন! তিনটি বিষয়ের সম্পর্কই এই গুলান পর্বতমালার সাথে। পাশাপাশি যে সকল হাদিসে দামেস্ক, বুহাইরা তাবারিয়া, বাইতুল মাকদিস আর উন্মুক্ত ময়দানকে মুসলমানদের ঘাটি বলা হয়েছে সেগুলোর প্রতি যদি নজর দেন, তবে এই গুলান পর্বতমালার অবস্থান আপনার পরিস্কারভাবে বুঝে আসবে।

একথাটিও স্মরণ রাখবেন যে, ইহুদী এবং খৃষ্টানদের "আরমিগডান" (বিশ্বযুদ্ধ) সম্পর্কে যে দৃষ্টিভঙ্গি রয়েছে, তা হল- এই আরমিগাডান (বিশ্বযুদ্ধ) "মিগড"এর প্রান্তরে অনুষ্ঠিত হবে। "মিগড"এর প্রান্তরটিও কিন্তু বুহাইরা তাবারিয়ার অল্পকিছু পশ্চিমে অবস্থিত একটি ময়দান। "আফীক"এর ঐ ঘাটি, যেখানে দাজ্জাল মুসলমানদেরকে অবরোধ করে ফেলবে, সেটিও বুহাইরা তাবারিয়ার দক্ষিণে অবস্থিত। এভাবে এসকল ঐতিহাসিক স্থানসমূহ সম্পূর্ণ গুলান পর্বতমালার নিচে অবস্থিত। আপনি যদি ইসরায়েল-ফিলিস্তীন আর ইসরায়েল-শাম কর্তৃক উক্ত এলাকা নিয়ে মতানৈক্যের ব্যাপারে চিন্তা করেন, তবেই ব্যাপারটি আপনি অতি সহজে বুঝতে সক্ষম হবেন যে, বিশ্বকুফুরী শক্তি কোন্ নির্দিষ্ট লক্ষকে সামনে রেখে একের পর এক স্বীয় পদক্ষেপগুলো বাস্তবায়ন করে যাচ্ছে..!! পাশাপাশি নিরীহ ফিলিস্তিনীদেরকে নিঃশেষ করার জন্য সকল কুফুরী শক্তি ইসরায়েলকে কেন সহায়তা করছে..!!

দাজ্জালের জন্য নিষিদ্ধ নগরি- মক্কা এবং তাইবা (মদীনা)...

عن أبي بكرة رضي الله عنه عن النبي صلى الله عليه وسلم: لا يدخل المدينة رعب المسيح الدجال ، لها يومئذ سبعة أبواب على كل باب ملكان.(صحيح البخاري)

অনুবাদ- হযরত আবূ বাকরা রা. থেকে বর্ণিত, নবী করীম সা. এরশাদ করেন- মদীনা নগরীতে কখনো দাজ্জালের শংকা ভর করবেনা। কারণ, সেদিন মদিনার সাতটি দরজা থাকবে। প্রতিটি দরজায় দু'জন করে ফেরশতা নিযুক্ত থাকবে।

قال رسول الله صلى الله عليه وسلم: ما من بلد إلا سيدخله الدجال إلا الحرمين مكة والمدينة ، وأنه ليس بلد إلا سيدخله رعب المسيح إلا المدينة على كل نقب من أنقابها يومئذ ملكان يذبان عنها رعب المسيح.(المستدرك على الصحيحين،ج:4ص:584)

অনুবাদ- রাসূলে কারীম সা. এরশাদ করেন- পৃথিবীর এমন কোন এলাকা নেই, যেখানে দাজ্জাল প্রবেশ করবেনা। শুধুমাত্র হারামাইন তথা মক্কা এবং মদীনা ব্যতিত। এমন কোন শহর নেই, যেখানে দাজ্জালের শংকা ভর করবেনা। শুধুমাত্র মদীনা শহর ব্যতিত। মদীনার প্রতিটি রাস্তায় তখন দু'জন করে ফেরেশতা নিয়োজিত থাকবে, যারা (নাঙ্গা তলোয়ার হাতে নিয়ে) দাজ্জালের অনিষ্টতা থেকে মদীনাকে রক্ষা করবে।

عن جابر بن عبد الله رضي الله عنه يقول: أخبرتني أم شريك ، أنها سمعت رسول الله صلى الله عليه وسلم يقول: ليفرن الناس من الدجال في الجبال ، قالت أم شريك: يا رسول الله! فأين العرب يومئذ ؟؟ هم يومئذ قليل. (صحيح المسلم،ج:4ص:2266)

অনুবাদ- হযরত জাবের রা. হতে বর্ণিত, তিনি বলেন যে, আমাকে উম্মে শুরাইক রা. সংবাদ দিয়েছেন যে, তিনি নবী করীম সা.কে বলতে শুনেছেন- দাজ্জালের ভয়ে মানুষেরা পলায়ন করে পাহাড়ে গিয়ে আশ্রয় নেবে। উম্মে শুরাইক জিজ্ঞেস করলেন- হে আল্লাহর রাসূল! আরব সম্প্রদায় তখন কোথায় থাকবে ?? উত্তরে বললেন- আরব সম্প্রদায় তখন অল্পসংখ্যক থাকবে।

ফায়দা- যখন নবী করীম সা. দাজ্জালের আলোচনা করছিলেন এবং দাজ্জালের মিথ্যা দাবীগুলো তুলে ধরছিলেন, তখন উম্মে শুরাইক যে প্রশ্নটি করেছিলেন, তার সারমর্ম হল- আরব সম্প্রদায় তো হল সত্যের জন্য

জান কুরবানকারী সম্প্রদায়। তারা তো বাতিলের বিরুদ্ধে সদা লড়াইয়ে অভ্যস্থ সম্প্রদায়। তাদের বর্তমানে দাজ্জাল কি করে এতসব হাঙ্গামা সৃষ্টি করবে ??!! তখন রাসূলে কারীম সা. যে উত্তরটি দিয়েছিলেন, তার সারাংশ হল যে, হে উম্মে শুরাইক! সত্যের জন্য জান কুরবানকারী আরব সম্প্রদায় তখন অল্পসংখ্যক থাকবে। অন্যথায় সংখ্যার দিক থেকে তো আরব তখন অনেক বেশি হবে। কিন্তু যে সকল আরব বীরযুদ্ধাদের ব্যাপারে তুমি প্রশ্ন করছ, তাদের সংখ্যা যৎসামান্য হবে।

নাওয়াছ বিন ছামআন রা.এর হাদিস...

হযরত নাওয়াছ বিন ছামআন বলেন- একদিন নবী করীম সা. দাজ্জাল সম্পর্কে আলোচনা করছিলেন। কখনো উনার আওয়াজ উচুঁ হচ্ছিল আবার কখনো ক্ষীন হচ্ছিল। ভয়ে আলোচনার এক পর্যায়ে আমাদের মনে হচ্ছিল যে, দাজ্জাল মনে হয় পাশের খেজুর বাগানে এসে উপস্থিত হয়েছে। অতপর আমরা যখন সন্ধায় রাসূলের কাছে ফিরে আসলাম, তখন আমাদের চেহারায় উদ্বিগ্নতার রেখা দেখে তিনি বলতে লাগলেন- কি হল তোমাদের ?? আমরা বললাম- হে আল্লাহর রাসূল! (সকালে) আপনি দাজ্জালের আলোচনা করেছেন, আলোচনার সময় কখনো আপনার আওয়াজ উচুঁ হচ্ছিল আবার কখনো ক্ষীন হচ্ছিল। আলোচনান্তে আমাদের এমন মনে হল যে, দাজ্জাল মনে হয় পাশের খেজুর বাগানে লুকিয়ে রয়েছে। একথা শুনে নবী করীম সা. বললেন- সে যদি আমার জীবদ্দশায় বের হয়, তবে আমিই তোমাদের পক্ষ থেকে তার মুকাবেলা করব। আর যদি আমার (মৃত্যুর) পর বের হয়, তবে প্রতিটি মুসলমানের দায়িত্ব হচ্ছে নিজের পক্ষ থেকে দাজ্জালের মুকাবেলা করা। আর আল্লাহ তা'লাই সকল মুসলমানকে তত্ত্বাবধান করবেন। সে (দাজ্জাল) বলিষ্ঠ যুবক হবে। তার চোখ স্ফীত আঙ্গুরের ন্যায় বাইরের দিকে প্রকাশিত থাকবে। সে দেখতে আব্দুল উয্যা বিন কাতন এর মত দেখাবে। তোমাদের মধ্যে যে কেউ তাকে পেয়ে যাবে, সে যেন সূরায়ে কাহফের প্রাথমিক (১০টি) আয়াত পড়ে নেয়। সে ইরাক এবং শামের মধ্যবর্তী একটি সড়ক থেকে আত্মপ্রকাশ করবে। ডানে বায়ে দাঙ্গা-হাঙ্গামা আর ফেতনা ফ্যাসাদ ছড়িয়ে দেবে। ওহে আল্লাহর বান্দাগণ! (তার মুকাবেলায়) তোমরা অটল থেকো!! আমরা জিজ্ঞেস করলাম- হে আল্লাহর রাসূল! সে দুনিয়াতে কতদিন অবস্থান করবে ?? উত্তরে বললেন- চল্লিশ দিন। (প্রথম)দিন হবে এক বৎসরের সমান। দ্বিতীয় দিন এক মাসের সমান। তৃতীয় দিন হবে এক সপ্তাহের সমান। আর বাকী দিনগুলি সাধারণ দিনের মত হবে। জিজ্ঞেস করলাম- হে আল্লাহর রাসূল! ভ্রমণকালে তার গতি কেমন হবে ?? বললেন- প্রবল ঝঞ্ঝাবায়ূর তাড়িয়ে নিয়ে যাওয়া বাদলের মত হবে। এভাবে সে এক সম্প্রদায়ের কাছে এসে নিজেকে খোদা বলে মেনে নেয়ার দাবী জানালে তারা দাজ্জালের উপর ঈমান নিয়ে আসবে এবং দাজ্জালের কথাকে তারা মেনে নেবে। ফলে দাজ্জাল তাদের প্রতি সন্তুষ্ট হয়ে আকাশকে আদেশ করবে তাদের উপর বৃষ্টি বর্ষন করতে। ফলে আকাশ বৃষ্টি বর্ষন করবে। ভূমিকে আদেশ করবে ফসল উৎপন্ন করতে। যমিন ফসল উৎপন্ন করে দেবে। সন্ধায় তাদের গরু-ছাগলগুলো যখন মাঠ থেকে প্রত্যাবর্তন করবে, তখন স্তনগুলো দুধে ভরপুর থাকবে, পেটগুলো স্ফীত থাকবে। অতপর দাজ্জাল অপর এক সম্প্রদায়ের কাছে এসে নিজেকে খোদা বলে মেনে নেয়ার দাবী জানালে তারা তা অস্বীকার করবে। দাজ্জাল তাদের প্রতি অসন্তুষ্ট হয়ে চলে যাবে। ফলে তারা দুর্ভিক্ষের কবলে পড়ে যাবে। তাদের মালসম্পদ থেকে কোন কিছুই অবশিষ্ট থাকবেনা, সবকিছু নিঃশেষ হয়ে যাবে। দাজ্জাল এক অনুর্বর জমির পাশ দিয়ে অতিক্রম করবে। দাজ্জাল জমিকে আদেশ করবে- "তুমি তোমার রত্ন-ভান্ডার উন্মোচন করে দাও"। ফলে ঐ জমির সকল রত্ন-ভান্ডার বের হয়ে এমনভাবে দাজ্জালের পিছু পিছু চলে যাবে, যেমন মৌমাছিরা তাদের সরদারের পেছনে পেছনে দলবেধে চলে যায়। সে একজন বলিষ্ঠ যুবককে কাছে ডেকে তরবারী দিয়ে দুই টুকরা করে দেবে। লাশের দুটি টুকরা এত দূরে গিয়ে পড়বে, যতটুক দূরে লক্ষবস্তুর দিকে নিক্ষেপিত কোন তীর গিয়ে পড়ে। অতপর দাজ্জাল সেই (নিহত দুই টুকরা হয়ে যাওয়া) যুবককে আহবান করলে (দুই টুকরা একসাথে জোড়া লেগে) যুবকটি উঠে চলে আসবে। এভাবে তার ভয়াবহ ফেতনা বিশ্বজোড়ে চলতে থাকবে। শেষপর্যন্ত ঈসা ইবনে মারয়াম আ.কে আল্লাহ তা'লা (আসমান থেকে) প্রেরণ করবেন। (مسلم،ج:4ص:2250)

মুসলিম শরীফের অপর বর্ণনায় এসেছে যে, দাজ্জাল প্রথমে ঐ যুবকটির উপর কঠোরতা আরোপ করবে। তার কোমর এবং পিঠে অনেক মারধর করবে। বলবে- এখন কি আমার উপর ঈমান এনেছিস ?? যুবকটি উত্তরে বলবে- তুই হচ্ছিস দাজ্জাল! অতপর দাজ্জাল যুবকটিকে দুই পা ফেড়ে শরীরে মাঝখান দিয়ে চিড়ে ফেলার আদেশ করলে তাকে চিড়ে ফেলা হবে। অতপর দাজ্জাল তার দেহদ্বয়কে পূণরায় জোড়া লাগিয়ে জীবিত করে তাকে বলবে- এখন কি বিশ্বাস হয়েছে যে, আমিই হচ্ছি খোদা..??!! উত্তরে যুবকটি বলবে- এখন তো আমার পরিপূর্ণ বিশ্বাস হয়ে গেছে যে, তুই-ই হচ্ছিস দাজ্জাল। (আর আমি হলাম সে সৌভাগা যুবক, যার ব্যাপারে নবী করীম সা. সুসংবাদ দিয়ে গেছেন) যুবকটি বলবে- ওহে লোকসকল! আমার পরে আর কোন ব্যক্তির সাথে সে এরকম আচরণ করতে পারবেনা। নবী করীম সা. বলেন- অতপর দাজ্জাল ঐ যুবকটিকে জবাই করতে চাইলে আল্লাহ তা'লা যুবকটির গলাকে তামা বানিয়ে দেবেন। ফলে দাজ্জাল আর তাকে জবাই করতে সক্ষম হবেনা। নবী করীম সা. বলেন- অতপর দাজ্জাল যুবকটির এক হাত এবং এক পায়ে ধরে দূরে নিক্ষেপ করবে। লোকেরা মনে করবে যে, দাজ্জাল তাকে জাহান্নামে নিক্ষেপ করেছে। অথচ সে জান্নাতে প্রবেশ করেছে। অতপর নবী করীম সা. বলেন- ঐ যুবকটি আল্লাহ তা'লার কাছে সবচে' উত্তম মহান ও মর্যাদাপূর্ণ শহীদ হিসেবে বিবেচিত হবে। (مسلم،ج:4ص:2256 ، مسند أبي يعلى،ج:2ص: 534)

ফায়েদা-

(১) সময় কি তাহলে থমকে যাবে...??

দাজ্জালের জন্য সময় থমকে যাওয়া। বিষয়টি কি জাদু প্রতিক্রিয়ার কারণে হবে নাকি অত্যাধুনিক টেকনোলোজী ব্যবহার করে সে এমনটি করবে। কেননা, সাহাবায়ে কেরাম রা. তখনকার পরিস্থিতিতে নামায পড়া সম্পর্কে নবী করীম সা.কে জিজ্ঞেস করলে তিনি বলেন- সময় হিসাব করে তোমরা নামায আদায় করে নিও!

সময়ের গতিরোধ করতে দাজ্জালী শক্তি নিয়মিত গবেষনা করে চলেছে। আপনি হয়ত শুনে থাকবেন যে, "টাইম মেশিন" নামে একটি অত্যাধুনিক যন্ত্র আবিস্কার করার চেষ্টা করা হচ্ছে, যার মাধ্যমে মানুষকে অতিতের কোন সময়ে পৌছে দেয়া সম্ভব হবে। বরং প্রকৃতপক্ষে তো সে বর্তমান কালেই হবে, কিন্তু মেশিনটি ব্যবহার করলে এমন অনুভূত হবে যে, সে এখন অতীতকালে অবস্থান করছে। অতিশিঘ্রই সিষ্টেমটি বিশ্ববাজারে আসতে পারে।

(২) সাহাবায়ে কেরাম রা. রাসূলের কাছে পৃথিবীতে দাজ্জালের অবস্থান এবং গতির ব্যাপারে প্রশ্ন করেছিলেন, যার মাধ্যমে তাদের সামরিক দৃষ্টিভঙ্গির প্রমাণ পাওয়া যায়। জিজ্ঞেস করার মাধ্যমে তাদের উদ্দেশ্য ছিল যে, দাজ্জালের সাথে আমাদের কয়দিন যুদ্ধ করা লাগবে! কেননা, যুদ্ধকালীন একস্থান থেকে অন্যস্থানে যাতায়াতের বিষয়টি অত্যন্ত গুরুত্ব বহন করে থাকে। এ কারণেই সাহাবায়ে কেরাম রা. তার গতির ব্যাপারে জিজ্ঞাসা করেছিলেন..!!

(৩) প্রথম দিনটি এক বৎসরের সমান। দ্বিতীয় দিনটি এক মাসের সমান। তৃতীয় দিনটি এক সপ্তাহের সমান। আর বাকী সাঁইত্রিশ দিন সাধারণ দিনের মতই হবে। এভাবে হিসাব করলে পৃথিবীতে দাজ্জালের মোট অবস্থানকাল হয়- এক বৎসর দুই মাস চৌদ্দ দিন। কতিপয় মুহাদ্দিসীনের কাছে দিন লম্বা হয়ে যাওয়ার মাধ্যমে উদ্দেশ্য হল যে, চিন্তা ও পেরেশানীর কারণে দিনগুলি লম্বা অনুভূত হবে। এর জবাবে ইমাম নববী রহ. বলেন-قال العلماء: هذا الحديث على ظاهره........ يدل عليه قوله صلى الله عليه وسلم "وسائر أيامه كأيامكم" অর্থাৎ অধিকাংশ উলামাদের মতে- হাদিসটি তার বাহ্যিক অর্থে নেয়া হবে। কেননা, রাসূল সা.এর বাণী "আর বাকী দিনগুলি সাধারণ দিনের মতই হবে" তাই প্রমাণ করে। পাশাপাশি সাহাবায়ে কেরাম যখন প্রশ্ন করেছিলেন- প্রথম দিনে (এক বৎসর) আমরা নামায কতটুকু আদায় করব ?? একদিনের নামাযই

কি আমাদের জন্য যথেষ্ট হয়ে যাবে ?? তখন উত্তরে নবী করীম সা. বলেছিলেন- তোমরা হিসাব এবং আন্দাজ করে (পূর্ণ এক বৎসরের) নামাযগুলো আদায় করে নিও!!(شرح مسلم للنووي)

(৪) ডানে বামে দাঙ্গা-হাঙ্গামা আর ফেতনা-ফ্যাসাদ ছড়িয়ে দেবার উদ্দেশ্য হল- দাজ্জাল নিজে যেখানে অবস্থান করবে, সেখানে তো ফেতনা-ফ্যাসাদ হবেই। পাশাপাশি সে তার এজেন্টদের ব্যবহার করে আশপাশেও বিশৃঙ্খলা ছড়িয়ে দেবে। যেমন, আমরা দেখে থাকি- যুদ্ধের মধ্যে "কমান্ডার ইন চীফ" বিশেষ বিশেষ স্থানে গমন করে থাকেন আর আশপাশের এলাকাগুলোতে সহযোগীদের প্রেরণ করে থাকেন। কেননা, যুবককে হত্যাপ্রচেষ্টার হাদিসে স্পষ্টভাবে উল্লেখ আছে যে, দাজ্জালের কাছে সংবাদ আসবে যে, একজন যুবক তার সম্পর্কে অপপ্রচার করে থাকে। তখন দাজ্জাল তার এজেন্টদের কাছে বার্তা প্রেরণ করবে যে, ঐ যুবককে আমার কাছে ধরে নিয়ে এসো! বর্ণনাটি নুআইম বিন হাম্মাদ "আলফিতান" গ্রন্থে উল্লেখ করেছেন। এর মাধ্যমে প্রতীয়মান হয় যে, দাজ্জাল ছাড়া তার এজেন্টগণও ঈমানদারদের বিরুদ্ধে যুদ্ধে লিপ্ত থাকবে। আর দাজ্জাল জাগায় জাগায় গিয়ে তাদেরকে তত্ত্বাবধান করবে।

ابن صياد "ইবনে সাইয়াদ"...

দাজ্জালের বর্ণনার মাঝখানে ইবনে সাইয়াদের আলোচনা সংযোজন করা সমিচীন মনে হচ্ছে। "ইবনে সাইয়াদ" হচ্ছে একটি ইহুদী সন্তান, সে মদীনাতে লালিত হয়েছিল। তার নাম ছিল- "ছাফী"। জাদুবিদ্যা এবং বিস্ময়কর বিষয় আবিস্কারে সে প্রসিদ্ধ ছিল। দাজ্জালের ব্যাপারে নবী করীম সা. যে সকল নিদর্শন বলে গেছেন, তার অধিকাংশই ইবনে সাইয়াদের মাঝে পরিলক্ষিত হয়েছে। একারণেই স্বয়ং নবীজী সা. পর্যন্ত তার ব্যাপারে সবসময় পেরেশান থাকতেন। তদন্তের জন্য একাধিকবার চুপিসারে তার কথোপকথন শুনার চেষ্টা করেছেন। শেষপর্যন্ত নবী করীম সা. এ ব্যাপারে স্পষ্টভাবে কিছু বলে যাননি যে, ইবনে সাইয়াদ-ই সেই ভয়ানক দাজ্জাল কিনা !! বেশ কয়েকজন উচুস্তরের সাহাবী তাকে দাজ্জাল বলে আখ্যা দিয়েছেন। নিচে এ ব্যাপারে কতিপয় হাদিস পেশ করা হল :-

হযরত আব্দুল্লাহ বিন উমর রা. থেকে বর্ণিত, তিনি বলেন যে, একদা হযরত উমর রা. সাহাবায়ে কেরামের একটি প্রতিনিধি দলসহ নবী করীম সা. এর সাথে ইবনে সাইয়াদের কাছে গেলেন। ইবেন সাইয়াদ তখন ইহুদী বসতি "বনূ মুগালা"তে সাথীদের নিয়ে খেলা করছিল। সে তখন স্বাবালক হওয়ার নিকটবর্তী। ইবনে সাইয়াদ তাদেরকে দেখতে না পেয়ে স্বীয় খেলায় মগ্ন ছিল। শেষপর্যন্ত নবী করীম সা. গিয়ে তার পিঠে মৃদু আঘাত করলেন। ইবনে সাইয়াদ যখন রাসূলের দিকে মনোনিবেশ করল, তখন রাসূলে কারীম সা. তাকে বললেন- তুমি কি বিশ্বাস কর যে- আমি হলাম আল্লাহর প্রেরিত রাসূল..?? তা শুনে ইবনে সাইয়াদ (রাগতস্বরে) রাসূলের দিকে তাকাল এবং বলল- আমি বিশ্বাস করি যে, আপনি হচ্ছেন উম্মী তথা বকলম লোকদের জন্য রাসূল। একথা বলে ইবনে সাইয়াদ রাসূলকে পাল্টা প্রশ্ন করল- আপনি কি মনে করেন যে, আমি হলাম আল্লাহর রাসূল..?? তখন রাসূল সা. তাকে (ধরে) খুব ডাঁটলেন এবং বললেন- আমি আল্লাহ ও তাঁর রাসূলদের উপর বিশ্বাস করলাম। অতপর নবী করীম সা. তাকে বললেন- বলতো! তুই কি কি দেখিস..?? অর্থাৎ অদৃশ্যের বিষয়াবলী থেকে তোর নজরে কিছু ভাসে..?? উত্তরে সে বলল- কখনো আমার কাছে সত্য সংবাদ আসে, আবার কখনো মিথ্যা সংবাদ আসে। রাসূলে কারীম সা. বলতে লাগলেন- তোর ব্যাপারে সবকিছুই গড়বড় মনে হচ্ছে। অতপর (পরীক্ষার জন্য) রাসূল তাকে বললেন- আমি তোর জন্য মনে মনে একটি কথা লুকিয়েছি, বলতো সেটা কি..?? (নবী করীম সা.এর লুকানো কথাটি ছিল-يوم تأتي السماء بدخان مبين "যেদিন আসমানে প্রকাশ্য ধুঁয়া দেখা যাবে")। উত্তরে সে বলল- সেটি হচ্ছে- دخ (دخان এর সংক্ষিপ্ত রূপ)। তার জবাব শুনে নবী করীম বললেন- দূরে যা.. !! তুই তোর নির্ধারিত সময়ের পূর্বে কিছুই করতে পারবিনা!! পরিস্থিতি দেখে হযরত উমর রা. বললেন- হে আল্লাহর রাসূল! অনুমতি দিন আমি তার গরদান উড়িয়ে দেব! রাসূলে কারীম সা. বললেন- সেই যদি দাজ্জাল হয়, তবে তুমি তাকে মারতে

পারবেনা (কারণ, তাকে হত্যার বিষয়টি আল্লাহ পাক ঈসা বিন মারয়াম আ.এর হাতে লিখে রেখেছেন)। আর যদি দাজ্জান না হয়ে থাকে, তবে তাকে হত্যা করে কোন লাভ নেই!!

হযরত ইবনে উমর রা. বলেন- আরেকদিন নবী করীম সা. তার বাড়ীর পাশের খেজুর বাগানে গেলেন, যেখানে ইবনে সাইয়াদ অবস্থান করছিল। এসময় আমার সাথে উবাই বিন কা'ব আনসারী-ও ছিলেন। ওখানে গিয়ে নবী করীম সা. খেজুর বৃক্ষের পেছনে লুকাতে চাইলেন, যাতে তার অজান্তেই নবী করীম সা. তার কিছু কথোপকথন শুনতে পারেন। ইবনে সাইয়াদ তখন চাদর গায়ে জড়িয়ে শুয়া ছিল। চাদরের ভেতর থেকে কি যেন গুনগুনানীর আওয়াজ ভেসে আসছিল। এমন সময় ইবনে সাইয়াদের মা এসে নবী করীম সা.কে খেজুর বৃক্ষের পেছনে লুকানো দেখে ইবনে সাইয়াদকে বলতে লাগল- হে ছাফী ! ঐ তো মুহাম্মদ এসে গেছে। একথা শুনামাত্রই ইবনে সাইয়াদ তার গুনগুনানীর আওয়াজ বন্ধ করে দেয়। তখন রাসূলে কারীম সা. বলতে লাগলেন- তার মা যদি এসে বাধা না দিত, তবে আজকে সে তার আসল চেহারা প্রকাশ করে দিত। এই ঘটনার পর যখন নবী করীম সা. ভাষন দেয়ার জন্য লোকদের সামনে দাড়ালেন, তখন আল্লাহর প্রশংসা বর্ণনান্তে দাজ্জালের আলোচনা তুলে আনলেন। বলতে লাগলেন- আমি তোমাদেরকে দাজ্জাল থেকে সতর্ক করছি!! নূহ আ.এর পর এমন কোন নবী অতিবাহিত হননি, যে স্বীয় জাতিকে দাজ্জাল সম্পর্কে সতর্ক করেননি। এমনকি নূহ আ.ও স্বীয় জাতিকে দাজ্জাল থেকে সতর্ক করেছিল। কিন্তু আমি তোমাদের কাছে (দাজ্জাল সম্পর্কে) এমন একটি কথা বর্ণনা করব, যা ইতিপূর্বে কোন নবী বর্ণনা করেননি। জেনে রেখো!! দাজ্জাল কিন্তু একচোখে কানা হবে। আর আল্লাহ রাব্বুল আলামীন কানা নন। (صحيح البخاري،ج:3ص: 1112 ، صحيح المسلم،ج:4ص:2244)

হযরত আব্দুল্লাহ বিন উমর রা.বলেন- একদা পথে চলতে গিয়ে ইবনে সাইয়াদের সাথে আমার সাক্ষাৎ ঘটল। তখন তার একচোখ ফুলে উঠেছিল। জিজ্ঞাস করলাম- কিরে..! তোর চোখের এ অবস্থা কেন ?? উত্তরে বলল- জানা নেই! আমি বললাম- চোখ তোর মাথায়..আর তুই-ই জানিসনা..!! সে বলল- প্রভূ চাহেন তো তোমার লাঠির মাথায় আমি চোখ তৈরী করতে পারি..!! অতপর ইবনে সাইয়াদ নাক দিয়ে স্বজোরে গাধার ন্যায় একটি আওয়াজ বের করল। (মুসলিম শরীফ)

হযরত ইবনে মুনকাদির রা. বলেন- আমি জাবের বিন আব্দুল্লাহ রা.কে দেখেছি- উনি শপথ করে বলতেন যে, ইবনে সাইয়াদ-ই হচ্ছে দাজ্জাল। আমি বললাম- এ ব্যাপারে আপনি শপথ করছেন ?? তিনি বললেন- আমি-ও উমর ফারূক রা.কে রাসূলের সামনে এভাবে শপথ করে বলতে শুনেছি যে, ইবনে সাইয়াদ-ই হচ্ছে দাজ্জাল আর রাসূল সা. তার কথা অস্বীকার করেননি (নিরব থেকেছেন, যদি দাজ্জাল না-ই হত, তবে অবশ্যই উমর রা.এর কথাকে উড্ড করতেন)।(صحيح البخاري:6922 ، صحيح المسلم:2929)

হযরত নাফে' রহ. বলেন যে, ইবনে উমর রা. প্রায়ই বলতেন- আল্লাহর শপথ! এ ব্যাপারে আমার মনে বিন্দুমাত্র সন্দেহ নেই যে, ইবনে সাইয়াদ-ই হচ্ছে দাজ্জাল। (বর্ণনাটি আবূ দাউদ রহ. এবং বায়হাকী রহ. كتاب البعث والنشور এ উল্লেখ করেছেন। (مظاهر حق جديد)

হযরত আবূ বাকরা রা. বলেন- একদা নবী করীম সা. বলেন যে, দাজ্জালের পিতা-মাতা ত্রিশ বৎসর পর্যন্ত দাম্পত্য জীবন কাটাবে, কিন্তু তাদের কোন সন্তান হবেনা। ত্রিশ বছর পর তাদের একটি ছেলে সন্তান জন্ম হবে, যার দাঁতগুলো বড় বড় হবে (এর ব্যাখ্যায় অনেকেই বলেছেন যে, সে দাঁতসহ মায়ের পেট থেকে ভুমিষ্ঠ হবে) তার মাধ্যমে কোন উপকারী কাজ সাধন হবেনা। অন্যান্য ছেলে সন্তান যেভাবে ঘরের ভেতরে পিতা-মাতাকে সহায়তা করে থাকে, সে এমন কোন সহায়তামূলক কাজ করবেনা। তার দুই চোখ ঘুমাবে, কিন্তু অন্তর জাগ্রত থাকবে। অতপর নবী করীম সা. আমাদের কাছে তার পিতা-মাতার অবস্থা বর্ণনা করতে গিয়ে বললেন- তার পিতা অস্বাভাবিক লম্বা এবং হালকাগড়নের হবে (দেহে গুশ্ত কম থাকবে)। তার নাসিকা মোরগের মত লম্বা ও চিকন প্রকৃতির হবে। তার মা মোটা চুড়ি ও লম্বা হাত বিশিষ্ট হবে (অন্য বর্ণনায়-তার মা লম্বা ও প্রশস্ত স্তনবিশিষ্ট হবে)। আবূ বাকরা রা. বলেন- পরবর্তীতে একদিন আমরা শুনতে পেলাম যে,

মদীনার ইহুদীদের মধ্যে একটি আশ্চর্য ও বিরল প্রকৃতির ছেলে বিদ্যামন রয়েছে। তখন আমি এবং যুবাইর ইবনুল আওয়াম রা. মিলে তাকে দেখার জন্য তার বাড়ীতে গেলাম। গিয়ে থাকি- হুবহু যে গুণাগুণ নবী করীম সা. দাজ্জালের পিতা-মাতা সম্পর্কে বর্ণনা করেছিলেন, ঠিক সেই গুণগুলোই তাদের মাঝে বিদ্যমান। আমরা তাদেরকে জিজ্ঞেস করলাম- তোমাদের কি কোন সন্তান রয়েছে ?? তারা বলল- আমরা ত্রিশ বৎসর পর্যন্ত বৈবাহিক জীবনযাপন করেছি, আমাদের কোন সন্তান হয়নি। ত্রিশ বছর পর আমাদের ঘরে একটি কানা সন্তানের জন্ম হয়েছে, যার দাঁতগুলো লম্বা লম্বা। তাকে দিয়ে কোন ভাল কাজ করানো যায়না। তার চোখ ঘুমায়, কিন্তু অন্তর ঘুমায়না। আবূ বাকরা রা. বলেন- তাদের পিতা-মাতার এ বর্ণনা শুনার পর ভয়ে আমরা ওখান থেকে প্রত্যাবর্তন করছিলাম। হঠাৎ আমাদের চোখ গিয়ে পড়ল ঐ (ইবনে সাইয়াদ) ছেলেটির উপর। সে রোদ্রের মধ্যে চাদর পরে শুয়ে ছিল, চাদরের ভেতর থেকে কি যেন গুনগুনানির আওয়াজ আসছিল, বুঝা যাচ্ছিলনা সে কি গুনগুন করছে। আমরা সেখানে দাড়িয়ে পরস্পরে কিছু একটা বললাম, তৎক্ষনাৎ সে মাথা থেকে চাদর সরিয়ে জিজ্ঞেস করল- তোমরা কি বলাবলি করছ ?? বললাম- আমরা তো মনে করেছি- তুমি ঘুমিয়ে আছ..!! তুমি কি আমাদের কথা শুনে ফেলেছ..?? সে বলল- হ্যাঁ..!! কারণ, আমার চোখ ঘুমায়, কিন্তু অন্তর সজাগ থাকে। (ترمذي:2248)

হযরত আবূ সাইদ খুদরী রা. বলেন- একদা মক্কা ভ্রমণকালে আমি এবং ইবনে সাইয়াদ একসাথে কাফেলায় ছিলাম। সে তার দুঃখের কথা আমার কাছে বর্ণনা করছিল যে, লোকেরা আমাকে দাজ্জাল বলে! এটা শুনে মনে মনে আমি খুব কষ্ট পাই! হে আবূ সাইদ! তুমি কি নবী করীম সা.কে বলতে শুননি যে, দাজ্জালের কোন সন্তান হবেনা, অথচ আমার সন্তান রয়েছে। নবী করীম সা. কি বলে যাননি যে, দাজ্জাল কাফের হবে, অথচ আমি মুসলমান। তিনি কি বলে যাননি যে, দাজ্জাল মক্কা-মদীনায় প্রবেশ করতে পারবেনা, অথচ আমি মদীনা থেকে এসে মক্কার দিকে যাচ্ছি। আবূ সাইদ রা. বলেন- পরিশেষে ইবনে সাইয়াদ আমাকে বলল- স্মরণ রেখো! আল্লাহর শপথ করে বলছি- অবশ্যই আমি দাজ্জালের জন্মকাল সম্পর্কে অবগত রয়েছি..!! তার জন্মস্থান সম্পর্কে ভালরকম জানি..!! এটাও জানি যে, বর্তমানে সে কোথায় অবস্থান করছে..!! তার পিতা-মাতাকেও আমি খুব ভাল করে চিনি..! আবূ সাইদ রা. বলেন- আমরা ইবনে সাইয়াদের এ কথাগুলো শুনে সন্দেহে পড়ে গেলাম। বললাম- তোর ধ্বংস অনিবার্য..!! এমন সময় কাফেলার কেউ ইবনে সাইয়াদকে বলল যে- তোকে যদি দাজ্জাল বানিয়ে দেয়া হয়, তোর কেমন লাগবে ?? একথা শুনে ইবনে সাইয়াদ বলল- হ্যাঁ..!! অবশ্যই ভাল লাগবে (আমি শতভাগ রাজী আছি)!! (মানুষকে গুমরাহ করার জন্য যে সকল অলৌকিক আর জাদুময় বিষয় দাজ্জালকে দেয়া হবে) ঐ সকল বিষয় যদি আমাকে দেয়া হয়, তবে আমি দাজ্জাল হওয়াকে খারাপ মনে করবনা। (মুসলিম শরীফ-২৯২৭)

হযরত জাবের রা. বলেন যে, ইবনে সাইয়াদ "হাররা"এর ঐতিহাসিক ঘটনার স্থানে গুম হয়েছে। আজপর্যন্ত সে ফিরে আসেনি।(أبو داود بسند صحيح)

ইবনে সাইয়াদ কি তাহলে দাজ্জাল ছিল..??

পূর্বেই বলা হয়েছে যে, নবী করীম সা. তার ব্যাপারে স্পষ্টভাবে কিছু বলে যাননি। সাহাবায়ে কেরামের মত পরবর্তী উলামায়ে কেরামের মাঝেও এ বিষয়ে মতানৈক্য রয়ে গেছে। যারা ইবনে সাইয়াদকে দাজ্জাল মানতে নারাজ, তাদের যুক্তি হল যে, দাজ্জাল কাফের হবে, মক্কা-মদীনায় সে প্রবেশ করতে পারবেনা এবং তার কোন সন্তান হবেনা। পক্ষান্তরে যারা ইবনে সাইয়াদকে দাজ্জাল বলে দাবী করেন, তাদের যুক্তি- যে সকল নিদর্শন নবী করীম সা. দাজ্জালের ব্যাপারে বলে গেছেন, এর সবগুলোই ইবনে সাইয়াদের মধ্যে বিদ্যমান ছিল। এমনকি তার পিতা-মাতার মধ্যে পর্যন্ত রাসূলের বর্ণিত গুণাবলী বিদ্যমান ছিল। পাশাপাশি ইবনে সাইয়াদের উক্তি- "আমি দাজ্জালের জন্মস্থান ও জন্মতারিখ জানি" স্পষ্টভাবেই ইঙ্গিত করে যে, সেই হচ্ছে দাজ্জাল। যারা ইবনে সাইয়াদকে দাজ্জাল মানতে নারাজ, তাদের যুক্তির জবাব এভাবে দেয়া হয় যে, আবূ

সাইদ রা. এর সাথীগণন যখন ইবনে সাইয়াদকে প্রশ্ন করেছিল যে, "তোকে যদি দাজ্জাল বানিয়ে দেয়া হয়, তবে তোর কেমন লাগবে ??" এর প্রতিউত্তরে যে ইবনে সাইয়াদ বলেছিল যে, দাজ্জালের অলৌকিক আর জাদুময় বিষয়গুলো যদি আমাকে প্রদান করা হয়, তবে আমি দাজ্জাল হওয়াকে অপছন্দ করবনা।" এ কথার মাধ্যমেই ইবনে সাইয়াদ ইসলামের গন্ডি থেকে বের হয়ে গিয়েছিল। আর তার মক্কা-মদীনা ভ্রমণের ব্যাপারে ইমাম নববী রহ. বলেন- "বাহ্যিকভাবে ইবনে সাইয়াদের ইসলাম প্রকাশ, হজ্জে গমন ও জিহাদে অংশগ্রহণ বিষয়গুলির মধ্যে তো স্পষ্ট করে কিছু বলা নেই যে, সে দাজ্জাল ছাড়া অন্য কেউ ছিল।"

আকাবিরে সাহাবার মধ্যে হযরত উমর ফারূক রা., হযরত আবু যার গিফারী রা., হযরত আব্দুল্লাহ বিন উমর রা., হযরত জাবের বিন আব্দিল্লাহ রা.সহ আরো অনেক উচু স্তরের সাহাবায়ে কেরাম ইবনে সাইয়াদকে দাজ্জাল বলে আখ্যা দিয়েছেন।

ইমাম বুখারী রহ.-ও ইবনে সাইয়াদ- দাজ্জাল হওয়ার বিষয়টি প্রাধান্য দিয়েছেন এবং হযরত উমর রা.এর সূত্রে জাবের রা.এর বর্ণনাটি উল্লেখের উপরই যথেষ্ট করেছেন। তামীমে দারী রা.এর ঘটনাবাহী ফাতেমা বিনতে কাইস রা.এর হাদিসকে তিনি উল্লেখ করেননি। (ফাতহুল বারী- খন্ড-১৩, পৃষ্ঠা-৩২৮)

যে সকল মনীষী ইবনে সাইয়াদকে দাজ্জাল মানতে নারাজ, তাদের দলীল হচ্ছে তামীমে দারীর ঘটনাবাহী হাদিস।

ইবনে হাজার আসকালানী রহ. "ফাতহুল বারী"তে এ ব্যাপারে যাবতীয় আলোচনা উল্লেখের পর বলেন- "তামীমে দারীর ঘটনাবাহী হাদিস এবং ইবনে সাইয়াদের দাজ্জাল হওয়া সম্বলিত হাদিসের পারস্পরিক সামাঞ্জস্য বিধান এভাবে করা যেতে পারে যে, তামীম দারী রা. যে দীর্ঘকায় মানবকে শিকলে বাধা অবস্থায় অজানা এক দ্বীপে প্রত্যক্ষ করেছিলেন, সেই হচ্ছে প্রকৃত দাজ্জাল। আর ইবনে সাইয়াদ ছিল শয়তান। সে নবী করীম সা. এর যুগে দাজ্জালের আকৃতিতে আসফাহান চলে যাওয়া পর্যন্ত বিদ্যমান ছিল। পরে সে স্বীয় বন্ধুদের নিয়ে ওখানে গিয়ে ততক্ষণের জন্য গায়েব হয়ে যায়, যতক্ষণ না আল্লাহ তা'লা তাকে বের হওয়ার জন্য সকল শক্তি দিয়ে দেন। (فتح الباري،ج:13ص:328)

অতপর ইবনে হাজার আসকালানী রহ. নিম্নোক্ত বর্ণনাটি টেনে আনেন, যা প্রখ্যাত ঐতিহাসিক আবূ নুআইম تاريخ اصفهان গ্রন্থে উল্লেখ করেছেন :-

হাছছান বিন আব্দুর রহমান স্বীয় পিতা থেকে বর্ণনা করেন, তিনি বলেন- যখন আমরা আসফাহান বিজয় করি, তখন আমাদের সেনাকেন্দ্র এবং ইহুদীয়া বস্তির মাঝখানে এক ফারসাখ পরিমাণ দূরত্ব ছিল। আমরা নিত্যপ্রয়োজনীয় সরাঞ্জামাদী ক্রয়ের জন্য ইহুদীয়া বস্তিতে প্রায়ই আসা-যাওয়া করতাম। একদিন আমি সেখানে গিয়ে দেখি যে, ইহুদীরা তবলা বাজিয়ে নেচে গেয়ে উৎসব করছে। ওখানে আমার পরিচিত একজন ইহুদী ছিল। তাকে গিয়ে উৎসবের কারণ জিজ্ঞেস করলে উত্তরে সে বলে- আজ আমাদের মুক্তিদাতা মহান বাদশার আগমণ হবে, যার নেতৃত্বে আমরা পূণরায় আরবদের উপর বিজয় অর্জন করব। তার উত্তর শুনে আমি ঐ রাতটি পাশের পাহাড়ের একটি উচুঁ টিলার উপর কাটালাম। অতপর ভোর পার হয়ে যখন সূর্য উদয় হল, তখন আমাদের সেনাকেন্দ্রের দিক থেকে কিছু ধুলাবালী উঠতে দেখা গেল। আমি দেখলাম যে, একজন ব্যক্তি এগিয়ে আসছে যার পরনে রাইহান সুগন্ধির পোশাক ছিল। ইহুদীরা তখন আরো বেশিকরে নাঁচতেছিল। কিছু নিকটে আসার পর যখন আমি ঐ লোকটিকে ভাল করে দেখলাম- আরে এতো ইবনে সাইয়াদ..!! অতপর সে ইহুদীয়া বস্তির ভেতরে প্রবেশ করে ফেলে। এখন পর্যন্ত সেখান থেকে আর সে ফিরে আসেনি।

আলোচনাটিকে এখানেই সমাপ্ত করা সমীচীন মনে করছি। কারণ, শেষপর্যন্ত নবী করীম সা. তার ব্যাপারে কোন সিদ্ধান্ত গ্রহণ করে যাননি। সুতরাং আমরা বলব যে, এ সম্পর্কে আল্লাহই ভাল জানেন। আর এধরনের রহস্যপূর্ণ বিষয়কে গোপন রাখার মাঝে আল্লাহর তা'লার অনেক হেকমত নিহীত থাকে, যা জগতবাসীর জন্য কল্যাণকর হয়ে থাকে।

সন্তান-সন্ততি পরীক্ষার পাত্র...

হযরত ইমরান রহ.- আবূ মিজলায রহ. থেকে বর্ণনা করে বলেন যে, দাজ্জাল আগমণের সময় লোকেরা তিনদলে বিভক্ত হয়ে পড়বে। একদল দাজ্জালের বিরুদ্ধে লড়াই করবে। একদল লড়াইয়ের ময়দান থেকে পলায়ন করবে (লড়াই করবেনা)। আরেকদল দাজ্জালের দলে অন্তর্ভূক্ত হয়ে পড়বে। সুতরাং যে ব্যক্তি চল্লিশটি রাত পাহাড়ের গর্তে অবস্থান করে ধৈর্য ধরবে, তার কাছে আল্লাহ তা'লার পক্ষ থেকে রিযিক আসতে থাকবে। আর সন্তানের অধিকারী অনেক নামাযী ব্যক্তি বলবে যে, আমরা দাজ্জালের গুমরাহীর ব্যাপারে সম্যক জ্ঞান রাখি, কিন্তু আমরা (তাথেকে বাঁচার জন্য বা তার বিরুদ্ধে লড়াই করার জন্য) নিজেদের ঘরবাড়ী ছাড়তে রাজী নই। সুতরাং যারা এমনটি করবে, তারাও দাজ্জালের দলে শামিল হয়ে যাবে। দাজ্জালের জন্য দুই ধরনের জমিকে অনুসারী বানিয়ে দেয়া হবে। এক- অনুর্বর দুর্বিক্ষের কবলে পড়া জমি, যাকে জাহান্নাম বলে আখ্যায়িত করবে। দুই- সবুজ শ্যামল উর্বর জমি, যাকে সে জান্নাত বলে আখ্যা দেবে। তখন ঈমানদারদেরকে আল্লাহর পক্ষ থেকে পরীক্ষা করা হবে। অবশেষে একজন মুমিন বলবে- আল্লাহর শপথ! এহেন পরিস্থিতিকে আমি সহ্য করে নেবনা। আমি প্রত্যেক ঐ ব্যক্তির বিরুদ্ধে বিদ্রোহ করব, যে নিজেকে প্রভূ বলে দাবী করে। সুতরাং যদি সে প্রকৃতই প্রভূ হয়ে থাকে, তবে আমি তার উপর বিজয় অর্জন করতে পারবনা। তবে আমি তার থেকে মুক্ত হয়ে যাব। মুসলমানগণ তার অবস্থা দেখে বলবে যে, আল্লাহকে ভয় কর, অন্যথায় বিপদ আসবে..!! সে তাদের কথা মেনে নিতে অস্বীকার করবে এবং দাজ্জালের সামনে এসে উপস্থিত হবে। ঈমানদারগণ যখন গভীরভাবে তার প্রতি নজর দেবে, তখন তার বিরুদ্ধে মিথ্যা, গুমরাহী ও কুফুরীর সাক্ষ্য দেবে। তা শুনে দাজ্জাল তার অনুসারীদের উদ্দেশ্যে বলবে- এই যুবককে দেখো! যাকে আমি সৃষ্টি করেছি, হেদায়েত দিয়েছি, আর সে কিনা আমারই মন্দচারী করে বেড়াচ্ছে.! ওহে লোকসকল! তোমাদের কি ধারণা..! আমি যদি এই যুবকটিকে হত্যা করে পূণরায় জীবিত করে দেই, তারপরও কি তোমরা আমাকে প্রভূ বলে মেনে নিতে আপত্তি করবে..?? লোকেরা বলবে- না! অতপর দাজ্জাল যুবকটিকে স্বজোরে আঘাত করলে যুবকটির দেহ দু'টুকরা হয়ে যাবে। অতপর পূণরায় আঘাত করলে সে জীবিত হয়ে যাবে। দৃশ্যটি দেখে ঈমানদারদের ঈমান আরো মজবুত হয়ে যাবে। দাজ্জালের বিরুদ্ধে তারা আরো বেশি মিথ্যাচার এবং কুফুরীর সাক্ষ্য দেবে। এই যুবকটি ছাড়া দাজ্জাল আর কাউকে হত্যা করে পূণরায় জীবিত করতে পারবেনা। অতপর দাজ্জাল বলবে- দেখো! আমি তাকে হত্যা করেছি এবং পূণরায় জীবিত করেছি, তারপরও সে আমার মন্দচারী করছে..!! বর্ণনাকারী বলেন- অতপর দাজ্জাল বিশেষ ধরনের এক ছুরি দিয়ে ঐ যুবকটিকে জবাই করতে চাইলে এক ধরনের তামা এসে ছুরি আর গলার মাঝে অন্তরায় হয়ে যাবে। ফলে ছুরি তার উপর কোন প্রতিক্রিয়া সৃষ্টি করবেনা। অতপর গোস্বায় দাজ্জাল যুবকটিকে ধরে বলবে- তাকে জাহান্নামে নিক্ষেপ কর! সুতরাং তাকে অনুর্বর দুর্ভিক্ষের কবলে পড়া জমিতে নিক্ষেপ করা হবে, যাকে দাজ্জাল আগুন মনে করবে, অথচ বাস্তবে সেটি জান্নাতের একটি দরজা হবে। সুতরাং যুবকটিকে আল্লাহর পক্ষ থেকে জান্নাতে প্রবেশ করানো হবে।(السنن الواردة في الفتن،ج:6ص:1178)

ফায়দা-

(১) সন্তানের অধিকারী অনেক নামাযী ব্যক্তিও দাজ্জালের বিরুদ্ধে লড়াইয়ে অপারগ হয়ে যাবে। আল্লাহ তা'লা তাদের জন্য সন্তানদেরকে পরীক্ষা বানিয়ে দেবেন। আর পরীক্ষার জন্য তো পূর্বে থেকেই প্রস্তুতি গ্রহণ করতে হয়। সুতরং যে সকল ব্যক্তি ঈমান নিয়ে স্বীয় প্রভূর সাথে সাক্ষাত করার আশা রাখে, তাদের উচিত- এখন থেকেই বিষয়গুলো নিয়ে নিয়মিত চর্চা করা যে, আল্লাহ তা'লার জন্য স্বীয় সন্তানদেরকে ত্যাগ করার মত মানসিকতা অন্তরে তৈরী হয়েছে কিনা..!! এর সহজ পদ্ধতি হচ্ছে- ঐ পথে যাওয়ার জন্য মনস্থির করা, যে পথের ব্যাপারে ধারণা করা হয় যে, সেখানে গেলে আর ফেরত আসা যায়না। যেই সেখানে যায় সেই মৃত্যুর মুখে পতিত হয়। নিজেও মনস্থির করুন! বিবি-বাচ্চা-সন্তানসন্ততিকেও মানসিকভাবে এর জন্য প্রস্তুত করে তুলুন! এভাবে পরিবারের প্রতিটি সদস্য পরীক্ষার জন্য সম্পূর্ণ প্রস্তুত হয়ে যাবে ইনশাআল্লাহ..!! আল্লাহর

সাহায্যে দাজ্জালের সময় স্বীয় দ্বীনকে বাঁচানোর জন্য যে কোন ত্যাগ স্বীকার করতে প্রস্তুত থাকবে..!

(২) দাজ্জালের কুফুরী কারিশমা দেখে অনেক লোক নিরব তামাশা দেখবে। একজন যুবক এগুলো সহ্য না করে দাজ্জালের বিরুদ্ধে প্রকাশ্য বিদ্রোহ ঘোষনা করবে। শান্তিকামী প্রসিদ্ধ ব্যক্তিবর্গ তাকে বুঝাবে যে, এমনটি করোনা! বরং চিন্তাভাবনা করে বাস্তবসম্মত পদক্ষেপ গ্রহণ করাই হচ্ছে বুদ্ধিমানের কাজ। কিন্তু যাদের সম্পর্ক আরশে ইলাহীর সাথে স্থাপন হয়ে যায়, তারা ঐ সম্পর্ককে সুসংহত করার জন্য পাগল হয়ে যায়। ফলে সর্বপ্রকার শয়তানী শক্তির বিদ্রোহ করাই তাদের একমাত্র ধর্ম হয়ে যায়।

দাজ্জালের পক্ষ থেকে দৈনন্দিন প্যাকেজ...

عن عبيد بن عمير الليثي قال: يخرج الدجال فيتبعه ناس يقولون: نحن نشهد أنه كافر وإنما نتبعه لنأكل من طعامه ، ونرعى من الشجر ، فإذا نزل غضب الله نزل عليهم جميعا.(رواه أبو عمرو الداني ، ونعيم ابن حماد في الفتن،ج:2ص:546) الإسناد صحيح ، ورواه أيضا ابن أبي شيبة في مصنفه.

অনুবাদ- উবাইদ বিন উমাইর বলেন- দাজ্জাল আত্মপ্রকাশের পর এমন কিছু লোক তাকে অনুসরণ করবে, যারা বলবে- আমরা সাক্ষ দেই যে, সে (দাজ্জাল) হচ্ছে কাফের। আমরা শুধুমাত্র তার কাছ থেকে খাদ্য সংগ্রহের জন্য এবং তার জমিতে নিজেদের খেতিকারবারী চালু রাখার জন্য তাকে অনুসরণ করছি। সুতরাং আল্লাহ পাকের শাস্তি যখন অবতীর্ণ হবে, তখন সকলের উপরই অবতীর্ণ হবে।

ফায়দা- বর্তমান সময়ে মুসলমান এসকল হাদিসের উপর চিন্তা-গবেষনা করছেনা। একটু যদি চিন্তা করত, তবে পরিস্থিতি সম্পূর্ণ স্পষ্ট হয়ে উঠত। বর্তমান সময়ে কি এমনটি হচ্ছেনা যে, কুফুরী শক্তিগুলোকে মুসলমানগণ চেনা সত্তেও শুধুমাত্র অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জনের জন্য বাতিলকে অনুসরণ করছে, তাদেরকে রক্ষা করছে বা নিরবে বসে তামাশা দেখছে..??!!

হযরত শাহর বিন হাউশাব রা.- আসমা বিনতে ইয়াযীদ রা. থেকে বর্ণনা করেন যে, নবী করীম সা. প্রায়ই আমার ঘরে তাশরীফ আনতেন। একদিন আলোচনার সময় তিনি দাজ্জালের প্রসঙ্গ তুলে বললেন- দাজ্জালের সবচে' ভয়ানক ফেতনা হবে যে- সে একজন গ্রাম্য ব্যক্তির কাছে এসে বলবে যে, আমি যদি তোমার মৃত উট (বা গরুছাগলগুলো) জীবিত করে দেই, তবে কি তুমি আমাকে খোদা বলে মেনে নেবেনা..??!! গ্রাম্য ব্যক্তি বলবে- হ্যাঁ..! নবী করীম সা. বলেন- অতপর শয়তান দুটি উটনীর আকৃতিতে প্রাণী নিয়ে আসবে, যা পূর্বের উটনী থেকেও বেশি দুগ্ধবাহী হবে এবং উদর পূর্ণ থাকবে। এভাবে দাজ্জাল অন্য এক ব্যক্তির কাছে এসে উপস্থিত হবে, যার পিতা-মাতা মৃত্যুবরণ করেছে। এসে বলবে- আমি যদি তোমার পিতা-মাতাকে জীবিত করে দেই, তাহলে কি আমাকে খোদা বলে মেনে নেবেনা..??!! সে বলবে- অবশ্যই! অতপর শয়তানেরা তার পিতা-মাতার আকৃতিতে এসে উপস্থিত হবে। এটা বলে নবী করীম সা. কোন প্রয়োজনে ঘরের বাইরে গেলেন। লোকেরা দাজ্জালের বর্ণনা শুনে খুবই চিন্তিত ছিল। কিছুক্ষণ পর ফিরে এসে দরজার কপাটে হাত রেখে বললেন- আসমা! কি হল ? কাঁদছ কেন ? আসমা রা. বললেন- হে আল্লাহর রাসূল! আপনি তো দাজ্জালের ব্যাপারে আলোচনা করেছেন, ফলে আমরা পেরেশান হয়ে গেছি। তখন নবী করীম সা. বললেন- সে (দাজ্জাল) যদি আমার জীবদ্দশায় আত্মপ্রকাশ করে, তবে তার মুকাবেলার জন্য আমিই যথেষ্ট। অন্যথায় আমার প্রভূ সকল মুমিনের জন্য তত্ত্বাবধায়ক। অতপর আসমা রা. জিজ্ঞেস করেন- হে আল্লাহর রাসূল! আমরা রুটি প্রস্তুত করিনা, যতক্ষণ না ক্ষুধা না লাগে। তাহলে ঐ সময় ঈমানদারদের কি অবস্থা হবে ?? নবী করীম উত্তরে বললেন- তাদের জন্য তাছবীহ (ছুবহানাল্লাহ) আর তাহমীদ (আলহামদুলিল্লাহ)-ই যথেষ্ট হবে, যেমনভাবে আসমানের ফেরেশতাদের জন্য তা যথেষ্ট হয়।(الفتن نعيم بن حماد،ج:2ص:535، المعجم الكبير)

উপরোক্ত বর্ণনাটি কিছু শাব্দিক পরিবর্তনসহ ইমাম আহমদ রহ.-ও বর্ণনা করেছেন, যেখানে নিম্নোক্ত

বাক্যাবলী সংযোজিত হয়েছে- "নবী করীম সা. বলেন- আমার কথাগুলো যেন তোমাদের উপস্থিত ব্যক্তিবর্গ অনুপস্থিতদেরকে শুনিয়ে দেয় বা তাদের পর্যন্ত পৌছে দেয়।"

ফায়দা-

(১) مسند الطيالسي গ্রন্থে বর্ণনাটি শাহর বিন হাউশাব ছাড়া অন্য সনদে বর্ণিত হয়েছে।

(২) সাহাবায়ে কেরামের মধ্যে যার সামনেই দাজ্জালের আলোচনা করা হত, সাথে সাথে তার উপর ভয়ের সঞ্চার হত। সুতরাং দাজ্জালের আলোচনা শুনার সাথে সাথে সকল মুমিনের অন্তরে ভয় জাগা উচিত। পাশাপাশি তার আলোচনাকে ঘরে ঘরে পৌছে দেয়া উচিত।

হযরত হুযায়ফা রা. দাজ্জালের ব্যাপারে বর্ণনান্তে বলেন যে, নবী করীম সা. বলেছেন- আমি (দাজ্জালের) বিষয়টিকে এজন্য বারবার তোমাদের সামনে বর্ণনা করছি, যাতে তোমরা এটা নিয়ে চিন্তা-গবেষনা কর! ভাল করে বুঝ! এবং সদা সজাগ থেকে এর উপর আমল কর! পাশাপাশি তোমাদের পরবর্তী লোকদের পর্যন্ত তা উত্তমরূপে পৌছাতে পার। সুতরাং সকলেই যেন একে অপরকে বলে দেয় যে, তার ফেতনাটি অত্যন্ত ভয়ানক ফেতনার আকারে প্রকাশ করবে। (السنن الواردة في الفتن)

দাজ্জালের বাহন এবং তার গতি...

হযরত আব্দুল্লাহ বিন মাসউদ রা. নবী করীম সা. থেকে বর্ণনা করে বলেন- দাজ্জালের গাধার (বাহনের) দুই কানের মাঝে চল্লিশ গজের ব্যবধান হবে। ভ্রমণকালে তার বাহনের এক কদম তিনদিন ভ্রমণের সমান হবে (প্রতি সেকেন্ডে প্রায় ৮২ কিলোমিটার, এভাবে ঘন্টায় এর গতি দাড়ায় ২৯৫২০০ দুই লক্ষ পঁচানব্বই হাজার দুইশত কিলোমিটার)। সে তার বাহন নিয়ে এমনভাবে সমুদ্রের ভেতর ঢুকে পড়বে, যেমন তোমরা ঘোড়ায় চড়ে ছোট নালায় ঢুকে পড়। সে দাবী করবে যে, "আমি হলাম সমস্ত জগতের প্রতিপালক, এই সূর্য আমার আদেশে পরিচালিত হয়। তোমরা কি চাও যে, আমি সূর্যকে থামিয়ে দেই!" সুতরাং সূর্য থেমে যাবে। ফলে একদিন একমাসের মত হয়ে যাবে, এক সপ্তাহের মত হয়ে যাবে (এর ব্যাখ্যা অন্য বর্ণনায় এসেছে)। বলবে- "তোমরা কি চাও যে, আমি সূর্যকে দ্রুত পরিচালিত করি!" সুতরাং দিন ঘন্টার মত পার হয়ে যাবে। তার কাছে একজন মহিলা এসে বলবে- আমার স্বামী আর সন্তানকে জীবিত করে দাও! সুতরাং (শয়তানেরা তার স্বামী-সন্তানের আকৃতিতে আসবে) শয়তান মহিলার সাথে কুলাকুলি করবে, শয়তানের সাথে বিবাহ (যিনা) করবে। ফলে মানুষের ঘরগুলো শয়তানের মাধ্যমে ভরে উঠবে। দাজ্জালের কাছে একজন গ্রাম্য ব্যক্তি এসে বলবে যে, হে প্রভূ! আমার উট-বকরীগুলো জীবিত করে দাও! সুতরাং দাজ্জাল উট-বকরীর আকৃতিতে শয়তানদেরকে গ্রাম্যব্যক্তির কাছে হস্তান্তর করবে। ঠিক যে বয়সে প্রাণীগুলো মারা গিয়েছিল, সেই বয়সের আকৃতিতেই শয়তানেরা তার কাছে আসবে। ফলে গ্রাম্য ব্যক্তিগণ বলবে যে, সে যদি আমাদের প্রভূ না হত, তবে আমাদের উট-বকরীগুলো জীবিত করে দিতে পারতনা! দাজ্জালের সাথে ঝোল ও হাড্ডিসহ গোশতের পাহাড় মজুদ থাকবে, গোশত সবসময় গরম থাকবে, ঠান্ডা হবেনা। পাশাপাশি প্রবাহিত পানি-ও থাকবে। তার সাথে দুটি পাহাড় থাকবে- একটি হচ্ছে বাগিচা এবং সবজির পাহাড়, অপরটি হচ্ছে আগুন এবং ধোয়ার পাহাড়। সে বলবে- এটা হচ্ছে আমার জান্নাত আর ওটা হচ্ছে আমার জাহান্নাম। এটা আমার খাদ্যসামগ্রী আর ওটা আমার পানীয়সামগ্রী। (আল্লাহর নবী) হযরত ইয়াছা' আ. সবসময় দাজ্জালের সাথে অবস্থান করবে, তিনি সবসময় মানুষকে সতর্ক করতে থাকবেন যে, সে (দাজ্জাল) হচ্ছে মিথ্যুক মাছীহ! তোমরা তার উপর লা'নত করে তাথেকে বেঁচে থেকো! আল্লাহ তা'লা হযরত ইয়াছা' আ.কে দ্রুত ভ্রমণ করার শক্তি দেবেন, ফলে তিনি দাজ্জালের পৌছার পূর্বেই নির্ধারিত স্থানগুলোতে গিয়ে মানুষকে সতর্ক করবেন। সুতরাং দাজ্জাল যখন দাবী করবে- "আমি হলাম সমগ্র জগতের প্রভূ!" তখন লোকেরা বলবে- তুই হচ্ছিস মিথ্যুক! তখন ইয়াছা' আ. বলবেন- লোকেরা সত্য বলেছে। অতপর হযরত ইয়াছা' আ. মক্কায় এসে একজন মনীষীর সাথে সাক্ষাত করবেন। জিজ্ঞেস করবেন- আপনি কে ? দাজ্জাল তো ইতিমধ্যেই মক্কার উদ্দেশ্যে

রওয়ানা হয়ে গেছে! উত্তরে তিনি বলবেন- আমি হলাম আল্লাহর ফেরেশতা মিকাঈল। আল্লাহ তা'লা পবিত্র মক্কা নগরীকে তার অনিষ্টতা থেকে রক্ষা করার জন্য আমাকে প্রেরণ করেছেন। অতপর ইয়াছা' আ. মদীনায় এসে সেখানেও এক মহামানবের সাথে সাক্ষাত করবেন। জিজ্ঞেস করবেন- আপনি কে ? তিনি বলবেন- আমি হলাম আল্লাহর ফেরেশতা জিব্রাঈল। আল্লাহ তা'লা প্রিয় রাসূলের শহর মদীনাকে দাজ্জালের অনিষ্টতা থেকে রক্ষা করার জন্য আমাকে প্রেরণ করেছেন। দাজ্জাল মক্কায় এসে মিকাঈল আ.কে দেখে পিঠ দেখিয়ে পলায়ন করবে, মক্কা নগরীতে প্রবেশ করতে সক্ষম হবেনা। স্বজোরে চিৎকার দেবে, ফলে প্রতিতি মুনাফিক নারী-পুরুষ মক্কা থেকে বের হয়ে দাজ্জালের সাথে গিয়ে যোগ দেবে। অতপর দাজ্জাল মদীনায় এসে জিব্রাঈল আ.কে দেখে পৃষ্ঠপ্রদর্শন করবে। কিন্তু (সেখানেও) স্বজোরে চিৎকার দিতে থাকবে, যা শুনে প্রতিটি মুনাফিক নারী-পুরুষ মদীনা ছেড়ে তার দলে এসে শরীক হয়ে যাবে। মুসলমানদের তথ্যসংগ্রহকারী একজন দূত এমন একদলের কাছে এসে উপস্থিত হবে, যারা সবেমাত্র কনষ্ট্যান্টিনোপল বিজয় করে এসেছে এবং যাদের সাথে বাইতুল মাকদিসে অবস্থানকারী মুসলমানদের মহব্বত থাকবে (অর্থাৎ তাদের পারস্পরিক সম্পর্ক ভাল থাকবে, খুব সম্ভবত- দলটি সবেমাত্র রূম বিজয় করে দামেস্কে ফেরত এসেছে) দূত বলবে- দাজ্জাল তো তোমাদের সন্নিকটে পৌছে গেছে! বিজয়কারীগণ বলবে- আসুন! আমরা দাজ্জালের বিরুদ্ধে যুদ্ধ করতে চাই! (আপনিও আমাদের সাথে চলুন!) দূত বলবে- (না!) বরং অন্যদেরকেও দাজ্জাল সম্পর্কে সতর্ক করতে হবে (খুব সম্ভবত- ঐ দূতের দায়িত্বই হবে এটি)। সুতরাং ঐ দূত যখন ফেরত আসবে, তখন দাজ্জাল তাকে গ্রেফতার করে বলবে- এই হচ্ছে সেই ব্যক্তি, যে মনে করে- আমি তাকে বসে আনতে পারবনা! সুতরাং তোমরা একে ভয়ানক পদ্ধতিতে হত্যা করে ফেলো! ফলে দূতকে চিড়ে দু'টুকরা করে ফেলা হবে। অতপর লোকদেরকে বলবে- আমি যদি তাকে পূণরায় জীবিত করে দেই, তবে কি তোমরা বিশ্বাস করে নেবে যে, আমিই হলাম তোমাদের প্রভূ! লোকেরা বলবে- আমরা তো পূর্বে থেকেই বিশ্বাস করি যে, আপনি হচ্ছেন আমাদের প্রভূ! সুতরাং বিশ্বাসকে এখন আরো দৃঢ় করতে চাই! (দাজ্জাল তাকে জীবিত করে দেবে) সুতরাং সে আল্লাহর হুকুমে দাড়িয়ে যাবে। পূণরায় জীবিত করার ক্ষমতাটি আল্লাহ পাক পূণরায় আর দাজ্জালকে দেবেননা। অতপর দাজ্জাল দূতের উদ্দেশ্যে বলবে- আমি কি তোমাকে হত্যা করে পূণরায় জীবন দান করিনি ?? সুতরাং আমি তোমার প্রভূ! একথা শুনে দূত বলবে- এখন তো আমার দৃঢ় বিশ্বাস হয়ে গেছে- আমিই হলাম সেই যুবক, যার ব্যাপারে নবী করীম সা. সুসংবাদ দিয়ে গেছেন যে, তুই আমাকে হত্যা করে আল্লাহর আদেশে পূণরায় আমাকে জীবিত করবি! (এবং হাদিসের মাধ্যমে আমার কাছে এ সংবাদও পৌছেছে যে,) আমার পরে আর কোন ব্যক্তিকে হত্যা করে পূণরায় জীবিত করার ক্ষমতা আল্লাহ পাক তোকে দেবেননা! অতপর সেই দূতের চামড়ায় (খোদায়ী সাহায্যে) তামা পরিয়ে দেয়া হবে। ফলে দাজ্জালের কোন অস্ত্রই আর তার উপর প্রতিক্রিয়া সৃষ্টি করবেনা। না তরবারী, না ছুরি আর না পাথর- কোন কিছুই তাকে ক্ষতি করতে পারবেনা। (শেষে অপারগ হয়ে) দাজ্জাল বলবে- তাকে আমার জাহান্নামে নিক্ষেপ কর! আল্লাহ তা'লা ঐ দূতের জন্য দাজ্জালের অগ্নিপাহাড়কে সবুজশ্যামল বাগিচা বানিয়ে দেবেন (কিন্তু দর্শক মনে করবে যে, সে আগুনেই নিক্ষেপিত হয়েছে) ফলে মানুষ সন্দেহে পড়ে যাবে। অতপর দাজ্জাল দ্রুত বাইতুল মাকদিসের দিকে রওয়ানা হবে। যখন সে "আফীক" ঘাটিতে উঠবে, তখন তার ছায়া মুসলমানদের উপর পতিত হবে (ফলে দাজ্জালের আগমণ সম্পর্কে মুসলমাদের জ্ঞান হয়ে যাবে)। মুসলমানগণ যুদ্ধের উদ্দেশ্যে নিজেদের কামানগুলো তাক করবে (অর্থাৎ দূরপাল্লার যে সকল অস্ত্র তখন মুসলমানদের হাতে থাকবে)। (দিনটি এতই কঠিন হবে যে,) ঐদিন সবচে' শক্তিশালী মুসলমান বলা হবে ঐ ব্যক্তিকে, যে ক্ষুধা আর দুর্বলতার কারণে অল্পকিছু বিশ্রাম করে নেবে, কিছুক্ষণের জন্য বসে পড়বে। ঠিক এমন সময় মুসলমানগণ একটি ঘোষনা শুনতে পাবে যে, ওহে লোকসকল! (সুসংবাদ গ্রহণ কর!) তোমাদের কাছে খোদায়ী সাহায্য এসে উপস্থিত হয়েছে! (অর্থাৎ হযরত ঈসা বিন মারয়াম আ. আসমান থেকে অবতরণ করেছেন)।(الفتن نعيم بن حماد،ج:2ص:443) إسناده ضعيف.

ফায়দা-

(১) বাহনের গতির ক্ষেত্রে এক কদম (এক কদম এক সেকেন্ড হয়) আমরা তিনদিন ভ্রমণ করা উদ্দেশ্য নিয়েছি। শরীয়তের দৃষ্টিকোণ থেকে তিনদিনের ভ্রমণ আটচল্লিশ মাইল হয়, যাকে মাঝামাঝি মতে হিসাব করলে বিরাশি কিলোমিটার পর্যন্ত পৌছে। অর্থাৎ প্রতি সেকেন্ড দাজ্জাল বিরাশি কিলোমিটার পথ অতিক্রম করবে। মুসলিম শরীফের নাওয়াছ বিন ছামআন রা. থেকে বর্ণিত অপর বর্ণনায় এসেছে যে, তার বাহনের গতি এমন হবে, যেমন কোন মেঘকে বাতাসে উড়িয়ে নিয়ে যাচ্ছে। দাজ্জালের বাহনের ক্ষেত্রে বিস্তারিত জানতে হলে "বারমুডা ট্রাইএঙ্গেল এবং দাজ্জাল" গ্রন্থটি অধ্যয়ন করতে পারেন।

(২) "আফীক" (Afiq) হচ্ছে একটি পাহাড়ী পথ, যা জর্ডান সমুদ্রের বুহাইরা তাবারিয়া থেকে বের হয়েছে। এলাকাটি ১৯৬৭ সালের যুদ্ধে ইসরায়েল দখল করে নিয়েছিল। "আফীক" এর অপর নাম হচ্ছে "এন্টি পেট্রিয়াস" (Anti Patris)

বুহাইরা তাবারিয়ার আশপাশে আফীকের পর্বতসমূহ

বাইবেল অনুযায়ী আফীক হচ্ছে ঐ স্থান, যেখানে ঈসা আ. Baptism গ্রহণ করেছিলেন। বর্তমান সময়েও Baptism গ্রহণের জন্য ওখানে বিশ্বের বিভিন্ন প্রান্ত থেকে প্রচুর পরিমাণ লোক এসে থাকে। (ইনসাইক্লোপেডিয়া অফ ব্রিটানিকা)

عن عبد الله رضي الله عنهما قال: أذن حمار الدجال تظل سبعين ألفا. (الفتن نعيم بن حماد،ج:2ص: 548)

অনুবাদ- হযরত আব্দুল্লাহ রা. বলেন যে, দাজ্জালের গাধার দুই কর্ণের ছায়ায় সত্তর হাজার লোকের আশ্রয় হবে।

হযরত কা'ব রা. বলেন- দাজ্জাল যখন জর্ডানে এসে উপনীত হবে, তখন তূর পাহাড়, ছাবূর পাহাড় এবং জূদী পাহাড়কে সে আহবান করবে। যারফলে তিনটি পাহাড় পরস্পরে এমনভাবে সংঘর্ষে মেতে উঠবে যেমনভাবে দুটি গাভী/ছাগল শিং দিয়ে পরস্পর লড়াইয়ে মেতে উঠে। (الفتن نعيم بن حماد،ج:2ص: 537)

عن نهيك بن صريم قال: قال رسول الله صلى الله عليه وسلم: لتقاتلن المشركين حتى تقاتل بقيتكم على نهر الأردن الدجال ، أنتم شرقية وهم غربية. (الإصابة،ج:6ص:476)

অনুবাদ- হযরত নাহীক বিন ছুরাইম রা. থেকে বর্ণিত, নবী করীম সা. বলেন- অবশ্যই অবশ্যই তোমরা মুশরেকদের বিরুদ্ধে যুদ্ধ করবে। শেষপর্যন্ত তোমাদের অবশিষ্ট মুসলমানগণ জর্ডান নদীর উপর দাজ্জালের বিরুদ্ধে যুদ্ধ করবে। তোমরা অবস্থান করবে পূর্বদিকে আর তারা (দাজ্জাল এবং তার অনুসারীরা)

পশ্চিমদিকে।

ফায়দা- এখানে মুশরেক বলতে যদি হিন্দু সম্প্রদায় উদ্দেশ্য হয়, তবে এরদ্বারা ঐ মহাযুদ্ধের দিকে ইঙ্গিত করা হয়েছে, যাতে মুজাহিদীন হিন্দুস্তানের উপর আক্রমণ করবে। অবশেষে ফিরে এসে তারা ঈসা বিন মারয়াম আ.কে পেয়ে যাবে।

দাজ্জাল হত্যার মধ্যদিয়ে মানবতার শত্রুদের চিরসমাপ্তি...

হযরত মাজমা' বিন জারিয়া আনসারী রা. বলেন- আমি নবী করীম সা.কে বলতে শুনেছি যে, ঈসা বিন মারয়াম আ. এসে দাজ্জালকে লুদ (Lydda/Lod)এর দরজার নিকটে হত্যা করবেন।(مسند أحمد،ج:3ص:420 ، جامع الترمذي:2244)

ফায়দা- "লুদ" হচ্ছে তেলআবিব থেকে ১৮ কিঃ মিঃ দক্ষিণপূর্বে অবস্থিত একটি ছোট্ট শহর। ১৯৯৯ সালের পরিসংখ্যান অনুযায়ী শহরটির মোট জনসংখ্যা হচ্ছে ৬১,১০০ (একষট্টি হাজার একশতজন)।

ইসরায়েল এখানে বিশ্বের সর্বাধুনিক সিকিউরিটি গার্ড ব্যবহার করে "লেসএয়ারপোর্ট" নির্মাণ করেছে। হতে পারে যে, ঈসা বিন মারয়াম আ.এর হাত থেকে রক্ষা পাওয়ার জন্য দাজ্জাল বিমান দিয়ে এখান থেকে পলায়ন করতে চাইবে। আর ঈসা আ. এখানেই তাকে হত্যা করে ফেলবেন। আল্লাহ তা'লা স্বীয় দুশমন আর ইহুদীদের কানা খোদাকে ঈসা আ.এর হাতে হত্যা করাবেন। যাতে করে বিশ্ববাসী বুঝতে পারে যে, মানবতার চিরশত্রুদেরকে ধ্বংস করতে হলে অপারেশান করে তাকে কেটে ফেলতে হবে, আর এ কাজ একমাত্র জিহাদের মাধ্যমেই সম্ভব।

عن أبي هريرة رضي الله عنه ، أن رسول الله صلى الله عليه وسلم قال: لا تقوم الساعة حتى يقاتل المسلمون اليهود ، فيقتلهم المسلمون حتى يختبي اليهود من وراء الحجر والشجر ، فيقول الحجر والشجر: يا مسلم! يا عبد الله! هذا يهودي خلفي ، فتعال! فاقتله!! إلا الغرقد ، فإنه من شجرة اليهود. (صحيح المسلم،ج:4ص:2239)

হযরত আবূ হুরায়রা রা. থেকে বর্ণিত, নবী করীম সা. বলেন- কেয়ামত ততক্ষণ পর্যন্ত সংঘটিত হবেনা, যতক্ষণ না মুসলমানগণ ইহুদীদের সাথে যুদ্ধ করব। ঐ যুদ্ধে মুসলমানগণ (সমস্ত) ইহুদীদেরকে হত্যা করে ফেলবে। (হত্যাযজ্ঞের একপর্যায়ে অনেক) ইহুদী বৃক্ষ বা পাথরের আড়ালে লুকিয়ে পড়লে বৃক্ষ বা পাথর মুসলমানদের ডেকে বলবে- হে মুসলমান! হে আল্লাহর বান্দা! এসো! আমার পেছনে ইহুদী লুকিয়েছে! তাকে হত্যা কর! কিন্তু "গারকাদ" বৃক্ষ একথা বলবেনা। কারণ সেটি হচ্ছে ইহুদীদের বৃক্ষ।

ফায়দা- ইহুদীদেরকে হত্যা করার জন্য আল্লাহ তা'লা নিস্প্রাণ বস্তুদের যবানকেও খুলে দেবেন। তারাও ইহুদীদের বিরুদ্ধে সাক্ষ্য দিতে থাকবে। ইহুদীদের অনিষ্টকর ফেতনা শুধুমাত্র মানবতার জন্যই ক্ষতিকর নয়; বরং নিস্প্রাণ জড়পদার্থের উপরও তাদের অপবিত্র কর্মের প্রতিক্রিয়া পড়েছে। কারিগরী শিল্পে বৈপ্লবিক পরিবর্তনের নামে পরিবেশকে নষ্ট করে জঙ্গলের পর জঙ্গলকে কেটে বরবাদ করা হয়েছে। আল্লাহর দুশমন এ জাতি যেমনভাবে শান্তিময় বিশ্বকে অশান্তির গভীর গর্তে নিক্ষেপ করেছে তেমনিভাবে এর কুপ্রতিক্রিয়াগুলি ভূপৃষ্ঠের প্রতিটি রন্ধ্রে রন্ধ্রে প্রতিক্রিয়াশীল হয়েছে।

যখন থেকেই ইসরায়েল গুলান পর্বতমালা দখল করেছে, তখন থেকেই সেখানে তারা "গারকাদ"বৃক্ষ রোপণ শুরু করেছে। এছাড়াও বিশ্বের বিভিন্ন প্রান্তে তারা ব্যাপকভাবে গারকাদ বৃক্ষ রোপণের কর্মসূচী বাস্তবায়ন করে যাচ্ছে। হতে পারে- বৃক্ষটির সাথে তাদের বিশেষ কোন সম্পর্ক রয়েছে।

গারকাদ বৃক্ষের নমুনা

ফিলিস্তীনের দখলকৃত ভূমিগুলোতে এভাবেই ইহুদীরা প্রচুর পরিমাণে গারকাদ বৃক্ষ রোপণ করে যাচ্ছে। নিচের ছবিতে দুজন ইহুদীকে গারকাদ বৃক্ষের নিচে আশ্রয় নিতে দেখা যাচ্ছে।

হযরত হুযায়ফা রা.থেকে বর্ণিত বিস্তারিত হাদিস...

হযরত হুযায়ফা রা. বলেন- নবী করীম সা. বলেছেন যে, "যাওরা" প্রান্তরে যুদ্ধ হবে। সাহাবায়ে কেরাম জিজ্ঞেস করলেন- "যাওরা" কি ?? বললেন- পূর্বদিকে অবস্থিত একটি শহর, যা দুই নদীর মাঝখানে অবস্থিত। আল্লাহর সৃষ্টির মধ্যে সর্বনিকৃষ্ট এবং আমার উম্মতের সবচে' অহংকারী ব্যক্তিবর্গ সেখানে বাস করে। চার ধরনের শাস্তি তাদের উপর প্রেরিত হবে। অস্ত্রসস্ত্র (উদ্দেশ্য হল যুদ্ধ) ধ্বসে যাওয়ার শাস্তি। পাথরের দ্বারা শাস্তি। চেহারা বিকৃত হয়ে যাওয়ার শাস্তি। নবী করীম সা. বলেন- যখন সূদানের লোকেরা এসে আরবদেরকে বের হওয়ার দাবী জানাবে। শেষপর্যন্ত আরবগণ বাইতুল মাকদিস বা জর্ডানে পৌছে যাবে। এমন সময় হঠাৎ তিনশ ষাটজন আরোহীসহ সূফিয়ানী আত্মপ্রকাশ করে দামেস্কে এসে উপনীত হবে। প্রত্যেক মাসে বনূ কালব থেকে ত্রিশ হাজার লোক এসে তার (সূফিয়ানীর) হাতে বায়আত হবে। সূফিয়ানী ইরাকের দিকে একটি বাহিনী প্রেরণ করবে, ফলে "যাওরা" (বাগদাদ) প্রান্তরে এক লক্ষ মানুষকে হত্যা করে ফেলা হবে। এর তাৎক্ষনিক পরেই সূফিয়ানী দ্রুত কূফার দিকে রওয়ানা হবে। সেখাকে গিয়ে সে ব্যাপক লুটতরাজ চালাবে। এমন সময় পূর্বদিক থেকে একটি বাহন (دابة) বের হবে, যাকে বনূ তামীম গোত্রের শুআইব বিন সালেহ নামক এক ব্যক্তি পরিচালিত করবেন। সে (শুআইব বিন সালেহ) এসে সূফিয়ানী বাহিনীর হাত থেকে কূফার বন্দিদেরকে মুক্ত করবে এবং সূফিয়ানীর সেনাদলকে হত্যা করে ফেলবে। সূফিয়ানীর একটি বাহিনী মদীনার দিকে প্রেরিত হবে। মদীনায় এসে তারা তিনদিন পর্যন্ত লুটমার চালিয়ে যখন তারা মক্কার দিকে রওয়ানা হবে, তখন "বায়দা" প্রান্তরে পৌছা মাত্রই আল্লাহ তা'লা জিব্রাঈল আ.কে আদেশ করবেন তাদেরকে মাটির নিচে ধ্বসিয়ে দেয়ার জন্য, সুতরাং জিব্রাঈল আ. স্বীয় পাখা ব্যবহার করে তাদেরকে মাটির নিচে ধ্বসিয়ে দেবেন। শুধুমাত্র দু'জন ব্যক্তি মাটিতে ধ্বসে যাওয়া থেকে রক্ষা পাবে, তারা এসে সূফিয়ানীকে ধ্বসে যাওয়ার সংবাদ শুনালে সূফিয়ানী ঘাবড়ে যাবেনা। এরপর কুরাইশ কনষ্ট্যান্টিনোপলের উদ্দেশ্যে আগে বাড়বে। তখন সূফিয়ানী রূমী সরদারের কাছে এই বলে বার্তা পাঠাবে যে, ঐ সকল মুসলমানকে আমার দিকে বড় একটি ময়দানে পাঠিয়ে দাও! হযরত হুযায়ফা রা. বলেন- অতপর রূমী সরদার তাদেরকে সূফিয়ানীর কাছে প্রেরণ করবেন। সুতরাং সূফিয়ানী তাদেরকে দামেস্কের দরজায় ফাসিতেঁ ঝুলিয়ে দেবে। অতপর হুযায়ফা রা. বলেন- পরিস্থিতি এ পর্যায়ে পৌছবে যে, সূফিয়ানী এক মহিলাকে সাথে নিয়ে দামেস্কের মসজিদে বৈঠকে বৈঠকে পর্যবেক্ষণ করবে। অতপর সে যখন মিম্বরের উপর বসবে, তখন মহিলাটি তার কাছে এসে উড়ুতে বসে যাবে। এটা দেখে একজন মুসলমান দাড়িয়ে বলবে- তোর ধ্বংস অনিবার্য! ঈমান আনার পরও তুই আল্লাহর সাথে কুফুরী করছিস..!!?? এটা তো কখনো হতে পারেনা! একথা শুনামাত্রই সূফিয়ানী দাড়িয়ে যাবে এবং দামেস্কের ঐ

মসজিদেই লোকটির গরদান উড়িয়ে দেবে এবং প্রত্যেক ঐ ব্যক্তিকে হত্যা করে দেবে, যারা এ বিষয়ে তার সাথে মতবিরোধ করে (ঘটনাগুলো ইমাম মাহদীর আগমণের পূর্বক্ষণে হবে)। অতপর আসমান থেকে একজন ঘোষক এই বলে ঘোষনা করবেন যে, ওহে লোকসকল! আল্লাহ তা'লা অহংকারী, মুনাফিক এবং তার সহকারী জোটবদ্ধ লোকদের যুগকে শেষ করে দিয়েছেন এবং তোমাদের উপর মুহাম্মাদ সা.এর উম্মতের মধ্যে একজন শ্রেষ্ঠ ব্যক্তিকে আমীর হিসেবে নির্বাচন করেছেন! সুতরাং তোমরা মক্কায় গিয়ে তার দলে শামিল হয়ে যাও! সে হচ্ছে মাহদী! তার নাম হচ্ছে আহমদ বিন আব্দুল্লাহ!! হযরত হুযায়ফা রা. বলেন- অতপর ইমরান বিন হুসাইন রা. দাড়িয়ে রাসূলে কারীম সা.কে জিজ্ঞেস করলেন- হে আল্লাহর রাসূল! আমরা ঐ (সূফিয়ানী)কে কিভাবে চিনব ?? উত্তরে নবী করীম সা. বললেন- সে হচ্ছে বনী ইসরায়েলের "কেনানা" গোত্রের সন্তান। তার পরনে দু'টি সুতী চাদর থাকবে। তার চেহারার রং হবে উজ্জ্বল তারকার ন্যায়। ডানগালে একটি কালো তীল থাকবে। সে চল্লিশ বৎসরের মাঝামাঝি বয়সে হবে। অতপর (ইমাম মাহদীর হাতে বায়আত গ্রহণের জন্য) শাম থেকে আবদাল এবং আউলিয়ায়ে কেরাম আসবে। মিসরের সম্ভ্রান্ত ব্যক্তিরাও আগমণ করবে। পাশাপাশি পূর্বদিক থেকে বিভিন্ন গোত্রের লোকেরাও এসে একত্রিত হবে। শেষপর্যন্ত সকলেই মক্কায় এসে যমযম এবং মাকামে ইব্রাহীমের মাঝামাঝি স্থানে ইমাম মাহদীর হাতে বায়আত হয়ে যাবে। অতপর তারা শামের উদ্দেশ্যে আগে বাড়বে। সম্মুখভাগের নেতৃত্বে থাকবেন জিব্রাঈল আ.। পেছনভাগের নেতৃত্বে থাকবেন মিকাঈল আ.। যমিন-আসমানের বাসিন্দা, পশুপাখি এমনকি সমুদ্রের মাছ পর্যন্ত তাদের প্রতি সন্তুষ্ট থাকবে। তাদের শাসনকালে পানি বেড়ে যাবে, নদনদীগুলো প্রশস্ত হয়ে যাবে, জমিতে ফসল ভরে উঠবে, ভূমি তার সকল গুপ্তধন প্রকাশ করে দেবে। সুতরাং তারা শামে এসে সূফিয়ানীকে ঐ বৃক্ষের নিচে হত্যা করে দেবে, যার শাখাগুলো বুহাইরা তাবারিয়ার দিকে গিয়েছে। অতপর তারা বনূ কালবকে ব্যাপকভাবে হত্যা করবে। হযরত হুযায়ফা রা. বলেন যে, নবী করীম সা. তখন বলেন- ঐ দিন যারা বনূ কালবের গনীমত থেকে বঞ্চিত থাকবে, সেই হচ্ছে প্রকৃত বঞ্চিত ব্যক্তি, যদিও শুধুমাত্র ঊটের একটি রশি তার ভাগে পড়ুক। হুযায়ফা রা. জিজ্ঞেস করলেন- হে আল্লাহর রাসূল! সূফিয়ানীর বাহিনীর সাথে লড়াই করা আমাদের জন্য কি করে বৈধ হবে ?? কারণ, তারাও তো তাওহীদে বিশ্বাসী (মুসলমান)। তখন নবী করীম সা. উত্তর দিলেন- হে হুযায়ফা! তারা তখন মুরতাদের অবস্থায় থাকবে। তারা মনে করবে- মদ্যপান হালাল। তারা নামায পড়বেনা। অতপর ইমাম মাহদী তার ঈমানদার সাথীদেরকে নিয়ে দামেস্কে পৌছবে। আল্লাহ তা'লা তাদের দিকে এক রূমীকে (বাহিনীসহ) প্রেরণ করবেন, ঐ রূমী হারকিউলিস (যে নবী করীম সা.এর যুগে রূমের বাদশা ছিল) এর পঞ্চম বংশ থেকে হবে। তার নাম হবে طباره (তাবারা)। সে খুবই যুদ্ধবাজ হবে। সুতরাং তোমরা তাদের সাথে সাত বৎসরের জন্য চুক্তিবদ্ধ হবে (কিন্তু রূমী চুক্তিটিকে প্রথমেই ভেঙ্গে দেবে, যেমনটি পূর্বে বর্ণিত হয়েছে) ফলে তোমরা এবং তারা মিলে পেছনের শত্রুদের সাথে যুদ্ধ করবে এবং বিজয়ী হয়ে প্রচুর যুদ্ধলব্ধ মাল অর্জন করবে। অতপর তোমরা সবুজ শ্যামল একটি উঁচু ভূমিতে এসে উপনীত হবে। এমন সময় একজন রূমী দাড়িয়ে ঘোষনা করবে যে, ক্রোশ বিজয়ী হয়েছে! (অর্থাৎ বিজয়টি ক্রোশের কারণে হয়েছে!) একথা শুনে একজন মুসলমান উঠে গিয়ে ক্রোশ ভেঙ্গে দেবে। বলবে- আল্লাহই হচ্ছেন বিজয়দাতা। হযরত হুযায়ফা রা. বলেন- নবী করীম সা. বলেন- অতপর রূমীগণ মুসলমানদেরকে ধোকা দেবে, আর তারাতো ধোকাই দেয়ার যোগ্য! সুতরাং মুসলমানদের ঐ দলটি শহীদ হয়ে যাবে। একজন মুসলমানও সেখান থেকে রক্ষা পাবেনা। অতপর তারা তোমাদের বিরুদ্ধে চূড়ান্ত লড়াইয়ের জন্য মহিলার গর্ভধারণ পরিমাণ সময় বরাবর প্রস্তুতি গ্রহণ করবে। অতপর (পরিপূর্ণ প্রস্তুতি গ্রহণের পর) তারা আটটি পতাকার সমন্বয়ে তোমাদের বিরুদ্ধে যুদ্ধের জন্য বের হবে (মুসনাদে আহমদের বর্ণনায় আশিটি পতাকার কথা উল্লেখ হয়েছে। উভয় বর্ণনার মাঝে এভাবে সামঞ্জস্য বিধান করা যেতে পারে যে, সকল কুফুরী শক্তি আটটি ঝান্ডার সমন্বয়ে আসবে। আর এর ভেতরে আরো ছোট ছোট অনেক পতাকা থাকবে। সব মিলিয়ে আশিটি পতাকার সমন্বয় হবে- আল্লাহইভালজানেন)। প্রতিটি পতাকাতলে বার হাজার করে যুদ্ধা থাকবে। শেষপর্যন্ত তার এসে এ্যান্টাকিয়ার নিকটবর্তী "আমাক" (أعماق) প্রান্তরে এসে উপনীত হবে। "হাইরা" এবং শামের প্রতিটি খৃষ্টান তখন ক্রোশ উঁচু করে বলবে- শুন! পৃথিবীর বিভিন্ন প্রান্তে যত খৃষ্টান আছে, সকলেই যেন আজ তাদের সাহায্য করে! অতপর তোমাদের ইমাম

মুসলমানদেরকে নিয়ে দামেস্ক থেকে রওয়ানা হয়ে এ্যান্টাকিয়ার "আমাক" প্রান্তরে এসে পৌছবে। অতপর তোমাদের ইমাম শামবাসীদের কাছে বার্তা পাঠাবে যে, আমাদের সহযোগীতা কর! পূর্বদিকে বার্তা পাঠাবে যে, আমাদের কাছে এমন দুশমন এসে উপনীত হয়েছে, যার অধীনে সত্তরজন কমান্ডার রয়েছে। যাদের আলো (ক্ষমতা) আসমান পর্যন্ত বিস্তৃত। হযরত হুযায়ফা রা. বলেন- নবী করীম সা. বলেছেন- "আমাক" প্রান্তরের শহীদগণ এবং দাজ্জালের বিরুদ্ধে লড়াইকারী শহীদগণ আমার উম্মতের সর্বশ্রেষ্ঠ শহীদ। তখন লোহায় লোহায় সংঘাত হবে (অর্থাৎ তরবারী ভেঙ্গে যাবে) এমনকি একজন মুসলমান এক কাফেরকে পরনে লৌহবস্ত্র থাকা সত্তেও লোহার শিক দিয়ে হত্যা করে তাকে দুই টুকরা করে ফেলবে। তোমরা তাদেরকে এরকমভাবে ব্যাপক হত্যা করবে যে, ঘোড়ার কোমরগুলো পর্যন্ত রক্তের মধ্যে ডুবে যাবে। কেননা, আল্লাহ তা'লা তখন তাদের উপর খুবই রাগান্বিত থাকবেন। ফলে শরীর চিড়ে ফেলে এমন বর্ষা দিয়ে তাদেরকে মারা হবে, ধারালো তরবারী দিয়ে তাদেরকে আঘাত করা হবে এবং ফুরাত নদীর কিনারা থেকে খোরাসানী কামানের সাহায্যে তাদের উপর গোলা বর্ষন করা হবে। সুতরাং তারা (খোরাসানবাসী) চল্লিশদিন পর্যন্ত তাদের বিরুদ্ধে প্রচন্ড লড়াই করবে। অতপর আল্লাহ তা'লা পূর্বদিকের লোকদেরকে সাহায্য করবেন। ফলে কাফেরদের মধ্যে নয় লক্ষ নিরানব্বই হাজার যুদ্ধা নিহত হয়ে যাবে। আর অবশিষ্টদের কবর দেখে গণণা করা লাগবে (যে, নিহতের সংখ্যা সর্বমোট কততে গিয়ে দাড়িয়েছে)। (অপরদিকে যেখানে পূর্বদিকের মুসলমানদের ঘাটি হবে, সেখানে) পূণরায় ঘোষনাকারী পূর্বদিকে ঘোষনা করবে যে, ওহে লোকসকল! তোমরা শামে প্রবেশ কর! কেননা, সেটাই হচ্ছে মুসলমানদের (প্রধান) ঘাটি! এবং তোমাদের ইমাম-ও সেখানে অবস্থান করছেন! হযরত হুযায়ফা রা. বলেন- ঐ দিন মুসলমানদের সর্বোত্তম সম্পদ হবে ঐ বাহন, যাতে আরোহন করে তারা সেদিন শামে প্রবেশ করবে এবং ঐ গাধা, যাতে চড়ে তারা রওয়ানা হবে। অতপর (ঐ মুসলমানগণ ইমাম মাহদীর কাছে) শামে এসে পৌছে যাবে। তোমাদের ইমাম ইয়েমেনবাসীদের কাছেও বার্তা প্রেরণ করবে যে, আমাকে সহযোগীতা কর! তখন "আদন" এর সত্তর হাজার যুবক নিজেদের উটগুলির উপর চড়ে তরবারী উঁচু করে আসবে এবং বলবে- "আমরা হলাম আল্লাহর সত্য বান্দা! আমরা পুরস্কারের আশায় আসিনি! রুটি রোযগারের জন্য বের হইনি! (বরং শুধুমাত্র ইসলামের কালেমা সমুন্নত করার জন্য এসেছি!) শেষপর্যন্ত তারা এ্যান্টাকিয়ার "আমাক" প্রান্তরে এসে ইমাম মাহদীর কাছে পৌছে যাবে (ইয়েমেনবাসীদের কাছে প্রেরিত বার্তাটি যুদ্ধ শুরু হওয়ার পূর্বে পাঠানো হবে)। তারা মুসলমানদের সাতে মিলে রূমীদের বিরুদ্ধে মরণযুদ্ধ করবে। ফলে ত্রিশ হাজার মুসলমান শহীদ হয়ে যাবে। কোন মুশরেক ব্যক্তি উক্ত আওয়াজ শুনতে পাবেনা (যে আওয়াজটি একজন ঘোষনাকারী পূর্বদিকের মুসলমানদের উদ্দেশ্যে দেবেন, যার বর্ণনা উপরে হয়েছে)। তোমরা তখন কদম-বকদম চলবে। তোমরা তখন আল্লাহর সর্বশ্রেষ্ঠ বান্দদের মধ্যে হবে। সেদিন তোমাদের মধ্যে কেউই যিনাকারী হবেনা, গনীমতের সম্পদে খিয়ানতকারী থাকবেনা এবং কোন চুর থাকবেনা। হযরত হুযায়ফা রা. বলেন যে, নবী করীম সা. বলেছেন- আদমসন্তানদের মধ্যে এমন কেউ নেই, যে কখনো অন্যায় কাজে লিপ্ত হয়নি শুধুমাত্র ইয়াহয়া বিন যাকারিয়া আ. ব্যতিত। কেননা, তিনি জীবনে কখনো কোন ভুল কাজ করেননি। হযরত হুযায়ফা রা. বলেন- নবী করীম সা. বলেছেন- তওবাকারী ব্যক্তিকে আল্লাহ তা'ল সমস্ত গুনাহ থেকে এমনভাবে পবিত্র করে দেন, যেমনভাবে কোন কাপড় ধোয়ার পর ময়লা থেকে সম্পূর্ণ পরিস্কার হয়ে যায় (অর্থাৎ কেউ যদি পাপ কাজে লিপ্ত হয় এবং পরে তওবা করে ফেলে, তাহলে সে পাপ থেকে সে সম্পূর্ণ মুক্ত হয়ে যায়)। অতপর রূমের শহরগুলোর মধ্যে যেই শহরের পাশ দিয়েই তোমরা অতিক্রম করবে এবং "আল্লাহু আকবার" ধ্বনি উচ্চারণ করবে, সাথে সাথে শহরের প্রাসাদগুলো ভেঙ্গে পড়বে। শেষপর্যন্ত তোমরা রূমের শহর কনষ্ট্যান্টিনোপলে প্রবেশ করবে। সেখানে তোমরা চারটি তাকবীর (আল্লাহু আকবার) ধ্বনি উচ্চারণ করবে। ফলে কনষ্ট্যান্টিনোপলের প্রাচীর ভেঙ্গে পড়বে। হুযায়ফা রা. বলেন- নবী করীম সা. বলেছেন- নিশ্চয় আল্লাহ তা'লা রূম এবং কনষ্ট্যান্টিনোপলকে ধ্বংস করবেন। অতপর তোমরা তাতে প্রবেশ করবে। সেখানে তোমরা চার লক্ষ কাফেরকে হত্যা করবে। সেখান থেকে তোমরা স্বর্ণ আর হিরার বড় বড় ভান্ডার বের করবে। তোমরা دار البلاط (White House)এ অবস্থান করবে। জিজ্ঞেস করা হল- "দারুল বালাত" কি ?? বললেন- বাদশার প্রাসাদ! অতপর তোমরা সেখানে

একবৎসর অবস্থান করবে। সেখানে তোমরা মসজিদ নির্মাণ করবে। অতপর সেখান থেকে রওয়ানা হয়ে তোমরা قدرمارية শহরে এসে উপনীত হবে। ওখানে তোমরা রত্নভান্ডার বিতরণ করতে থাকবে। এমন সময় একজন ঘোষককে শুনতে পাবে যে ঘোষনা করছে- দাজ্জাল তোমাদের অনুপস্থিতিতে শামে তোমাদের ঘরবাড়ীগুলোতে ধাওয়া করেছে। একথা শুনে তোমরা (শামে) ফিরে আসবে। অথচ তখন সংবাদটি ছিল মিথ্যা। সুতরাং তোমরা বাইছানের খেজুর বৃক্ষের রশি এবং লেবাননের পাহাড়ের লাকড়ি দিয়ে জাহাজ বানাবে। অতপর তোমরা "আকা" (عكا/Akko হাইফা-র নিকটবর্তী ইসরায়েলের উপকূলে অবস্থিত একটি শহর) থেকে একহাজার জাহাজে করে আসবে। (এছাড়াও) পাঁচশত জাহাজ জর্ডানের উপকূল থেকে আসবে। ঐ দিন তোমাদের চারটি বাহিনী থাকবে। এক- পূর্বদিক থেকে আগত বাহিনী। দুই- পশ্চিমা মুসলমানদের বাহিনী। তিন- শাম থেকে আগত বাহিনী। চার- মক্কা-মদীনা থেকে আগত বাহিনী। (তোমরা এতই ঐক্যবদ্ধ হবে যে,) মনে হয় তোমরা একই পিতার সন্তান। আল্লাহ তা'লা তোমাদের অন্তর থেকে পারস্পরিক হিংসা-বিদ্বেষ এবং রাগ-গোস্বাকে খতম করে দেবেন। সুতরাং তোমরা (জাহাজে রওয়ানা হয়ে) "আকা" থেকে রূমের উদ্দেশ্যে রওয়ানা হবে। বাতাসকে এমনভাবে তোমাদের অনুসারী বানিয়ে দেয়া হবে, যেমনভাবে ছুলাইমান আ.এর জন্য বানিয়ে দেয়া হয়েছিল। (এভাবে) তোমরা রূমে পৌছে যাবে। যখন তোমরা রূম শহরের সন্নিকটে অবস্থান করবে, তখন রূমীদের একজন বড় পাদ্রী, যে কিতাবধারী হবে (মনে হয়- সে ভেটিক্যানের পোপ) তোমাদের কাছে আসবে। জিজ্ঞেস করবে- তোমাদের আমীর কে ?? বলা হবে- উনি হচ্ছেন আমাদের আমীর! পাদ্রী তার কাছে বসে পড়বে। সে আমীরের কাছে আল্লাহ তা'লার সিফাত, ফেরেশতাদের সিফাত, জান্নাত-জাহান্নামের সিফাত এবং আদম আ.সহ নবীদের সিফাত সম্পর্কে জিজ্ঞাসা করবে। এভাবে প্রশ্ন করতে করতে হযরত মুছা এবং ঈসা আ. পর্যন্ত পৌছে যাবে। (আমীরুল মুমেনীনের জবাব শুনে) পাদ্রী বলবে- আমি সাক্ষ্য দিচ্ছি যে, তোমাদের (মুসলমানদের) ধর্ম হচ্ছে আল্লাহর মনোনীত ধর্ম। নবীদের আনীত ধর্ম। আল্লাহ তা'লা স্বীয় ধর্ম ছাড়া অন্য কোন ধর্ম মেনে নেবেননা। সে (পাদ্রী) আরো প্রশ্ন করবে যে, জান্নাতবাসীগণ কি খাওয়া দাওয়া করবে ?? তিনি (আমীরুল মুমেনীন) বলবেন- হ্যাঁ..! এটা শুনে পাদ্রী কিছুক্ষণের জন্য সেজদায় লুটিয়ে পড়বে। অতপর বলবে- এটা ব্যতিত আমার আর কোন ধর্ম নেই। এটাই হচ্ছে মূছার আনীত ধর্ম। এই ধর্মকেই আল্লাহ তা'লা মূছা এবং ঈসা আ.এর উপর অবতীর্ণ করেছিলেন। পাশাপাশি তোমাদের নবীর গুণাবলীও আমাদের ধর্মীয় গ্রন্থ ইঞ্জিলে এভাবে এসেছে- "সে (শেষনবী) লাল উটওয়ালা হবে। তোমরাই হচ্ছ এই শহরের (রূমের) প্রকৃত হক্বদার। সুতরাং আমাকে অনুমতি দাও! আমি লোকদের কাছে তাদেরকে ইসলামের দাওয়াত দেব। কেননা, তাদের উপর শাস্তি ঝুলে আছে। অতপর পাদ্রী গিয়ে শহরের কেন্দ্রস্থলে দাড়িয়ে স্বজোরে ঘোষনা করবে যে, ওহে রূমবাসী! তোমাদের কাছে ইসমাঈল বিন ইবরাহীমের সন্তানেরা আগমণ করেছে! যার বর্ণনা তাওরাত এবং ইঞ্জিলে স্পষ্টভাবে করা হয়েছে! তাদের নবী লাল উটওয়ালা ছিল। সুতরাং তোমরা তাদের আহবানে সাড়া দাও! তাদেরকে অনুসরণ কর! (এই ঘোষনা শুনে শহরবাসী রাগে) ঐ পাদ্রীর দিকে দৌড়ে যাবে এবং তাকে হত্যা করে ফেলবে। তৎক্ষনাৎ আল্লাহ তা'লা আসমান থেকে এমন প্রবল আগুন প্রেরণ করবেন, যা লোহার খুটির মত হবে। এভাবে আগুন এসে শহরের কেন্দ্রস্থলে পৌছে যাবে। অতপর আমীরুল মুমেনীন দাড়িয়ে বলবে যে, ওহে লোকসকল! পাদ্রীকে শহীদ করে দেয়া হয়েছে। হযরত হুযায়ফা রা. বলেন- অতপর রাসূলে কারীম সা. বলেছেন- ঐ পাদ্রী চুপিসারে একটি দল প্রেরণ করবে (শাহাদাতের পূর্বে- বিন্যাসটি মনে হয়ে এভাবে হতে পারে যে, যখন সে শহরে গিয়ে ঘোষনা করবে, তখন একটি দল তাৎক্ষণিক তার কথা মেনে নিয়ে শহরের বাইরে অবস্থান করা মুসলমানদের কাছে চলে আসবে। আর অবশিষ্ট লোকেরা তাকে হত্যা করে ফেলবে। অতপর আমীরুল মুমেনিন যুদ্ধের জন্য প্রস্তুত হবেন- আল্লাহইভালজানেন)। অতপর মুসলমানগণ চারটি তাকবীর (আল্লাহু আকবার) ধ্বনি উচ্চারণ করবে। ফলে শহরের প্রাচীর ভেঙ্গে পড়বে। শহরটির নাম রূম এজন্য রাখা হয়েছে, কারণ, শহরটি লোকদের মাধ্যমে এমনভাবে পরিপূর্ণ থাকে, যেমনভাবে আনারের ভেতরে লাল দানাগুলি পরিপূর্ণ থাকে। (যখন প্রাচীর ভেঙ্গে পড়বে, তখন মুসলমানগণ ভেতরে প্রবেশ করবে) সেখানে তারা ছয় লক্ষ কাফেরকে হত্যা করবে। সেখান থেকে তারা বাইতুল মাকদিসের যেওর এবং "তাবূত" উদ্ধার করবে। ঐ তাবূতে "ছাকীনা" (Ark of the

Covenant) থাকবে, বনী ইসরাইলের দস্তরখানা থাকবে, মূছা আ.এর লাঠি এবং (তাওরাতের) কাষ্ঠখন্ড থাকবে, সূলাইমান আ.এর মিম্বর থাকবে এবং مَنّ এর দুটি টুকরা থাকবে, যা বনী ইসরাইলের উপর অবতীর্ণ হত (ঐ মান্না, যা খাদ্যবস্তু ছালওয়ার সাথে নাযিল হত)। "মান্না" দুধ থেকেও বেশি সাদা হবে। হুযায়ফা রা. বলেন- আমি জিজ্ঞাসা করলাম- হে আল্লাহর রাসূল! এতসবকিছু ওখানে কিভাবে পৌছল ?? নবী করীম সা. বললেন- যখন বনী ইসরায়েল অহংকার করল এবং নবীদেরকে নির্মমভাবে হত্যা করল, তখন আল্লাহ তা'লা বুখতেনসরকে প্রেরণ করলেন, সে বাইতুল মাকদিসে এসে সত্তর হাজার ইহুদীকে হত্যা করে। অতপর আল্লাহ তা'লা তাদের উপর দয়াশীল হলেন। পারস্যের বাদশার অন্তরে অনুপ্রেরণা দিলেন যে, সে যেন বাইতুল মাকদিসে গিয়ে বনী ইসরায়েলকে বুখতেনসরের হাত থেকে মুক্ত করে। ফলে ঐ বাদশা বাইতুল মাকদিসে এসে তার হাত থেকে মুক্ত করে তাদেরকে পূণরায় সেখানে আবাদ করেন। অতপর চল্লিশ বৎসর পর্যন্ত তারা ঐ বাদশার কথামত সেখানে জীবনযাপন করে। অতপর পূণরায় যখন তারা অন্যায়ে লিপ্ত হতে শুরু করে- যেমনটি কোরআনে কারীমে বর্ণিত হয়েছে যে, وان عدتم عدنا "হে বনী ইসরায়েল! তোমরা যদি পূণরায় অন্যায়ে ফিরে আস! তবে আমিও তোমাদেরকে পূণরায় যন্ত্রণাদায়ক শাস্তি প্রদান করব"। সুতরাং তারা পূণরায় পাপাচারে লিপ্ত হলে আল্লাহ তা'লা রূমক বাদশা "টাইসিস"কে তাদের উপর চড়িয়ে দেন। টাইসিস এসে তাদের বন্দি করেছিল এবং বাইতুল মাকদিসকে (৭০ খৃষ্টপূর্ব) সম্পূর্ণ ধ্বংস করে ওখানকার তাবূত এবং ভান্ডারগুলোকে সাথে করে নিয়ে গিয়েছিল। এভাবে মুসলমানগণ সেই ভান্ডারকে উদ্ধার করে বাইতুল মাকদিসে নিয়ে আসবে। অতপর মুসলমানগণ ওখান থেকে রওয়ানা হয়ে "কাতে" (قاطع) নামক শহরে এসে পৌছবে। শহরটি এমন সমুদ্রের কিনারায় অবস্থিত, যেখানে জাহাজ চলাচল করতে পারেনা। কেউ জিজ্ঞাসা করল- হে আল্লাহর রাসূল! কেন সেখানে জাহাজ চলতে পারেনা ?? নবী করীম সা. বললেন- কেননা, সমুদ্রটি গভীর নয়। তোমরা যে সমুদ্রের বুকে বড় বড় ঢেও প্রত্যক্ষ করে থাক, সেগুলো আল্লাহ তা'লা মানুষের জন্য উপকারী বানিয়েছেন। সমুদ্রের মধ্যে গভীরতা অনেক হয়ে থাকে। আর ঐ গভীরতার ফলেই তার উপর দিয়ে জাহাজ চলাচল করতে পারে। হযরত হুযায়ফা রা. বলেন- একথার উপর হযরত আব্দুল্লাহ বিন সালাম রা. বলেন- ঐ সত্তার শপথ! যিনি আপনাকে সত্য ধর্ম দিয়ে প্রেরণ করেছেন- তাওরাতে ঐ শহরটির গুণাগুণ এভাবে বর্ণিত হয়েছে যে, এর দৈর্ঘ্য হচ্ছে একহাজার মাইল। আর ইঞ্জিলে এর নাম বলা হয়েছে فرع অথবা قرع। ইঞ্জিল অনুযায়ী এর দৈর্ঘ্য হচ্ছে একহাজার মাইল এবং প্রশস্ততা হচ্ছে পাঁচশ মাইল। নবী করীম সা. বলেন- শহরের তিনশত ষাটটি দরজা রয়েছে। প্রতিটি দরজা থেকে একলাখ যুদ্ধবাজ সেনা বের হবে। সেখানেও মুসলমানগণ চারটি তাকবীর (আল্লাহু আকবার) ধ্বনি উচ্চারণ করলে শহরের শক্ত প্রাচীরটি ভেঙ্গে পড়বে (অথবা ওখানকার যে প্রতিরক্ষা ব্যবস্থাপনা থাকবে, সেটি ভেঙ্গে যাবে)। এভাবে শহরের সবকিছু মুসলমানদের জন্য গনীমতের মাল হয়ে যাবে। তোমরা সেখানে সাত বৎসর অবস্থান করবে। এরপর যখন তোমরা বাইতুল মাকদিসে ফিরে আসবে, তখন শুনতে পাবে যে, আসফাহানের ইহুদীয়া বস্তি থেকে দাজ্জাল আত্মপ্রকাশ করে ফেলেছে। তার একটি চোখ এমন হবে, যেমননাকি রক্ত জমাট হয়ে (ফুলে) গেছে। অপর চোখটি এমন হবে যে, মনে হয় চোখ-ই নেই (অর্থাৎ কেউ যেন তা আঙ্গুল দিয়ে ভেতরে ঢুকিয়ে দিয়েছে)। সে উড়ন্ত পায়রাকে আকাশেই ধরে খেয়ে ফেলবে। তার পক্ষ থেকে তিনটি স্বজোরে চিৎকার (ঘোষনা) দেয়া হবে, যা পূর্ব-পশ্চিমের সকল মানুষ শুনতে পাবে। লেজকাটা গাধা (অথবা এমন ডিজাইনের কোন বিমান বা উড়তে পারে এমন কোন বাহনের) উপর আরোহণ করে সে আসবে। (তার) গাধার দুই কর্ণের মাঝে চল্লিশ গজ দূরত্ব হবে, যেখানে সত্তর হাজার লোক এসে যাবে (কুফুরী শক্তি বর্তমানে সর্ববৃহৎ বিমান বানানোর জন্য চেষ্টা করে যাচ্ছে)। সত্তর হাজার ইহুদী দাজ্জালের অনুসারী হবে, যাদের পরনে "তীজানী" চাদর থাকবে (তীজানী চাদর-ও طيلسان এর চাদরের ন্যায় সবুজ রঙ্গের হয়ে থাকে)। শেষপর্যন্ত যখন জুমআ'র দিন ফজরের নামাযের জন্য একামত দেয়া হবে, সবেমাত্র ইমাম মাহদী নামাযের জন্য এগিয়ে যাচ্ছেন, এমন সময় তিনি ঈসা বিন মারয়াম আ.কে পেয়ে যাবেন যে, তিনি আসমান থেকে অবতীর্ণ হয়েছেন। উনার পরনে দু'টি কাপড় থাকবে। তার চুলগুলো (এত উজ্জল হবে যে, দেখতে মনে হবে-) চুলগুলো থেকে পানি টপকে পড়ছে। এখানে এসে আবূ হুরায়রা রা. বললেন- হে আল্লাহর রাসূল! আমি কি উনার কাছে গিয়ে সাক্ষাত করে কোলাকোলি করতে

পারব ?? তখন নবী করীম সা. বলেন- হে আবূ হুরায়রা! তার এ আগমণ পূর্বের আগমনের মত হবেনা (যেখানে তিনি অত্যন্ত নম্র মেজাযের ছিলেন; বরং) উনি তোমাদের সাথে এমন ভয়ানক চেহার নিয়ে মিলিত হবেন, যেমননাকি মৃত্যুর সময় মানুষের ভয়ানক চেহারা হয়ে থাকে। উনি লোকদেরকে জান্নাতের সুসংবাদ শুনাবেন। অতপর আমীরুল মুমেনীন ঈসা বিন মারয়াম আ.কে উদ্দেশ্য করে বলবেন- এগিয়ে যান! এবং নামাজ পড়ান! তখন ঈসা আ. বলবেন- একামত দেয়া হয়েছে আপনার জন্য! (সুতরাং নামাজ আপনিই পড়ান!) এভাবে ঈসা বিন মারয়াম আ. আমীরের পেছনে নামায আদায় করবেন। হযরত হুযায়ফা রা. বলেন যে, নবী করীম সা. বলেছেন- নিশ্চয় ঐ উম্মত সফল হয়ে গেছে, যার শুরুতে আছি আমি এবং শেষে আছেন ঈসা বিন মারয়াম আ.। অতপর (বলেন-) দাজ্জাল আসবে। তার সাথে পানির ভান্ডার থাকবে, প্রচুর পরিমাণ ফলমূল সাথে থাকবে। আসমানকে আদেশ করবে বৃষ্টি বর্ষন করার জন্য; আসমান বৃষ্টি বর্ষন করবে। যমিনকে আদেশ করবে ফসল উৎপন্ন করার জন্য; যমিন ফসল উৎপন্ন করে দেবে। তার সাথে প্রস্তুত খাদ্যের ভান্ডার থাকবে (হতে পারে- আজকাল যেমন ডিব্বায় ভর্তি বা প্যাকেটিং করা খাবার দোকানে পাওয়া যায়, এমনই কিছু)। তাতে ঘি-ও থাকবে (অথবা বড় নালা হবে- এখানেও ইঙ্গিত করা আছে যে, তার সাথে শুধুমাত্র খাদ্যের পাহাড়ই হবেনা; বরং তার সাথে ঘি-ও মাখানো থাকবে, অর্থাৎ প্রস্তুতকৃত খাদ্য)। তার ফেতনাসমূহের অন্যতম বিষয়টি এই হবে যে, সে পিতা-মাতা মারা গেছে এমন একজন গ্রাম্য ব্যক্তির কাছে এসে বলবে- আমি যদি তোমার মৃত পিতা-মাতাকে জীবিত করে দেই, তবে কি তুমি আমাকে খোদা বলে মেনে নেবেনা ?? গ্রাম্যব্যক্তি বলবে- কেন নেবনা!! (অর্থাৎ অবশ্যই মেনে নেব)। তখন দাজ্জাল দুজন শয়তানকে ঐ পিতা-মাতার আকৃতিতে আসতে বললে এক শয়তান তার পিতার আকৃতিতে এবং অপর শয়তান তার মায়ের আকৃতিতে তার সামনে এসে উপস্থিত হবে। বলবে- হে আমার ছেলে! এই হচ্ছে তোমার প্রকৃত খোদা! তুমি তাকে খোদা বলে মেনে নাও!! মক্কা-মদীনা আর বাইতুল মাকদিস ছাড়া দাজ্জাল পৃথিবীর সকল শহরে গিয়ে উপনীত হবে। শেষপর্যন্ত ঈসা বিন মারয়াম আ. দাজ্জালকে ফিলিস্তীনের লুদ নামক শহরে হত্যা করবেন (বর্তমানে লুদ হচ্ছে ইসরায়েলের দখলে)। (السنن الواردة في الفتن،ج:5ص:1110)

নোট :- বর্ণনাটির অনেকাংশ বাকী রয়েছে, যেখানে ইয়াজূজ-মাজূজ থেকে নিয়ে কেয়ামত পর্যন্ত সকল ঘটনাবলীকে বর্ণনা করা হয়েছে। যেহেতু আমাদের আলোচ্য বিষয় দাজ্জাল পর্যন্ত, তাই এ পর্যন্ত উল্লেখ করেই আমরা ক্ষান্ত হলাম।

ফায়দা-

(১) উপরোক্ত বর্ণনাটিই একমাত্র হাদিস, যেখানে ইমাম মাহদী থেকে শুরু করে কেয়ামত পর্যন্তের জন্য ঘটিত সকল ঘটনাবলী ধারাবাহিক বর্ণনা করা হয়েছে। তবে হাদিসের অধিকাংশ অংশগুলোই অন্যান্য হাদিসে উল্লেখিত হয়েছে।

(২) হাদিসে "যাওরা" প্রান্তরে যুদ্ধের কথা বলা হয়েছে। পরিভাষায় "যাওরা" বাগদাদকে বলা হয়, যা দুই নদীর (দাজলা এবং ফুরাত) মধ্যবর্তী স্থানে অবস্থিত। ঐতিহাসিক দিক থেকে দুই নদীর মধ্যবর্তী এলাকা বলতে তুরস্ক থেকে শাম পর্যন্ত এলাকাকে বুঝানো হয়ে থাকে, যা বসরায় গিয়ে শেষ হয়েছে। অর্থাৎ ফুরাত এবং দাজলা নদীর মধ্যবর্তী স্থানে অবস্থিত এলাকা। যাকে ইংরেজীতে (Mespotamia) বলা হয়ে থাকে। মেসপোটামিয়া হচ্ছে আসলে গ্রীক শব্দ, যার অর্থ হচ্ছে দুই নদীর মধ্যবর্তী এলাকা। একারণেই ইরাককে "মেসপোটামিয়া" বলা হয়ে থাকে, কেননা দাজলা-ফুরাত নদীদ্বয় ইরাকের মধ্য দিয়েই অতিবাহিত হয়েছে। (ইনসাইক্লোপেডিয়া অফ ব্রিটানিকা)

(৩) পূর্বদিক থেকে একটি دابة আত্মপ্রকাশ করবে বলে হাদিসে উল্লেখ করা হয়েছে, যাকে আমরা "বাহন" অর্থে তরজমা করেছি। বাহনটি বনূ তামীম গোত্রের শুআইব বিন সালেহ নামক একজন ব্যক্তি পরিচালিত করবে। হতে পারে- এটা হবে খোরাসান থেকে আগত সেনাদলের একটি অংশ।

(৪) "আমাক" প্রান্তরের চূড়ান্ত যুদ্ধের সময় তিনটি স্থান থেকে ইমাম মাহদীর কাছে সহযোগীতা

আসবে। এক- শাম থেকে। দুই- পূর্বদিক তথা খোরাসান থেকে। তিন- ইয়েমেন থেকে। অথচ তিনটি স্থান ছাড়াও আরো তো অনেক মুসলিম রাষ্ট্র বিদ্যমান থাকবে, কিন্তু আপনি একটু চিন্তা করুন যে, ইমাম মাহদীর কাছে শুধুমাত্র ঐ সকল স্থান থেকেই সাহায্য আসবে, যেখানে বর্তমান সময়েও মুজাহিদীন আল্লাহর রাস্তায় জিহাদরত আছেন।

(৫) হাদিসে চুক্তিভঙ্গের পর রূমীদের সাথে মরণযুদ্ধের কথা বলা হয়েছে। এর মাধ্যমে "আমাক" প্রান্তরের যুদ্ধই উদ্দেশ্য, যাতে উল্লেখ করা হয়েছে যে, আল্লাহ তা'লা খোরাসানী কামানের সাহায্যে কাফেরদের উপর গোলা বর্ষন করবেন, যেগুলি তখন ফুরাত নদীর কিনারায় অবস্থান করবে। আপনি যদি মানচিত্র উল্টিয়ে দেখেন, তবে লক্ষ করবেন যে, "আমাক" থেকে ফুরাত নদীর সর্বনিকটে অবস্থিত উপকূলটি হচ্ছে "বুহাইরা আছাদ"। বুহাইরা আছাদ থেকে "আমাক"এর দূরত্ব হচ্ছে ৭৫ (পছাত্তর) কিলোমিটার। সুতরাং খোরাসান থেকে আসা কামান বলতে এখানে গোলা বা মর্টার উদ্দেশ্য হতে পারে। আর এটা হবে খোরাসান থেকে আসা ঐ সেনাদল, যার ব্যাপারে ফুরাত নদীর কিনারায় যুদ্ধ করার কথা বর্ণিত হয়েছে।

(৬) উপরোক্ত হাদিস থেকে বুঝা যায় যে, রূম বিজয়ের জন্য সামুদ্রিক যুদ্ধ করা লাগবে।

(৭) মুজাহিদীন কর্তৃক পাদ্রীর বড় শহর বিজয়ের পর তারা قاطع শহর বিজয় করবে এবং সেখানে তারা সাত বৎসর অবস্থান করবে। অর্থাৎ ছয় বৎসর অবস্থান করবে আর সপ্তম বৎসর দাজ্জাল আত্মপ্রকাশ করবে।

(৮) ((এখানে দাজ্জালের আলোচনার মাঝে বলা হয়েছে যে, দাজ্জাল আত্মপ্রকাশ করার পর স্বজোরে তিনটি চিৎকার দেবে, যা পূর্ব পশ্চিমের সকল মানুষ শুনতে পাবে। এখানে স্বজোরে চিৎকার বলতে এটাও উদ্দেশ্য হতে পারে যে, মিডিয়া, স্যাটেলাইট চ্যানেল আর রেডিওষ্টেশান ব্যবহার করে সে তার আত্মপ্রকাশ সম্পর্কে তিনটি ঘোষনা দিবে। তিনটি ঘোষনার মধ্য দিয়ে সে তার অহংকার, বড়ত্ব এবং খোদায়ী দাবীর পেছনে যুক্তিগুলো তুলে ধরবে। আর আন্তর্জাতিক বিভিন্ন টিভি-চ্যানেলের মাধ্যমে এগুলো সরাসরি সম্প্রচার করা হবে। ফলে পূর্ব-পশ্চিমের সকল মানুষ তার ঘোষনাগুলো সহজেই শুনতে পাবে। বর্তমানে টিভি আর ডিশের লাইনকে প্রতিটি গ্রামে গ্রামে ছড়িয়ে দেয়ার যে পরিকল্পণা ইহুদীরা গ্রহণ করেছে, এটার পেছনেও তাদের ঐ উদ্দেশ্য যে, খোদার আগমণকে যেন তারা সারাবিশ্বের প্রতিটি ঘরে ঘরে একযুগে প্রচার করতে পারে। মানবতার মুক্তির দূতের আগমণ বলে বলে সরলমনা লোকদেরকে পথভ্রষ্ট করতে পারে। বর্তমানে বিশ্বের মিডিয়া শক্তিগুলো ইহুদীদের দখলে থাকায় দাজ্জাল সহজেই মিডিয়াকে ব্যবহার করে নিজের উদ্দেশ্যগুলো হাসিল করে নেবে। আর মিডিয়ার খবরকে ওহীতুল্য ধারণাকারী লোকজন অধিকাংশই তার অনুসারীদের কাতারে গিয়ে দাড়াবে- আল্লাহইভালজানেন))-মুতারজিম।

দাজ্জালের ধোকা এবং প্রতারণা...

আগেই বলা হয়েছে যে, দাজ্জালের প্রতারণাগুলো চতুর্মুখী (Multi Dimension)হবে। তার ধোকাবাজী, অলৌকিকতা এবং অপপ্রচার এত বেশি পরিমাণে হতে থাকবে, ফলে জ্ঞানীগুণী ব্যক্তিবর্গও ধোকায় পড়ে যাবে যে, সে কি মাছীহ না দাজ্জাল!!

সাধারণ জ্ঞানে জনমনে একটি ব্যাপার স্পষ্ট যে, দাজ্জাল তার ঘৃণ্য চেহারা নিয়ে বিশ্ববাসীর সামনে আত্মপ্রকাশ করবে। বিষয়টি যদি এতই সাধারণ হয়, তাহলে কারোরই ভয় পাওয়ার কথা নয়। কিন্তু ঘৃণ্য চেহারাধারী হওয়া সত্তেও তার কর্মতৎপরতাগুলো বিশ্ববাসীর সামনে এমনভাবে পেশ করা হবে যে, লোকেরা এটা বলতে বাধ্য হবে- যদি সে-ই প্রকৃত দাজ্জাল হত, তবে এমনসব জনকল্যাণমূলক কাজ তো তার থেকে কখনোই প্রকাশ হতনা। তার ফেতনাগুলো গণনা করা সম্ভব নয়; তবে হাদিসের আলোকে নিম্নে সংক্ষিপ্তভাবে তার সম্ভাব্য কর্মতৎপরতাগুলো তুলে ধরা হল :-

(১) দাজ্জাল আত্মপ্রকাশের কয়েক বৎসর পূর্বে থেকে বিশ্বময় দাঙ্গা-হাঙ্গামা এবং ব্যাপক হত্যাযজ্ঞ চালানো হবে। বেকারত্ব, দ্রব্যমূল্য মানুষের ক্রয়ক্ষমতা বহির্ভূত এবং সামাজিক অপরাধ ও সন্ত্রাসবাদের জয়জয়কার হবে। নিজের ঘরের ভেতরেও শান্তি ও নিরাপত্তা বিঘ্নিত হবে। চতুর্দিকে পাপাচার ও অশ্লীলতা ব্যাপকাকার ধারণ করবে। লোকেরা এমন ব্যক্তিকেও প্রশংসা করবে, যে নিরানব্বই বৎসর খারাপ কাজে লিপ্ত থেকে এক বৎসর ভাল কাজ করেছে। সাধারণ সরকারী কর্মকর্তা ও নেতৃস্থানীয় ব্যক্তিদের থেকে নিরাশ হয়ে জনগণ কোন একজন মুক্তিদাতার তালাশে থাকবে, যাকে আল্লাহর পক্ষ থেকে প্রেরণ করা হবে।

(২) এই সুযোগে ইহুদীশাসিত মিডিয়া অন্য কোন উপায়ে একজন লিডারকে মানবতার মুক্তির দূত বানিয়ে বিশ্ববাসীর সামনে পেশ করতে চাইবে। প্রমাণ করবে যে, সে-ই একমাত্র বেকার লোকদেরকে কর্মসংস্থানের ব্যবস্থা করেছে, দুর্ভিক্ষ কবলিত এলাকাগুলোতে খাদ্যদ্রব্য পৌছানোর ব্যবস্থা করেছে, বিভিন্ন রাষ্ট্রের পারস্পরিক ঘৃণা ও শত্রুতা খতম করে তাদের মাঝে ভ্রাতৃত্বের বন্ধন জুড়ে দিয়েছে, বিশ্বময় সন্ত্রাসবাদকে স্বমূলে নিঃশেষ করে দিয়েছে, ঘরে ঘরে ন্যায়নিষ্ঠতা আর শান্তি পৌছে দিয়েছে। এখন সারাবিশ্বকে শুধুমাত্র একটি চোখেই দেখা হবে। এভাবে সে তার খোদায়ী ঘোষনার পূর্বে বিশ্ববাসীর কাছে জনপ্রিয় এবং মডেল হওয়ার চেষ্টা করবে। বুঝাই যায় যে, এরকম কঠিন মুহুর্তে যে ব্যক্তি এত বিশাল কাজগুলো বাস্তবায়ন করে দেখাবে, পশ্চিমা মিডিয়ার উপর আস্থাশীল লোকজন তার প্রশংসা করতে বাধ্য হয়ে পড়বে। এভাবেই জনগণের সার্বিক সমর্থন তার পক্ষে গিয়ে পড়বে।

(৩) অতপর দাজ্জাল প্রথমে লোকদের মস্তিস্কে একথা বসানোর চেষ্টা করবে যে, এতসবকিছু আমি নিজের পক্ষ থেকে করছিনা; বরং এগুলো বাস্তবায়ন করার জন্য খোদা আমাকে প্রেরণ করেছেন। অর্থাৎ প্রথমে সে নিজেকে নবী বলে দাবী করবে।

(৪) সবশেষে সে নিজেকে খোদা বলে ঘোষনা করবে। (আল্লাহ প্রত্যেক মুসলমানকে এই অভিশপ্ত কানার ফেতনা থেকে হেফাজত করুন! আমীন !!)

ইমাম মাহদীর যুগে সম্ভাব্য শয়তানী চক্রান্তসমূহ...

এটা হচ্ছে ইবলিসের চিরাচরিত অভ্যাস যে, সত্যকে ধামাচাপা দেয়ার জন্য সে নিজের সৃষ্ট কতিপয় এজেন্টকে সত্যের বাহক বলে ময়দানে প্রেরণ করে প্রকৃত সত্যকে ভূল সাব্যস্ত করার চেষ্টা করে থাকে। ইবলিসের চূড়ান্ত প্রচেষ্টা হবে যে, ইমাম মাহদীর আগমণের পূর্বে কতিপয় মাহদীকে বিশ্ববাসীর সামনে তুলে ধরা- যাতে কতিপয় মানুষ তাদের সাথে যোগ দিয়ে সত্য থেকে আগেই দূরে সরে যায় এবং প্রকৃত মাহদী আগমণের সময় তারা সন্দেহ আর দুদোল্যতার শিকার হয়ে যায়। পথভ্রষ্টকারী নেতৃবর্গের ব্যাপারে বর্ণিত হাদিসে নবী করীম সা. এ বিষয়গুলোর প্রতি ইঙ্গিত করেছেন। সুতরাং ইবলিসের সম্ভাব্য চক্রান্তগুলো এমন হতে পারে :-

(১) মিথ্যা মাহদী দাবীদার কতিপয় লোককে মিডিয়ার সামনে দাড় করিয়ে দেয়া, যাদের মধ্যে ইমাম মাহদীর গুণাবলী বিদ্যমান বলে বলে সরলমনা মুসলমানদেরকে ধোকা দেয়ার চেষ্টা করা হবে। এমন মিথ্যুক একাধিক হতে পারে। উল্লেখ্য যে, মিথ্যা মাহদীকে জ্ঞানগরিমা, সৌন্দর্য্য এবং ভরা মজলিসে ভক্তবৃন্দ সহকারে বিশ্ববাসীর সামনে তুলে ধরা হবে। পাশাপাশি সমাজের গণ্যমান্য ব্যক্তিদের মাধ্যমে ঐ মিথ্যুককে সত্য মাহদী বলে সাব্যস্ত করার চেষ্টা করা হবে।

(২) ইবলিসী শক্তির পক্ষ থেকে দ্বিতীয় চক্রান্তটি এই হতে পারে যে, লোকেরা প্রকৃত মাহদীর আগমণের অপেক্ষায় থাকবে। আর ইবলিসী এজেন্ট এবং বিভিন্ন প্রচার মাধ্যমকে ব্যবহার করে উনাকে (নাঊযুবিল্লাহ!) মিথ্যুক সাব্যস্ত করার প্রচেষ্টা করা হবে। এটা করার জন্য তারা প্রতিটি জ্ঞানবাণ, বুদ্ধিজীবী এবং জনপ্রিয় ব্যক্তিদের মতামতের সাহায্য নেবে। যেমনটি বর্তমান যুগেও আমরা প্রত্যক্ষ করছি। ব্যাপারটি মনে হয় আপনাদের বুঝে আসবেনা। নিম্নোক্ত উদাহরণের মাধ্যমে এটি বুঝে আসতে পারে :-

যখন কোন একজন ব্যক্তিত্বের আত্মপ্রকাশ ঘটে, তখন তার কিছু ভক্তবৃন্দ-ও থাকে আবার বিরুদ্ধাচারণকারীও থাকে। আপনি যে কোন ধর্মের নেতৃস্থানীয় ব্যক্তিদের দিকে তাকান- সধর্মের ব্যক্তিদের মধ্যেই তাদের জন্য আত্মোৎসর্গকারীও পাবেন আবার তাদের সমালোচক-ও। প্রতিটি ধর্মের লোকজন তাদের নেতৃস্থানীয় ধর্মীয় ব্যক্তিদের অনুসৃত পথে চলছে। কেউ যদি নিজের নেতাকে জিজ্ঞেস করে- "অমুক ব্যক্তিটি কেমন ? আজকাল তো তার সুনাম চারিদিকে ছড়িয়ে পড়েছে! অনেক বড় আল্লাহভক্ত লোক! সে এমন এমন ত্যাগ স্বীকার করেছে! তো তার ব্যাপারে আপনার অভিমত কি ??" এখন যে সিদ্ধান্তই তার ঐ নেতার মুখ থেকে সে শুনবে, সকল মজলিসে ওটাই তার মতামত হয়ে যাবে। যদি নেতা বলে দেয় যে, সে একজন সরকারী লোক! তাহলে এখন সে যতবড় যুগের অলীই হয়ে যাকনা কেন! আসমানের ফেরেশতা পর্যন্ত তার পদতলে নূরের পর বিছিয়ে দিকনা কেন! কিন্তু নেতার ঐ ফতোয়ার পর এখন তাকে সকল স্থানেই সরকারী এজেন্ট বলে সাব্যস্ত করা হবে।

এটা হচ্ছে এমন একটি ভয়ানক ব্যাধি, যা সবচে' বেশি হক্বের ঝান্ডা ধারণকারী লোকদের মধ্যে পরিলক্ষিত হয়। আশ্চর্যের ব্যাপার হচ্ছে যে, প্রত্যেকেরই জ্ঞান অন্যদের তুলনায় ভিন্ন হয়। সতপথের বাহক হওয়া সত্তেও প্রত্যেকেরই দাবী যে, আমিই প্রকৃত হক্বের উপর অটল রয়েছি।

হায়..! তারা যদি নিজেদের জ্ঞানকে একটু ব্যবহার করত, তবে খোদার শপথ করে বলছি- তাদের হাতেই আজ সত্যের পতাকা উড্ডীন হত! হায়..! তারা যদি নিজেদের জ্ঞানগরিমা এবং দৃষ্টিভঙ্গিসমূহকে সীমাবদ্ধতার গন্ডি থেকে বের করে অসীম করে দিত, তাহলে আজ সারাবিশ্বের জলে-স্থলে তাদেরই নাম গুঞ্জরিত হত! তাদের কাতারবন্দি দেখে সারাবিশ্বের কুফুরী এজেন্টদের মৃত্যু ঘটত! দাজ্জালের ভয়ানক প্রতারণার কথা শুনে এমনকি উম্মুল মুমেনীন হযরত আয়েশা সিদ্দীকা রা.এর মত বীরঙ্গণা মহামনীষীগণ কান্নায় ভেঙ্গে পড়তেন। দিগ্বীজয়ী বড় বড় সাহাবায়ে কেরাম-ও কাঁদতে শুরু করতেন।

এটা ছিল তাদের আখেরাতের ভয়। অন্যথায় তাদের জন্য কি আর পেরেশানীর কারণ ছিল, তারা তো আল্লাহর পক্ষ থেকে হেদায়েতপ্রাপ্ত ব্যক্তি ছিল, স্বয়ং আল্লাহ রাব্বুল আলামীন যাদের প্রতি সন্তুষ্টির সার্টিফিকেট প্রদান করেছেন। বরং চিন্তার বিষয় তো আমাদের মত গুনাহগারদের জন্য! কিন্তু আফসোস!! আমরা একটু চিন্তাগবেষণা করার মত কষ্ট সহ্য করতে রাজী নই! এমনভাবে প্রশান্তচিত্তে বসে আছি যে, মনে হয়- কোন ফেতনাই আমাদের সামনে নেই!!

দাজ্জালের জন্য আন্তর্জাতিক সংগঠনগুলোর প্রস্তুতি...

দাজ্জালের বিষয়টি আল্লাহ তা'লার পক্ষ থেকে একটি বিশেষ ধরনের পরীক্ষা হবে। যার মাধ্যমে তিনি পরখ করে নেবেন যে, কারা আল্লাহ তা'লার প্রতিশ্রুতিগুলোর উপর কি পরিমাণ বিশ্বাস রাখে!! সুতরাং যারাই

ঐ পরীক্ষায় সফলতার সাথে উত্তীর্ণ হবে, তাদের জন্য আল্লাহ তা'লা অনেক উত্তম পুরস্কারের ব্যবস্থা করেছেন। এই পরীক্ষার জন্যই দাজ্জালকে আল্লাহ তা'লা সবধরনের মাধ্যম দিয়ে দেবেন, যারমধ্যে শয়তানী মাধ্যম থেকে শুরু করে সকল জনমাধ্যম আর জড়মাধ্যম বিদ্যমান থাকবে।

বর্তমান যুগে নব আবিস্কৃত অত্যাধুনিক বিষয়াদী এবং উন্নত গবেষণাসমূহের পেছনে যে পর্দাগুলো রয়েছে, সেগুলো যদি আমরা ভালকরে পরখ করে দেখি, তবে অতি সহজেই একটি কথা বুঝে আসে যে, এ সকল প্রচেষ্টা আর উন্নতি একমাত্র ইবলিসের ঐ মিশন সম্পন্ন করার জন্যই বাস্তবায়ণ করা হচ্ছে। এখানে আমরা আন্তর্জাতিক সংগঠনগুলোর প্রস্তুতিগুলোকে সংক্ষিপ্তাকারে পেশ করছি, যাতে করে পরিস্থিতি কিছুটা আন্দাজ করা যেতে পারে।

দাজ্জাল এবং খাদ্যদ্রব্য বিষয়াদী...

দাজ্জালের ব্যাপারে হাদিসে পরিস্কারভাবে বলা আছে যে, তার সাথে প্রচুর পরিমাণে প্রস্তুতকৃত খাদ্যদ্রব্য বিদ্যমান থাকবে। সে যাকে চাইবে, খাদ্য প্রদান করবে, যাকে চাইবে, ক্ষুদার্থ রাখবে। বর্তমান বিশ্বে খাদ্যদ্রব্য প্রস্তুতকারী সর্ববৃহৎ প্রতিষ্ঠান হচ্ছে ন্যাসলে (Nestle), যা সম্পূর্ণ ইহুদীদের মালিকানায়। প্রতিষ্ঠানটির একমাত্র মিশন হচ্ছে- বিশ্বের সকল খাদ্যদ্রব্যকে নিজের আয়ত্বে নিয়ে আসা। প্রতিষ্ঠানটি বর্তমানে খাদ্যদ্রব্য, পানীয় দ্রব্য (Beverages), চকোলেট, সকল মিষ্টান্ন দ্রব্য, কফি, পাউডার দুধ, বাচ্চাদের দুধ, পানি, আইসক্রীম, তৃষ্ণা মেটানোর সকল দ্রব্য, চাটনী, সোপ ইত্যাদি। মোটকথা পানাহার জাতীয় এমন কোন বস্তু বাকী নেই, যা প্রতিষ্ঠানটি প্রস্তুত করেনা। সারাবিশ্বের মানুষ বর্তমানে সকল প্রকার খাদ্যদ্রব্যের দিক থেকে প্রতিষ্ঠানটির মুকাপেক্ষি।

কৃষি ব্যবস্থাপনার বিপরীতে দাজ্জাল...

যে সকল লোক দাজ্জালকে খোদা বলে মেনে নিতে অস্বীকার করবে, দাজ্জাল তাদের প্রতি অসন্তুষ্ট হয়ে চলে যাবে। ফলে তাদের ফসলের জমিগুলো সম্পূর্ণ শুকিয়ে যাবে। বিষয়টি আজকাল কৃষক ভাইয়েরা খুব ভাল করেই বুঝেন। এর পূর্বে একটি শব্দের ব্যাখ্যা বুঝে নিন :-

প্যাটেন্ট- (Patent)। এটি হচ্ছে একটি নিয়ম, যা মালিকের জন্য মালিকানা সাব্যস্ত করার জন্য ব্যবহৃত হয়ে থাকে। বর্তমান যুগে "আধুনিক কৃষি পলিসি"র নামে যে নিয়ম প্রবর্তন করা হয়েছে এবং যাকে আজকাল কৃষকদের জন্য উন্নতি ও স্বচ্ছলতার বৈপ্লবিক পরিবর্তন বলে প্রচার করা হচ্ছে। প্রকৃতপক্ষে এটি হচ্ছে এমন একটি ষড়যন্ত্র, যার মাধ্যমে তারা কৃষকদের থেকে এক একটি করে দানা ছিনিয়ে নিতে চায়।

খাদ্যদ্রব্যের বিচিগুলো (Seeds)কে প্যাটেন্টের মাধ্যমে ইহুদী কোম্পানীগুলো কোন বীজকে যদি

প্যাটেন্ট করে নেয়, তবে মনে করা হয় যে, সেটি তাদের মালিকানা হয়ে গেল। যেমন ধরুন- বাংলাদেশী চাউলকে যদি তারা কোন একটি নাম দিয়ে প্যাটেন্ট করে নেয়, তবে আমাদের প্রতিটি কৃষক বাসমতি বীজ ক্রয়ের জন্য ঐ কোম্পানীর মুকাপেক্ষী হওয়া লাগবে। এখন যদি কৃষক স্বীয় উদ্যোগে কোন বীজ প্রস্তুত, তবে এর জন্য তাকে জরিমানা বা জেলে যাওয়া হতে পারে। যেহেতু বীজটি কৃত্রিম উপায়ে জ্যানেটিক পদ্ধতিতে প্রস্তুত করা হয়, সেজন্য বীজটি একবৎসরের ফসলই উৎপন্ন করবে। পরবর্তী বৎসর যদি পূণরায় বাসমতি ফসল করতে চান, তবে আপনাকে নতুনকরে বীজ ক্রয় করা লাগবে। পাশাপাশি ঔষধপত্র এবং ষাঢ়-ও আপনাকে ঐ কোম্পানী থেকে ক্রয় করতে হবে, অন্য কোম্পানীর ষাঢ় এতে কাজ করবেনা। অন্য কোম্পানীর ষাঢ় যদি আপনি এতে ব্যবহার করেন, তবে আপনার ফসল নষ্ট হয়ে যাবে এবং উক্ত ফসল থেকে তৈরী খাদ্যের মাধ্যমে রোগব্যাধি ছড়িয়ে পড়বে। একারণেই দুর্ভিক্ষ কবলিত আফ্রিকান দেশগুলো উক্ত বীজ দ্বারা তৈরী মার্কিন খাদ্যদ্রব্যের সহায়তা নিতে অস্বীকার করে দিয়েছে। এমনকি জিম্বাবুয়ের প্রেসিডেন্ট এ-ও পর্যন্ত বলেছে- "আমার দেশের জনগণ পর্যন্ত পৌছার পূর্বে খাদ্যদ্রব্যগুলো চেক করা জরুরী। আমরা বিষাক্ত খাদ্যদ্রব্য আহার অপেক্ষা ক্ষুধার জ্বালায় মৃত্যুবরণ করাকে প্রাধান্য দেব।"

সাধারণভাবে দেখতে আইনটি অত্যন্ত সাদামাটা মনে হয়। কিন্তু প্রকৃত ব্যাপার হচ্ছে "জোর যার মুল্লুক তার"। উক্ত আইনের আশ্রয় নিয়ে আন্তর্জাতিক ইহুদী কোম্পানীগুলো প্রথমে বিশ্ববাণিজ্যের উপর কন্ট্রোল প্রতিষ্ঠা করে এখন বিশ্বখাদ্যদ্রব্য এবং ফসলাদীর উপর কন্ট্রোল প্রতিষ্ঠার দিকে হাত বাড়িয়েছে। যাতে করে সামনের দিনগুলোতে কেউ যদি তাদের কথা মানতে রাজী না হয়, তবে তাকে খাদ্যদ্রব্যের প্রতিটি দানার জন্য যাতে তাদের মুকাপেক্ষী হতে হয়।

প্যাটেন্ট বিলের মাধ্যমে এভাবে ধীরে ধীরে তারা আমাদের ফসলাদী আয়ত্ব করে নিচ্ছে। খুব শীঘ্রই তারা সারাবিশ্বের খাদ্যদ্রব্যের উপর কন্ট্রোল প্রতিষ্ঠা করতে চায়। আমার একথাগুলো যদি আপনাদের বুঝে না আসে, তবে আপনি "আধুনিক কৃষি পলিসি"গুলো অধ্যয়ন করুন অথবা কোন একজন কৃষকের কাছে এসম্পর্কে বিস্তারিত জিজ্ঞেস করুন!! তাহলেই ব্যাপারটি সহজেই আপনার বোধগম্য হয়ে যাবে। ধীরে ধীরে কৃষিপ্রধান দেশগুলোতে গম-চাউল ইত্যাদি খাদ্যদ্রব্যের কৃষি প্রক্রিয়াগুলো হ্রাস করে এগুলোর ব্যবহার ছিনিয়ে নেয়া হচ্ছে।

আপনারা একটু চিন্তা করুন যে, আমরা একটি কৃষি প্রধান দেশ হওয়া সত্তেও গম এবং চিনিকে বাইরে থেকে আমদানী (Import)করতে হয় ?? তাহলে এমনটি কেন ?? কয়েক বৎসর ধরে গম-চাউল ইত্যাদির কৃষি প্রক্রিয়াগুলোতে কাঙ্খিত সাফল্য অর্জন করা সম্ভব হচ্ছেনা। ফলে পাকিস্তান বাংলাদেশের মত রাষ্ট্রকে প্রতি বৎসর লাখো টন গম এবং চাউল বহির্বিশ্ব থেকে আমদানী করে আনতে হয়! আমরা কি জিজ্ঞেস করতে পারি ? যে, এগুলো কার আদেশে করা হচ্ছে ??!!

আইএমএফ এবং বিশ্বব্যাংকের আদেশে ??!! কিন্তু আমাদের বুদ্ধিজীবী ব্যক্তিবর্গ তো বলে থাকে যে, তারা হচ্ছে আমাদের প্রতি খুবই সহানুভূতিশীল!! আমাদের বাচ্চাদেরকে ঘরে ঘরে গিয়ে পোলিও টিকা খাইয়ে আসে!! এভাবে তারা আমাদেরকে কেন দুর্ভিক্ষের শিকার বানাতে চায় ??!!

খাদ্যদ্রব্যের কন্ট্রোল প্রতিষ্ঠা ছাড়াও বর্তমানে ইহুদীদের যে টার্গেটগুলো রয়েছে। তন্মধ্যে একটি হচ্ছে জীবাণূ অস্ত্রের (Biological Weapons)মাধ্যমে যে কোন ফসলকে বিনষ্ট করার যোগ্যতা অর্জন করা। এর মধ্যে আবার কয়েকটি আবিস্কারও করে ফেলেছে।

যারা দাজ্জালের কথা মেনে নেবে, তাদের ফসলগুলো সবুজ-শ্যামল এবং উর্বর থাকবে। হতে পারে- দাজ্জাল তখন তাদেরকে পানি, ষাঢ় এবং খাদ্যদ্রব্যের বীজগুলো দিয়ে দেবে, তাহলে বাহ্যতই তাদের ফসলগুলো সবুজ-শ্যামল আর তরতাজা দেখাবে। অথবা লেজার বীম ব্যবহার করেও কোন অনুর্বর জমিকে সবুজ-শ্যামল ফসলে ভরা জমি হিসেবে দেখানো সম্ভব।

নবী করীম সা. যা কিছু বর্ণনা করেগেছেন, তা সর্বাবস্থায় বাস্তবায়িত হবেই হবে!! চায়- বাহ্যিক পরিস্থিতি বর্তমানে এর পক্ষে হোক বা বিপক্ষে হোক!! কিন্তু বর্তমান সময়ে তো পরিস্থিতিগুলো নবী করীম সা. বাতানো হাদিসগুলো অনুসরণ করছে। হুবহু যেরকম নবী করীম সা. বর্ণনা করে গিয়েছিলেন, ঠিক সেরকই ঘটে চলেছে। সুতরাং সামনের ভয়াবহ পরিস্থিতি থেকে নিজেকে মুক্ত ও নিরাপদ মনে করা কিরূপে বিবেকবান লোকের কাজ হবে..??!!

দাজ্জালের কাছে টাটকা গরম গোশতের পাহাড় থাকবে...

নুআইম বিন হাম্মাদ রচিত "আলফিতান" গ্রন্থে হযরত আব্দুল্লাহ বিন মাসঊদ রা.এর বর্ণনা অতিবাহিত হয়েছে যে, ومعه جبل من مرق وعراق اللحم حار لا يبرد অর্থাৎ দাজ্জালের সাথে ঝোল এবং টাটকা গোশতের পাহাড় থাকবে, যা গরম থাকবে, কখনো ঠান্ডা হবেনা।"

বর্তমান সময়ে বিশ্বে খাদ্যদ্রব্যের বস্তুগুলোতে বিভিন্ন কিছু মিশ্রণ করে তা হেফাজত রাখার জন্য স্বতন্ত্র একটি সংস্থা তৎপর রয়েছে, যা "ফুড প্রসেসিং এন্ড প্রিসার্ভেশান" (Food Processing and Preservation)নামে ১৮০৯ সাল থেকে কাজ করে যাচ্ছে। সংস্থাটির একমাত্র কাজই হচ্ছে- খাদ্যদ্রব্যকে আধুনিক পদ্ধতিতে গুদামজাত করে রাখার উপর গবেষণা করা। এ বিষয়ে সংস্থাটি এখন পর্যন্ত বহু কিছু আবিস্কার করেছে, যার নমুনা আপনি প্রতিদিনই বাজারে প্রত্যক্ষ করছেন।

তন্মধ্যে একটি পদ্ধতি হচ্ছে- খাদ্যদ্রব্যকে বিশেষ পরিমাণ এক তাপে সবসময় গরম রাখা এবং এর হেফাজত করা। পদ্ধতিটি সাধারণত সোপ, চাটনি, সবজি, গোশত, মাছ এবং নিত্যপ্রয়োজনীয় খাদ্যদ্রব্যের ক্ষেত্রে প্রয়োগ করা হয়ে থাকে। সুতরাং নবী করীম সা.এর বাণী- "তার সাথে গোশত থাকবে, যা সবসময় গরম থাকবে, কখনো ঠান্ডা হবেনা" কথাটি অত্যন্ত গভীরতার স্বাক্ষর রাখে।

বিশ্ব স্বাস্থ্য সংস্থা... (W.H.O)

ডাক্তারী পেশাটি অত্যন্ত গুরুত্বপূর্ণ ও সম্মানজনক পেশা। হাসাপাতালে গেলে আপনি লেখা দেখবেন- (من أحياها فكأنما أحيا الناس جميعا) "অর্থাৎ যে ব্যক্তি একজন মানুষের প্রাণ বাঁচালো, প্রকৃতপক্ষে সে সমস্ত মানুষের প্রাণ বাঁচালো) ঠিক তদ্রুপ পেশাটির দৃষ্টান্ত তরবারীর মত। তরবারী যদি আল্লাহর খাটিঁ বান্দাদের হাতে থাকে, তবে তা সমস্ত মানুষের জন্য রহমতস্বরূপ হয়, মানবতাকে সকল প্রকার ক্ষতিকারক পয়েজন থেকে বাঁচানো সম্ভব হয়। কিন্তু এই তরবারী যদি আল্লাহর শত্রুদের হাতে চলে যায়, তবে তা মানবতার জন্য ক্ষতিকর ও ধ্বংসের কারণ হয়। ডাক্তারী পেশাটির সাথেও আজ একই আচরণ লক্ষ করা যায়।

বিশ্ব স্বাস্থ্য সংস্থার কথাগুলোকে মিডিয়ার মাধ্যমে এমনভাবে প্রচার করা হয়েছে যে, মনে হয় এটি আসমান থেকে সবেমাত্র নাযিল হওয়া ওহী যে, কখনোই তথ্যটি ভূল হতে পারেনা। কিন্তু আপনি কি জানেন ??- W.H.O কি ?? এর হর্তাকর্তা কারা ?? এর ফান্ড কোত্থেকে আসে ?? এবং এর মৌলিক উদ্দেশ্য কি মানুষের সেবা করা ?? নাকি অন্য কিছু ??!!

এখানে আমরা শুধু এতটুকু বলব যে, এটি ১০০% ইহুদী সংগঠন, যার মৌলিক উদ্দেশ্য হচ্ছে ঐ সকল বিষয়গুলো আবিস্কার করা, যা ইবলিসের জন্য সহযোগীতার কারণ হয়। চায় সেটি ইতিবাচক আবিস্কার হোক বা নেতিবাচক আবিস্কার। এখানে আমরা সংক্ষিপ্তপথ অবলম্বন করতঃ কতিপয় বিষয়ের দিকে ইঙ্গিত করব যে, W.H.O কিভাবে ইহুদীদের সন্তুষ্টির জন্য পথপ্রশস্ত করে যাচ্ছে।

প্রাকৃতিক খাদ্যদ্রব্যগুলো আল্লাহ পাক মানুষের দৈনন্দিক খাদ্যচাহিদা পূরণের জন্য সৃষ্টি করেছেন। প্রতিটি অঞ্চলে ঋতু এবং ভৌগোলিক চাহিদামত বিভিন্ন রকম ফলমূল এবং সবজি উৎপন্ন করে থাকেন। এ বস্তুগুলো ঐ অঞ্চলের স্থানীয় মানুষের অধিকারে ছিল। সেখান থেকে তারা পেট ভরে খেয়ে জীবনযাপন করত। কেউ কারো মুকাপেক্ষী ছিলনা। নিজেরা উৎপন্ন করে নিজেরাই আহার করত। কিন্তু আল্লাহর দুশমন ইহুদী জাতির জন্য বিষয়টি সহ্য হলনা। ফলে তারা এ সকল বস্তুকে নিজেদের কন্ট্রোলে নেয়ার জন্য প্রোগ্রাম করল। ঠিক ঐ রকম- যেমন আল্লাহ তা'লার নাযিলকৃত "মান্না-ছালওয়া"র উপর সন্তুষ্ট না হয়ে জীবিকাকে নিজেদের কন্ট্রোলে আনার নিমিত্তে শাক-সবজি আর ডাল-ভাতের জন্য আল্লাহ তা'লার কাছে দরখাস্ত করেছিল। যাতে গুদামজাত করার মাধ্যমে নিজেদের চিরাচরিত বদভ্যাসকে তারা প্রকাশ করতে পারে।

এজন্যই তারা "বিশ্ব স্বাস্থ্য সংস্থা" নামে একটি সংস্থাকে বিশ্ববাসীর সামনে পরিচিত করিয়েছে, যারা প্রাকৃতিক পানাহারের বস্তুগুলোকে সুস্বাস্থ্যের জন্য ক্ষতিকর বলে আখ্যায়িত করেছে। ফলে বিশ্ববাসী ধীরে ধীরে প্রাকৃতিক খাদ্যদ্রব্য থেকে দূরে সরে গিয়ে "মাল্টি ন্যাশনাল কোম্পানী"গুলোর তৈরী কৃত্রিক খাদ্যের মুকাপেক্ষি হয়ে গেছে। অথচ মাল্টি ন্যাশনাল কোম্পানীগুলো যে সকল খাদ্যদ্রব্য বানিয়ে থাকে, তার অধিকাংশই নষ্ট এবং দূষিত বিষয় দ্বারা তৈরী। বিশেষত উন্নয়নশীল দেশগুলোর (Developing Countries) জন্য তো তারা কোন আইনেরই তোয়াক্কা করেনা।

১৯৯৭ সালে সৌদি বাণিজ্য মন্ত্রণালয় মার্কিন "হিডসন ফুড কোম্পানী"র উপর ব্যাক্টেরিয়া মিশ্রিত গোশত বাজারজাত করার দোষ আরোপ করে তা ব্লেকলিষ্টে পাঠিয়ে দেয়। এরপর মাস্কাটের সরকারী ব্যবস্থাপনাও আমেরিকাসহ পশ্চিমা বিশ্বের সকল দেশ থেকে গোশত আমদানী করার উপর নিষেধাজ্ঞা আরোপ করে দেয়। (ম্যাগাজিন-ডন, ডিসেম্বর-২০০৪)

ইহুদী মাল্টি ন্যাশনাল কোম্পানীগুলো ষ্টীলের কারখানা দিয়ে ধনি হতে চেয়েছিল। এরজন্যও তারা বিশ্ব স্বাস্থ্য সংস্থার সহায়তা নিয়ে প্রচার করে যে, মাটির প্লেটে খানা খেলে তা স্বাস্থ্যের জন্য ক্ষতিকর। এরপর সমাজের শিক্ষিত শ্রেণীর ব্যক্তিবর্গের জন্য তো তাদের কথাটি মেনে নেয়া ফরজ হয়ে গিয়েছিল। কোন প্রকার চিন্তাগবেষনা ছাড়াই তারা তথ্যটিকে ওহীর মর্যাদা দিয়েছিল।

এভাবে তারা ঘরোয়া পরিবেশ থেকে মাটির প্লেট ব্যবহার বন্ধ করালো। এখন আবার আরেক তামাশ শুরু হয়েছে- যে মাটির প্লেটগুলোকে তারা ক্ষতিকর বা (Old Fashioned) হিসেবে আখ্যা দিয়ে ঘর থেকে বের করেছিল, সেই মাটির প্লেটের ব্যবহারই এখন বড় বড় ফাইভ-ষ্টার হোটেলগুলোতে প্রত্যক্ষ করা যায় এবং মাটির প্লেটে খাওয়াকে সেখানে অন্যরকম অনুভূতি হিসেবে ধরা হয়।

যেহেতু মানুষের মস্তিস্কগুলো পশ্চিমা মিডিয়ার বিষাক্ত প্রভাবে প্রভাবান্বিত। সেহেতু পশ্চিমা মিডিয়ায় যাই বলা হয়, কোন প্রকার চিন্তাফিকির ছাড়াই তা গ্রহণ করে নেয়া হয়। আল্লাহর দুহাই লাগে- আপনি আপনার যে স্বাধীন বিবেকটুকু বিবিসি আর সিএনএনের তথ্যের উপর বন্ধক রেখে দিয়েছেন, তাকে ওখান থেকে মুক্ত করুন!! অন্যথায় এটাকেও একদিন টিনপ্যাক করে বা ন্যাসলে'র লেবেল লাগিয়ে মার্কেটে বিক্রি করে ফেলা হবে।

বিভিন্ন পদ্ধতিতে আন্তর্জাতিক সংস্থাগুলো দাজ্জালের পথ প্রশস্ত করে দিচ্ছে। হাদিসে এসেছে যে, কোন গ্রাম্য ব্যক্তির যদি উট মারা যায়, তবে দাজ্জাল তার উটের মত আরেকটি বানিয়ে দেবে। বিষয়টি জাদু-ও হতে পারে অথবা জেনেটিক ক্লোনিংয়ের সাহায্যেও হতে পারে। যদিও হাদিসে পরিস্কারভাষায় বলা আছে যে, দাজ্জালের আদেশে দু'জন শয়তান একগ্রাম্য ব্যক্তির মৃত পিতা-মাতার আকৃতিতে এসে যাবে। এরমাধ্যমে ক্লোনিংয়ের বিষয়টিকে সম্পূর্ণ প্রত্যাখ্যান করা যায়না। কারণ, কোরআন-হাদিসে শয়তান শব্দটি জ্বীন এবং মানুষ উভয় জাতির জন্যই ব্যবহৃত হয়েছে। কোরআনে কারীমে এসেছে :- وكذلك جعلنا لكل نبي عدوا شياطين الإنس والجن "এভাবে আমি প্রত্যেক নবীর জন্যই শত্রু নির্ধারণ করেছি- কিছু মানুষের মধ্যে, আর কিছু জ্বীনদের মধ্যে।

নবী করীম সা. বলেন- হে আবূ যার! তুমি কি জ্বীন শয়তান এবং মানুষ শয়তান থেকে আল্লাহর কাছে আশ্রয় প্রার্থণা করেছে ?? আবূ যার বললেন- মানুষের মধ্যেও কি তাহলে শয়তান আছে ?? প্রতিউত্তরে রাসূলে কারীম সা. বললেন- বরং মানুষ শয়তান অনেক সময় জ্বীন শয়তান অপেক্ষা বেশি মারাত্মক হয়। (تفسير قرطبي)

পশ্চিমাবিশ্বের গবেষনাকেন্দ্রগুলোতে মানুষের ক্লোনিংয়ের ক্ষেত্রে বহু গবেষনা করা হয়েছে। তন্মধ্যে তাদের সবচে' ভয়ানক প্রচেষ্টাটি হচ্ছে যে, এমন মানুষ সৃষ্টি করা, যা শক্তিমত্তার বিবেচনায় অপরাজেয় এবং মস্তিস্কের

দিক থেকে অদ্বিতীয় হয়। ন্যাশনাল জিয়োগ্রাফিক চ্যানেলটি এরজন্য মৌলিক ভূমিকা রেখে আসছে। চ্যানেলটির একমাত্র কাজই হচ্ছে প্রাণীদের নিয়ে গবেষণা করা। বাহ্যিক দৃষ্টিতে যেমন দেখা যায়, আসলে সেটি তেমন নয়; বরং এর একমাত্র টার্গেট হচ্ছে জেনেটিক মানুষ এবং নতুন একধরনের প্রাণী আবিস্কার করার জন্য প্রচেষ্টা চালিয়ে যাওয়া। ন্যাশনাল জিয়োগ্রাফিক চ্যানেলের সার্বিক খরচাদী ইহুদীরা বহন করে থাকে।

ঐ সকল আন্তর্জাতিক ডাক্তারী সংস্থাগুলোর কথাতেই তাদের পয়সায় পরিচালত বিভিন্ন এনজিও গোষ্ঠী আমাদের দেশগুলোতে এসে মুসলমানদের বংশবিনাশের প্রচেষ্টায় লিপ্ত রয়েছে। সবার চোখের সামনে তাদেরই হাতে মুসলমানদের বংশগুলো নির্বংশ করে দেয়া হচ্ছে। আমাদের মা-বোনদেরকে রাস্তায় নামিয়ে তাদের ইজ্জত-সম্মান লুটে নেয়ার লালসায় মেতে উঠছে। এরপরও জাতি চোখ ফিরিয়ে নিয়ে অন্যায়ভাবে নিরবতা আর অলসতার গহবরে গভীর ঘুমে অচেতন রয়েছে।

বংশীয় পরম্পরা বন্ধের জন্য বহু পদক্ষেপ ইতিমধ্যেই বাস্তবায়ন করা হয়ে গেছে। তাদের উদ্দেশ্য এছাড়া আর কি হতে পারে যে, অন্যায়, ভ্যাবিচার এবং অশ্লীলতা ছড়ানোর পথে যে সকল বাধা আসে, সেগুলো মিটিয়ে দেয়া। আমাদের জাতি কি এ বিষয়টি জানে যে, ইহুদী সংস্থাগুলোর ফান্ড দিয়ে জাতিয় বংশ পরিক্রমাকে ফিউজ করার মহাচক্রান্ত করা হচ্ছে। জাতি এত সাদাসিধে হয়ে গেল কেন..!! তারা এতটুকু চিন্তা করতে পারেনা যে, এ জাতির দুশমন কখনো আমাদের জন্য মঙ্গল কামনা করবেনা।

ইহুদী পন্ডিতদের ইঙ্গিতেই আমাদের সামাজিকতাকে ধ্বংসের দিকে ঠেলে দেয়া হয়েছে। গম-চাউল-আটা ইত্যাদি দ্রব্যমূল্যের দামকে আসমানে পৌছে দিয়ে জাতির সন্তানদের মুখ থেকে দু'মুঠো ভাত পর্যন্ত কেড়ে নিতে চাইছে। সাধারণ ঔষধপত্রের উপর আইএমএফ এবং বিশ্বব্যাংক এমনসব টেক্স সংযোজন করে দিয়েছে যে, একজন হতদরিদ্র ব্যক্তি এর বিপরীতে মৃত্যুকে বরণ করে নেয়াই উত্তম মনে করবে। শহর এবং গ্রামাঞ্চলের প্রতিটি অলী-গলীতে ইন্টারনেট আর সাইবারক্যাফ খুলে দিয়ে জাতির উঠতি বয়সের ছেলেদেরকে অশ্লীলতার দিকে ধাবিত করে শারিরীক ও মানসিকভাবে তাদেরকে প্যারালাইজড করে দিচ্ছে। অবশেষে তারা আমাদের প্রতি এতই দয়াপিড়ীত হল যে, আমাদের বংশের ভবিষ্যত নির্ধারণ বিষয়টি নিয়েও তাদের চিন্তা করা লাগছে!! তাহলে এমনটি কেন..??!!

বর্তমান সময়ে আল্লাহর শত্রুদের পক্ষ থেকে মানুষের উপর বিশেষত তৃতীয় বিশ্বের লোকদের উপর এমনসব পরীক্ষা-নিরীক্ষা চালানো হচ্ছে, যার বিস্তারিত বিবরণ পাঠান্তে মানবতার শত্রুদের ব্রেইন সম্পর্কে নিশ্চিত হওয়া যায় যে, তারা কেমন করে মানবতার বিরুদ্ধে একের পর এক ষড়যন্ত্র করে যাচ্ছে। যার ফলে আজ মানুষ বিভিন্ন নিত্যনতুন মরণব্যাধিতে আক্রান্ত হয়ে পড়ছে। সুপ্রসিদ্ধ মডার্ন বিশ্বের অনিষ্টতা থেকে না আকাশ মুক্ত আছে, না সাগর মুক্ত আছে আর না ভূমি মুক্ত আছে!! শক্তির জোরে প্রাকৃতিক খাদ্যদ্রব্যের ব্যবহার মিটিয়ে দিয়ে ইংলিশ দ্রব্য দিয়ে গম-চাউল ইত্যাদি তৈরী করা হচ্ছে, যা খাদ্য নয়; বরং মরণ বিষ!! জীবাণূ অস্ত্রকে ব্যবহার করে প্রাকৃতিক পানি ভান্ডারগুলোকে ধ্বংস করার প্রচেষ্টা করা হচ্ছে। বিশ্বের উঁচু ভূমিগুলোতে পোলিন বৃক্ষ (এটি এমন একটি বৃক্ষ, যা থেকে বসন্তকালে রুইয়ের মত একটি জিনিস বের হয়) রোপণ করে আকাশকে পোলিন দ্বারা বিষাক্ত বানিয়ে মানুষকে বিভিন্ন প্রকার ব্যাধিতে আক্রান্ত করা হচ্ছে। পাতালের পানিকে নিঃশেষ করার জন্য লিপ্টস এর বৃক্ষ রোপণ করা হচ্ছে। যদি জিজ্ঞাসা করা হয় যে, কাদের আদেশে বা কাদের ফান্ডে এবং কাদের তদারকিতে এগুলো রোপণ করা হচ্ছে, তাহলেই সবকিছু ফাস হয়ে যাবে যে, প্রসিদ্ধ এনজিও সংস্থাগুলো কেমন করে দেশ ও দশের বিরুদ্ধে অপতৎপরতায় লিপ্ত রয়েছে।

আপনি বলতে পারেন যে, এসবকিছুর সাথে দাজ্জালের কি সম্পর্ক ?? বরং এগুলোর সাথে দাজ্জালের গভীর সম্পর্ক রয়েছে!! হাদিসে বলা হয়েছে যে, ঈমানদারগণ দাজ্জালের বিরুদ্ধে লড়াই করবে, বিপরীতে ইহুদী এবং পাপিষ্ঠ ব্যক্তিদের অধিকাংশই তার দলে যোগ দেবে।

এ কারণেই দাজ্জালের এজেন্টরা মুসলমানদেরকে পাপাচারে লিপ্ত করাতে চায়। এর বাস্তবতা হচ্ছে

এই যে, ভাল থেকে ভাল একজন মুসলমানকে যদি এ ধরনের সন্দেহযুক্ত খাবার খাওয়ানো যায়, তবে অবশ্যই এর প্রতিক্রিয়াগুলো তার অন্তরে প্রভাব পড়বে। ফলে আন্তর্জাতিক সংগঠনগুলো এরজন্য পরিপূর্ণ চেষ্টা করে যাচ্ছে। মাল্টিন্যাশনাল কোম্পানীগুলোর প্রস্তুতকৃত কৃত্রিম খাদ্যদ্রব্যগুলোতে এমন ক্যামিকেল মেশানো থাকে, যা মানুষের দেহে প্রবেশ করা মাত্রই তাকে বেহায়াপনা আর অশ্লীলতার দিকে ধাবিত করে। পাশাপাশি যৌনশক্তিকেও তা প্রভাবান্বিত করে। বিশেষত বাচ্চাদের Nervous System কে মারাত্মকভাবে আকৃষ্ট করে।

বর্তমান সময়ে মুসলমান ডাক্তার-বিশেষজ্ঞদের প্রতি এই গুরুদায়িত্ব অর্পিত হয়েছে যে, তারা উম্মতকে ঐ সকল বিষয়ের ভয়ানক পরিণতি থেকে সতর্ক করতে থাকবেন, যা বর্তমানে বিশ্ব কুফুরী শক্তির পক্ষ থেকে পেশ করা হচ্ছে। যদিও বর্তমান যুগ হচ্ছে এমন একটি যুগ, যেখানে সত্য কথার বিনিময়ে আগুনের পুরস্কার আর মিথ্যার বিনিময়ে ডলারের বর্ষন ঘটে। কিন্তু কারো যদি নবী করীম সা.এর বলে যাওয়া হাদিসগুলোর উপর পূর্ণ বিশ্বাস থাকে যে, দাজ্জালের সাথে যে আগুন থাকবে, তা প্রকৃতপক্ষে সুমিষ্ট শীতল পানি। সুতরাং শ্রদ্ধেয় ডাক্তারবৃন্দকে ঐ পথই অবলম্বন করা চাই, যা তাদের জন্য দুনিয়া-আখেরাতে মঙ্গলজনক হবে।

খনিজসম্পদ...

বিশ্বে যে সকল খনিজ সম্পদের ভান্ডার আছে বলে জানা যায়, বর্তমান সময়ে সবগুলোতেই ডাইরেক্টলি বা ইনডাইরেক্টলি ইহুদীদের কন্ট্রোল রয়েছে।

ধনভান্ডারের উপর নির্ভরশীলতা...

হাদিস শরীফে আপনি পড়ে থাকবেন যে, দাজ্জালের সাথে ধনসম্পদের ভান্ডার বিদ্যমান থাকবে। একারণেই ইহুদীরা সারাবিশ্বের ধনভান্ডারগুলোকে ধীরে ধীরে আয়ত্ব করছে। পৃথিবী থেকে "গোল্ড ষ্ট্যান্ডার্ড"এর সমাপ্তি ঘটিয়ে স্বর্ণগুলো নিজেদের আয়ত্বে নিয়ে নিয়ে বিশ্বের হাতে রং-বেরংয়ের কাগজের টুকরা (কারেন্সি নোট) ধরিয়ে দিয়েছে, যাকে ইহুদীদের কৃতদাসেরা নোট বা সম্পদ মনে করে থাকে (এই খুশি অতি শীঘ্র ফিকে হয়ে যাবে); বরং এখন তো ঐ নোট-ও আস্তে আস্তে ছিনিয়ে নেয়া হচ্ছে, বিপরীতে প্লাষ্টিকের বিভিন্ন কার্ড ধরিয়ে দেয়া হচ্ছে। হায়..! মুর্খ ব্যক্তিবর্গ প্লাষ্টিক কার্ড (ক্রেডিট কার্ড)কে হাতে নিয়ে নিজেকে কোটিপতি মনে করে। কম্পিউটারের সামনে বসে কীবোর্ডের উপর আঙ্গুলের ইশারায় কোটি এবং বিলিয়নের হিসাবকারীগণ ঐ দিন কি করবে, যখন স্বীয় আঙ্গুলগুলি টিপতে টিপতে ক্লান্ত হয়ে পড়বে, কিন্তু ততক্ষণে তার অনলাইনের একাউন্টটি কোথায় যেন গুম হয়ে গেছে। সুতরাং মুসলমান ব্যবসায়ীদের উচিত- তারা নিজেদের কাছে রং-বেরংয়ের কাগজের টুকরার (পেপার কারেন্সি) পরিবর্তে স্বর্ণ-রোপা মজুদ রাখা, অন্যথায় অতি শীঘ্রই সকল ধনসম্পদ থেকে হাত ধোয়া লাগবে।

প্রথমে তো ইহুদীরা বড় বড় কোম্পানীগুলোকে নিজেদের আয়ত্বে নিয়েছে। এখন তারা একধাপ নিচে নেমে বিশ্বের প্রতিটি শহরে-বন্দরে শপিং প্লাজা নির্মাণ শুরু করেছে, যেখানে পচিঁশ পয়সার ট্রফি থেকে শুরু করে লাখো টাকার আসবাবপত্র বিদ্যমান রয়েছে। এখন তারা বিশ্বের ছোট ছোট দৌলতকেও নিজেদের আয়ত্বে নিয়ে ফেলতে চায়।

বিশ্ব ব্যাংক এবং আইএমএফ :- এ দু'টি সংস্থা এখন পর্যন্ত বিশ্বের ধনসম্পদগুলোকে এমনভাবে লুট করছে যে, লুটেরা জাতির প্রসিদ্ধ বুদ্ধিজীবীগণও ঐ সংস্থাগুলোকে সহানুভূতিশীল বলে সাব্যস্ত করছে। এ দু'টি ১০০% ইহুদী সংগঠন। যাদের একমাত্র উদ্দেশ্য হচ্ছে যে, অর্থনৈতিক অবকাঠামো থেকে শুরু করে রাজনৈতিক, সামাজিক, সামরিক, বাণিজ্যিক, শিক্ষাসংক্রান্ত এবং পানীয় অবকাঠামোকে পূর্ণ কন্ট্রোলে নিয়ে আসা।

এটা বললে ভুল হবেনা যে, এ দু'টি সংগঠন সারাবিশ্বকে বর্তমানে নিজেদের কৃতদাস বানিয়ে রেখেছে। তাদের এ অর্থনৈতিক অবকাঠামো তৈরীর ফলে তারা বিভিন্ন মুসলিম রাষ্ট্রকে মারাত্মকভাবে পঙ্গু করে দিয়েছে। যদি কেউ দাজ্জালের অর্থনৈতিক ফেতনাকে ভাল করে বুঝতে চান, তবে তার উচিত- বিশ্ব ব্যাংক আর আইএমএফ কর্তৃক ঋণ জারী করার পদ্ধতি এবং ঋণ উসূল করার পদ্ধতিগুলো নিয়ে গভীরভারে তথ্য অর্জন করা।

বিশ্ব বাণিজ্যিক সংস্থা W.T.O (World Trade Organization)

বিশ্বের ছোট ছোট বাণিজ্যিক পদ্ধতিগুলোর উপর লুটমার চালানোর জন্য আন্তর্জাতিক ডাকাতদের দিয়ে একটি গেং তৈরী করা হয়েছে, যার লক্ষ হচ্ছে- বিশ্বময় ছড়ানো ছোট ছোট ইন্ডাষ্ট্রীগুলোকে শক্তির জোরে ধ্বংস করে দেয়া। এতে কর্মরত লাখো শ্রমিকদেরকে বেকার বানিয়ে দেয়া, গরিবদের মুখ থেকে শেষ আহারটুকু পর্যন্ত কেড়ে নেয়া। অতপর গেংটির গায়ে ভদ্রতার সুগন্ধি পোশাক পরিয়ে একে "ডব্লুটিও" বলে নাম দেয়া হয়েছে।

এটা এমনই এক নিষ্ঠুর ও দয়াহীন সংস্থা যে, এর অধিকাংশ অত্যাচারের প্রতিক্রিয়াই গরিব, অসুস্থ্য আর দুর্দশাগ্রস্থ মানুষের উপর গিয়ে পড়ে। কেননা, এর প্রধান প্রক্রিয়াগুলো কৃষি, স্বাস্থ্য এবং শিক্ষাকেন্দ্রিক হয়ে থাকে।

"ডব্লুটিও"এর প্রতিক্রিয়াগুলো মুসলিম বিশ্বে প্রকাশ হতে শুরু করেছে। সর্বপ্রথম টেক্সটাইল মিলগুলো এর শিকারে পরিণত হচ্ছে। আমদানী-রপ্তানীতে ভাটা পড়তে শুরু করেছে।

Human Resources...

অন্যান্য বিষয়ে কর্তৃত্ব প্রতিষ্ঠার পাশাপাশি ইহুদীরা শত্রুপক্ষের মেধাবী লোকগুলোকেও অকেজো করে দিচ্ছে অথবা স্বদেশে ডেকে নিয়ে তাকে নিজেদের কাজে ব্যবহার করছে।

সে চায় জ্ঞানী হোক বা বুদ্ধিজীবী। ইহুদীরা প্রত্যেক ঐ ব্যক্তির উপর গভীর দৃষ্টি রাখে, যারা মস্তিস্কযোগ্যতার অধিকারী হয়। পক্ষান্তরে যেসকল মেধাকে তারা ক্রয় করে নিতে অপারগ হয়, তাদেরকে তারা হত্যা করে ফেলতে চায়। বর্তমান সময়ে আলেমদেরকে ব্যাপকভাবে হত্যার বিষয়টি এরই ধারাবাহিকতার অংশবিশেষ।

দাজ্জাল এবং সামরিক শক্তি...

বিশ্বের সবচে' ভয়ানক অস্ত্রগুলো বর্তমানে ইহুদীদের হাতে বিদ্যমান। এ বিষয়ে তারা ব্যাপক গবেষণা চালিয়ে যাচ্ছে। তন্মধ্যে সবচে' মারাত্মক হচ্ছে জীবাণূ অস্ত্র (Biological Weapons)। এটা তৈরী করতে "বিডস" BIDS (Biological Integrated Detection System) নামক মেশিন ব্যবহৃত হয়। তাদের বর্তমান গবেষণা হচ্ছে এমন একটি অস্ত্র তৈরী করা, যা বিশেষ বিশেষ মানুষের উপর প্রতিক্রিয়াশীল হবে।

